বিদ্যামন্দির পত্রিকা

২০১৭-১৮

রামকৃষ্ণ মিশন

বিদ্যামন্দির পত্রিকা
২০১৭-১৮

বিদ্যামন্দির পত্রিকা ২০১৭-১৮

VIDYAMANDIRA PATRIKA 2017-18

आत्मनो मोक्षार्थं जगद्धिताय च

রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির

(কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে একটি আবাসিক স্বশাসিত কলেজ)

বেলুড় মঠ, হাওড়া-৭১১২০২

Ramakrishna Mission Vidyamandira

(A Residential Autonomous College affiliated to Calcutta University)

Belur Math, Howrah-711 202 • Phone : 2654-9181/9632

Website : www.vidyamandira.ac.in • e-mail : vidyamandira@gmail.com

প্রকাশক ঃ স্বামী দিব্যানন্দ
সম্পাদক, রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির
বেলুড় মঠ, হাওড়া-৭১১২০২

মুখ্য সম্পাদক ঃ অধ্যাপক দুর্গাশঙ্কর চক্রবর্তী

পত্রিকা উপসমিতির সদস্যবৃন্দ ঃ

সুব্রত রায়চৌধুরী, প্রিয়ব্রত ঘোষাল, সুদীপ ভট্টাচার্য্য, শামিম আহমেদ, সন্দীপন সেন, দীপঙ্কর মল্লিক, শুভঙ্কর রায় (বাংলা), সৈয়দ শাহিদ রিয়াজ, বিপ্লব কোটাল, অঞ্জন দাস, প্রসেনজিৎ বিশ্বাস, অসীম কুমার চৌধুরী, গোপাল চন্দ্র বাইন, রাজেশ কর্মকার, অরিন্দম রায়, সাগর বিশ্বাস, অভিনব সিন্‌হা, সৌগত মিত্র, অর্ণব সাধুখাঁ, পুষ্পজিৎ হালদার, অনির্বাণ সামন্ত, তপন কুমার ঘোষ (আমন্ত্রিত)

প্রকাশ ঃ ১৩ই এপ্রিল ২০১৮

প্রচ্ছদ পরিকল্পনা ঃ অধ্যাপক সুব্রত রায়চৌধুরী

ISSN No. 2321-9076

মুদ্রক ঃ সৌমেন ট্রেডার্স সিণ্ডিকেট, ৯/৩, কে. পি. কুমার ষ্ট্রীট, বালি, হাওড়া
দূরভাষ ঃ ২৬৫৪-৩৫৩৬

সম্পাদকীয়

সময়ের হাত ধরে আমরা এগিয়ে চলেছি একুশের এক একটি বছর। সেই অগ্রগতির পথরেখায় নানা বর্ণে, নানা রঙে আমাদের ভাবনা-চিন্তা, মন-মনন, ঐতিহ্য-সংস্কৃতি বদলে যেতে থাকে। এই বদলটাই স্বাভাবিক। আমাদের সৃষ্টির ভুবন কত ভাবনার অনুভূতিতে সব সময় বহুরঙা প্রজাপতির মত বৈচিত্র্যপূর্ণ হয়ে ওঠে। সেই বৈচিত্র্যের বর্ণবৈভবে সাজানো রয়েছে আমাদের মননের সাজঘর। বিদ্যামন্দির পত্রিকা আমাদের সন্ন্যাসী-ব্রহ্মচারী-শিক্ষক-শিক্ষাকর্মী-ছাত্রদের নির্মাণ-স্বাতন্ত্র্যের এক অভিনব আয়োজন।

একাধিক স্নাতকোত্তর বিভাগ, এম.ফিল., পিএইচ.ডি. ডিগ্রি গবেষণার ক্ষেত্রভূমি এই বিদ্যামন্দির যেন প্রাচীন ভারতীয় তপোবন ও পাশ্চাত্য বিজ্ঞান-সভ্যতা-সম্পৃক্ত জ্ঞানদীপ্ত এক প্রতিষ্ঠান। স্বামী বিবেকানন্দের স্বপ্নসৌধ এই শিক্ষাপ্রতিষ্ঠান বঙ্গের ভূখণ্ড ছাড়িয়ে বিশ্বের আঙিনায় পৌঁছানোর কৃতিত্ব অর্জন করেছে। অত্যন্ত গৌরবের বিষয় হল, এবছর (২০১৮ সাল) National Institutional Ranking Framework (NIRF)-এর বিচারে ডিগ্রি কলেজ বিভাগে বিদ্যামন্দির সর্বভারতীয় ক্ষেত্রে নবম এবং পশ্চিমবঙ্গে প্রথম স্থান অর্জন করেছে।

রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দিরের মুখপত্র হল বিদ্যামন্দির পত্রিকা। এই পত্রিকার বিষয় গৌরব ভিন্ন মন-মেজাজের পরিচয় বহন করে। বাংলা, ইংরাজি ও সংস্কৃত ভাষায় পত্রিকার লেখাগুলি বিন্যস্ত হয়েছে।

বাংলা বিভাগে কবিতা, প্রবন্ধ, গল্প, নাটক, ভ্রমণকাহিনিতে ভরপুর এই পত্রিকার বিষয় বহু বৈচিত্র্যমুখী। সাতটি কবিতা, বেশ কয়েকটি মূল্যবান প্রবন্ধ, তিনটি গল্প ও দুটি ভ্রমণকাহিনি এই পত্রিকার নিজস্ব নির্মাণশৈলীতে অনন্যসাধারণ। তিনটি ভিন্ন স্বাদের নাটক পত্রিকাকে সমৃদ্ধ করেছে।

দশটি ইংরাজি রচনা এই পত্রিকার কৌলীন্য বৃদ্ধি করেছে। অধ্যাপক বীরেন্দ্র সিং চৌহান ও অধ্যাপক ধীরেন্দ্র পাল সিং-এর Convocation Address নিঃসন্দেহে ঝিনুকে মুক্তোর মতো অলংকৃত করার দাবি করে।

সংস্কৃত বিভাগের লেখাগুলি ক্লাসিক শব্দ সংযোজনায় রস-সৃজনের চমৎকার অনুভূতিতে সহৃদয় হৃদয়সম্বাদী পাঠকের চিত্তমুকুরে প্রতিবিম্বিত হওয়ার দাবি রাখে। এ পত্রিকার এই ছয়টি মূল্যবান লেখা নিঃসন্দেহে বিদ্যামন্দিরের দৃষ্টিকোণকে চিনিয়ে নেবার অন্যতম স্মারকচিহ্ন হয়ে উঠবে।

বিদ্যামন্দির পঁচাত্তর বছর পেরিয়ে স্বাভাবিক ছন্দে এগিয়ে চলেছে শতবর্ষের গন্তব্যের পথে। কর্মে-সাধনায়-সৃজনে-গবেষণায় এক আলোর পথের দিশারী এই মহাবিদ্যালয়, বর্তমানে যা একটি বিশ্ববিদ্যালয়-কল্প হয়ে উঠেছে। বিদ্যামন্দির পত্রিকার এই সৃজন উৎসবে যে সকল মনন-ঋদ্ধ রচনা প্রকাশিত হয়েছে তাতে কোন অনিচ্ছাকৃত ত্রুটি থেকে গেলে তার জন্য আমরা ক্ষমাপ্রার্থী। বিদ্যামন্দিরের অধিদেবতার কাছে বিনম্র প্রার্থনা—এই সর্বাঙ্গীন কর্মপ্রয়াস নদীর স্রোতধারার মত চিরচলিষ্ণু হয়ে থাকুক।

সূচীপত্র

সম্পাদকীয়

বাংলা বিভাগ

কবিতা

মায়ের প্রতি	নিত্যানন্দ নস্কর	১
যন্ত্রের জীবন	শৌভিক সিংহ	২
হপ্তার পাঁচালী	উজ্জ্বল মণ্ডল	২
তবুও কাঁদে কেন	অমিত আইচ	৩
মঙ্গলচিহ্নেরা	মইজুদ্দিন মোল্লা	৪
একশো বছর পরে	অঙ্কন রায়	৬
ফরমুলা To ফেমাস	সৈকত হালদার	৮

প্রবন্ধ

বিশ্বায়ন ও কিছু দার্শনিক প্রসঙ্গ	অরূপ কুমার ধবল	৯
শিক্ষার আলোকে স্বামী বিবেকানন্দ	সন্তু কান্ডার	১৩
দর্শন কী এবং কেন?	সৌভিক দত্ত	১৬
শ্রীমদ্ভগবদ্গীতাতে নবধাভক্তি	সৌমেন অধিকারী	১৯
ভাষা আন্দোলন ঃ ইতিহাস ও প্রয়োজনীয়তা	সৌরভ দাস	২৪
কবিতায়' ২১	সুদীপ্ত দে	২৭
বহুভাষিক রাষ্ট্রে মাতৃভাষা চর্চা	শঙ্কর মণ্ডল	৩১
কান্টের ভাবনায় পরার্থ-দর্শন	সৌমেন পাল	৩৪

গল্প

সম্মান-অসম্মান	শুভঙ্কর ঘোড়ুই	৩৮
'বর্ণপরিচয়'	সুরজিৎ দাস	৪৩
গাঁইতি	শুভম সরেন	৪৮

নাটক

সম্ভবামি যুগে যুগে	স্বামী শাস্ত্রজ্ঞানন্দ, সৌম্যদীপ দাস	৫১
কল্পশব্দদ্রুম!	অর্করূপ গঙ্গোপাধ্যায়	৭৫
রাখহরি ফিল্ম কর্পোরেশন	ছান্দস ভট্টাচার্য	৮৯

ভ্রমণকাহিনি

সবুজ পাহাড় ডাকে	অর্ণব সাধুখাঁ	১০০
শ্রীক্ষেত্র ভ্রমণ	নীলাদ্রি শেখর চক্রবর্ত্তী	১০২

ENGLISH SECTION

The 'Congress Exhibition' of Calcutta, 1901 & 1906	Prithwiraj Biswas	১০৫
BOLSHEVISM AND UNREST IN THE INDIAN LABOUR WORLD	Debasis Pal	১১০
Sister Nivedita : The Cauldron of Patriotism	Spandan Banerjee	১১৬
The Wavy Puri	Arkaprabha Adhikari	১১৯
Modern Science and Ancient Indian Culture	N.V.V.J. Swamy	১২১
Hey Ram : Gandhi & India Today	Dipanjan Muhuri	১২৯
Penetration Testing Methodology	Sourav Chabri	১৩৩
Speed of Light	Sudarshan Sarkar	১৩৫
Fourth Convocation Address on 10 December 2016	Prof Virendar Sing Chauhan	১৩৮
5th Convocation Address on 8th December 2017	Prof Dhirendra Pal Singh	১৪১

संस्कृत विभाग:

श्रीजीवगोस्वामिपाददिशा श्रीभगवत्स्वरूपपर्यालोचनम्	ड. हरेकृष्ण पट्टजोशी	১৪৫
'ध्रुवमपायेऽपादानम्' इति सूत्रे ध्रुवग्रहणतात्पर्यम्	असीमरुइदास:	১৫৫
श्रीरामकृष्ण-विवेकानन्दयो: निवेदिता	सौभिकविश्वास:	১৬১
"समासे श्रीबुद्ध:"	सिद्धार्थ:वैराग्य:	১৬৩
सार्धशततमजन्मवर्षे भगिनी निवेदिता	श्रेयान् वन्दयोपाध्याय:	১৬৪
भारतीयनाट्योत्पत्तिविषयकपर्यालोचनम्	अर्घ्य-गुप्त:	১৬৭
अवस्थात्रयविचार:	बाप्पा राजवंशी	১৭০
"संङ्कृतम्" - यत्र मातृभाषा	भास्करच्याटार्ज्जिन:	১৭৩
रूपकालंकारस्वरूपविमर्श:	सन्दीपजाना	১৭৫

অমৃতকথা ঃ শ্রীরামকৃষ্ণ

সংসারী লোকেরা যখন সুখের জন্য চারিদিকে ঘুরে ঘুরে বেড়ায়, আর পায় না, আর শেযে পরিশ্রান্ত হয় ; যখন কামিনীকাঞ্চনে আসক্ত হ'য়ে কেবল দুঃখ পায়, তখনই বৈরাগ্য আসে, ত্যাগ আসে। অনেকের ভোগ না করলে ত্যাগ হয় না। ... কিন্তু কি ভোগ সংসারে করবে? কামিনী-কাঞ্চন ভোগ? সে ত ক্ষণিক আনন্দ! এই আছে, এই নাই! ...

কেউ কেউ আমাকে জিজ্ঞাসা করে, 'মশায়, ঈশ্বর কেন এমন সংসার করলেন? আমাদের কি কোনও উপায় নাই?' আমি বলি, উপায় থাকবে না কেন? তাঁর শরণাগত হও, আর ব্যাকুল হ'য়ে প্রার্থনা কর, যাতে অনুকূল হাওয়া বয়,—যাতে শুভযোগ ঘটে। ব্যাকুল হ'য়ে ডাকলে তিনি শুনবেনই শুনবেন। ...

যারা অজ্ঞান, ঈশ্বরকে মানে না, অথচ সংসারে আছে, তারা যেন মাটির ঘরের ভিতর বাস করে। ক্ষীণ আলোতে শুধু ঘরের ভিতরটি দেখতে পায়! কিন্তু যারা জ্ঞান লাভ করেছে, ঈশ্বরকে জেনেছে, তারপর সংসারে আছে, তারা যেন শার্সির ঘরের ভিতর বাস করে। ঘরের ভিতরও দেখতে পায়, ঘরের বাহিরের জিনিসও দেখতে পায়। জ্ঞান-সূর্যের আলো ঘরের ভিতরে খুব প্রবেশ করে। সে ব্যক্তি ঘরের ভিতরের জিনিস খুব স্পষ্টরূপেদেখতে পায়,—কোন্‌টি ভাল, কোন্‌টি মন্দ, কোন্‌টি নিত্য, কোন্‌টি অনিত্য।

ঈশ্বরই কর্তা আর সব তাঁর যন্ত্রস্বরূপ।

(শ্রীশ্রীরামকৃষ্ণ কথামৃত)



The Presidents of the Ramakrishna Math and Ramakrishna Mission

Swami Brahmananda
(1901–1922)



Swami Shivananda
(1922–1934)

Swami Akhandananda
(1934–1937)

Swami Vijnanananda
(1937–1938)

Swami Shuddhananda
(1938–1938)

Swami Virajananda
(1938–1951)

Swami Shankarananda
(1951–1962)

Swami Vishuddhananda
(1962–1962)

Swami Madhavananda
(1962–1965)

Swami Vireshwarananda
(1966–1985)

Swami Gambhirananda
(1985–1988)



Swami Bhuteshananda
(1989–1998)



Swami Ranganathananda
(1998–2005)



Swami Gahanananda
(2005–2007)



Swami Atmasthananda
(2007–2017)

Swami Smaranananda
(20017–)

কবিতা

মায়ের প্রতি

নিত্যানন্দ নস্কর
স্নাতকোত্তর বাংলা, প্রথম বর্ষ

মাগো, আমরা তোমার দামাল ছেলে—হট্টগোলের রাজা।
তাই বলে কি মুখ ফিরিয়ে দেবে মোদের সাজা?
ওমা সত্যি বলো
ওমা সত্যি বলো, এইবেলাতে আমরা কি পর হবো?
তুমি যদি দূরে ফেলো; কার কাছে আর যাবো?
জানি দুষ্টু মোরা
জানি দুষ্টু মোরা, অবোধ অতি, খেয়াল-খুশি চলি—
অজ্ঞানতার বশে তোমায় নানান কথা বলি।
তুমি তাই বলে কি!
তুমি তাই বলে কি, নির্বোধদের রাখবে দূরে ঠেলে!
হতে পারি দুষ্টু—তবু আমরা তোমার ছেলে।
মাগো নাইবা হলাম
মাগো নাইবা হলাম—তোমার রাখাল, শরৎ, শশী, যোগীন—
তা বলে কি দেখবো নাকো ভবপারের সুদিন?
ওমা তাই তো বলি
ওমা তাই তো বলি, আমরা সবাই তোমার কৃপাবলে—
মহাকালকে জয় করবো আজব রণ-কলে।
তুমি কৃপা করো
তুমি কৃপা করো ওমা উমে—ওগো মা শঙ্করী
এই অভাগা দুর্জনেরা তোমার পায়ে পড়ি।
ওমা এই মিনতি
ওমা এই মিনতি—সূর্য যখন যাবে অস্তাচলে—
আমরা যেন ঠাঁই পাই মা, তোমার নীরব কোলে।

আমরা যেন ঠাঁই পাই মা...

যন্ত্রের জীবন

শৌভিক সিংহ
স্নাতকোত্তর বাংলা, প্রথম বর্ষ

পুকুরের পাশে থাকা পুঁই গাছটা গন্ধ হারিয়েছে পাঁকের কাছে,
থামছে না ঝড়, উড়ছে ধুলো, বিষাক্ত বাতাস
ঢুকছে নাকে, কষ্ট হচ্ছে,
বোধহয় জীবন থামবে এখানেই...।
এত অল্পতেই শেষ, পারবে তাহলে কে!
সূর্যের কাছে ভ্রমরের মতো এক টুকরো মেঘটাকে সরাতে।
ঘুমিয়ে আছে আজও ওরা, পারছে না কাঁদতে হাসতে,
ছটকাচ্ছে শুধু যন্ত্রণায়,
বিষাক্ত বাতাস নিতে পারছে না
পাষাণ প্রাণ—
তুলে দিতে পারি না বিশুদ্ধ জল এক ফোঁটা
তৃষ্ণার্ত শিশুর মুখে?
জীবন যন্ত্র, জীবন ব্যস্ত, জীবন যন্ত্রণার
কি করে ফুটবে সকালের পদ্ম
তুলে নেবে কারা চোখ ভেজা শিশুদের?
নাকি আজও মেঘটুকু আটকে থাকবে সূর্যের কাছে।

হপ্তার পাঁচালী

উজ্জ্বল মণ্ডল
স্নাতক বাংলা, তৃতীয় বর্ষ

সোমবার আসে জ্বর শরীরটা টনটন,
ইস্কুলে যেতে তাই দমে যায় মনটন।
মঙ্গলে বল দেখি পেট কেন কামড়ায়?
আগুনের ছ্যাঁকা কেউ দেয় বুঝি চামড়ায়।
বুধবারে কাশ এসে কী ভীষণ পাকড়ায়
পাঁজরের হাড়গুলো প্রাণপণে ঝাঁকড়ায়।
বেস্পতি এলে জানি চমকাবে শ্রীচরণ
চুন আর হলুদের তখনিত নিই স্মরণ।
শুক্কুরে মাথাঘোরা রীতিমতো কষ্ট,
ইস্কুলে যাওয়া নেই জলবৎ পষ্ট।
শনিবারে হাফদিন, না গেলেও চলে যায়,
এইসব ভেবে শেষে বাড়ি থাকি নিরুপায়।
রোববারে শেষ হয় হপ্তার পাঁচালী,
হাসিমুখে বলি তাই, এযাত্রা বাঁচালি।

তবুও কাঁদে কেন

অমিত আইচ
স্নাতকোত্তর বাংলা, প্রথম বর্ষ

দেওয়া হয়েছে তাদের হাজারও সুবিধা,
এগিয়েছেও তারা অনেক,
সাথে সাথে পা মিলিয়ে হেঁটেছে
অনেক রাস্তা।
হাঁটতে হাঁটতে ক্ষয়ে গেছে তাদের জুতোর তল।
দেওয়া হয়েছে তাদের হাজারও সুবিধা,
জয়ীও হয়েছে তারা
তবুও একাকী, ঘরের দরজা দিয়ে নিভৃতে
তারা কাঁদে কেন
আজো?

“ভয় কি বাবা, মনে ভাববে আর কেউ না থাক, আমার একজন ‘মা’ আছেন।”

—শ্রীমা সারদা

মঙ্গলচিহ্নেরা

মইজুদ্দিন মোল্লা
স্নাতক বাংলা, তৃতীয় বর্ষ

সেই সব আকাশ
সেই সব বাতাসের সমুদ্র কোলাহল
ভৃঙ্গরোল যত বনের
কুয়াশার ভিতর দিয়ে ধীরে ধীরে কোথায় গিয়েছে মিশে
পৌষের বিনিদ্র তারাদের ভালোবেসে সেই সব মানুষের
শখ
ঠেকেছে কোথায়
শঙ্খচিলের মতো বিছিয়ে রেখে চোখ?

আমি দেখেছি তাদের মনে হয় কোনো একদিন
কোনো এক সন্ধ্যার মাঠে
শ্যামলীর ঘাটে তাদের আসা যাওয়া
শুনেছি গল্প কত
কত অরিত্র বাওয়া মাঝিদের হাঁক গেছে খেলে
ডান মেলে উড়ে গেছে দাঁড়কাক।

আমি জানি, আমিও তাদের সাথে
হাতে হাত রেখে ঘুরে গেছি কত পৃথিবীর পথ
কত আকাশ গেছি ফেলে আকাশের ওপারে
বিষণ্ণ দুপুরে
ভেঙে গেছি কত জীবনের স্রোত।

আজ এখানে;
এই ভাগীরথীর তীরে ঘুম থেকে উঠে দেখি
চোখের ভিতর থেকে চলে গেছে তারা।
পাগলপারা করে যারা রেখেছিল গানে

মনে মনে সন্ধি এঁটে
কোন্ আকাশ কোন্ জ্যোতিষ্কজগতে গেছে হেঁটে?

পরাহত ঘোড়ার মতো ছায়াদের মৃত্যু দেখে
ধান ঝরা হেমন্ত রাতে স্বপ্ন মরে গেছে কি তবে
প্রেম বুঝি ফুরিয়ে যায়?
আদিগন্ত স্বপ্নের অভিযাত্রায় হৃদয় তবু থাকে
হৃদয়কে ভালোবেসে তাই

শোনো বন্ধু;
তোমার জন্য, শুধু তোমার জন্য
আমার অনেকবার মৃত্যু এসেছে
অনেকবার কম্পিত আলোর সাগর জোয়ার তুলেছে চোখে
শায়িত ঝিনুকের সাথে ডুবেছে প্রাণের ঢেউ
আছে কি কেউ বাক্‌হারা মুখে ভাষা দেবার?
আমি জানি,
রিক্ততার এই সংসারে তোমার কাছেই আছে মুক্তির চাবি
আছে ফসলের অফুরান পাহাড়।

তাই বলি শোনো;
সব আশা
সব সান্ত্বনার শেষে
নক্ষত্র জ্বলিত আকাশ যদি অন্ধ হয়ে আসে
বন্ধ হয়ে যায় যদি দেবতার চোখ,
তবে শূন্যতার উপহাসে মশাল জ্বালিয়ো তোমার।
দ্বীপাতীত নাবিকের দুরন্ত আহ্বানে
স্রোতের বিপক্ষশায়ী মঙ্গলচিহ্নেরা জেগে উঠুক
তেড়ে উঠুক দুর্নিবার ঝড়ে
সমস্ত আঁধার, সমস্ত ক্রান্তিবলয় ছিঁড়ে
দীপ্ততার অমোঘ সন্ধানে।

একশো বছর পরে

অঙ্কন রায়
স্নাতক বাংলা, প্রথম বর্ষ

(১)

ফুটপাতে কুঁকড়ে আছে একটা মাথা;
শূন্য জঠর।
বছর দশের দুটো জীর্ণ হাত
মুক্তির আকুতি জানায় প্লেগের দণ্ড থেকে।
এগিয়ে আসে শ্বেতাঙ্গীর দুটো কোমল হাত—
কে এই প্রবাসী অপরিচিতা?

(২)

পর্দার আড়ালে বালিকা এখন বন্দি,
ফুটফুটে তার চেহারা, নরম তার মন।
শিক্ষালাভে সমাজ তাকে ঘোষণা করেছে অযোগ্যা।
বালিকার বাড়ি পৌঁছে গেলেন ভিনদেশি, হাতে সাহসের আলো...
একে একে ছিঁড়ে গেল সব পর্দাগুলো।

(৩)

দেশ পরাধীন,
জেগে উঠছে বিপ্লব তার শিরায় শিরায়,
রক্ত জোগাচ্ছেন এক ইউরোপীয় কন্যা।
ভেঙে পড়ল সাম্রাজ্যবাদের মিথ্যা দম্ভ-প্রাচীর।
হাতে হাত রেখে সঙ্গে আসছে 'ভগিনী',
যেন অস্ত্র হাতে এগিয়ে আসা রাগিণী।

(৪)

পাশ্চাত্যের ঝড় বইছে প্রবল বেগে—
ভারতবর্ষী ভাবনাগুলো খুব ক্লান্ত,
সমুদ্রের ওপার থেকে নতুন প্রেরণা এল;
দেশের ক্ষীণ প্রদীপ জ্বলে উঠল আবার—
সে ভিনজাতির এক ভারতীয়া।

(৫)

এদেশ তোমাকে চিনবে অনেক পরে!
হয়ত দেড়শো বছর লেগে যাবে—
তারপর...
সমারোহে সেদিন পালন হবে তোমার জন্মদিন,
তোমাকে নিয়ে তোলপাড় হবে শিক্ষা-মহল,
তর্ক চলবে ঢের,
পরদিন কাগজে ছাপা হবে সেই খবর।
সেই কাগজ,
যেখানে পাতায় পাতায় মুদ্রিত হয়—
নির্যাতন আর দুর্নীতি,
পাঠকের মনে আঁচড় কাটে কষ্ট আর হতাশা।

“যদি শান্তি চাও, মা, কারো দোষ দেখো না, দোষ দেখবে নিজের। জগতকে আপনার করে নিতে শেখো। কেহ পর নয় মা, জগত তোমার।”

—শ্রীশ্রীমা সারদাদেবী

ফরমুলা To ফেমাস

সৈকত হালদার
স্নাতক বাংলা, তৃতীয় বর্ষ

চুপ! যত সত্যি কথা। ঢাকনা দিয়ে রাখনা।
স্বচ্ছ জলে মরছে কারা? মেলছে কি পাখি পাখনা?
থাক্। যত মিথ্যে বাক্য। ফলিত জ্যোতিষ চর্চা।
অল্প স্বল্প জল মিশিয়ে নিখুঁত স্মৃতির কড়চা।

রাখ্ স্মৃতি-শ্রাদ্ধটুকু। অতল ভরসা নিবি।
পিচ্ রাস্তায় নতুন প্রোডাক্ট! 'আমরা বুদ্ধিজীবী'।
রূপ! সারা মিছিল জুড়ে। বিপ্লব থেকে ধরনা।
জ্ঞানের আলোয় নিভছে প্রদীপ। অহংমত্ত ঝরনা।

তফাৎ? সে কি কাব্য কলায়! কিসের বুদ্ধিজীবী?
বুদ্ধির ঝোড়া দূষণ ছড়ার ভ্রান্ত পথের দাবি।
হোক-যত চিত্ত শুদ্ধি বুদ্ধি কোথায় তার?
জ্বলছে তথ্য শহর সিক্ত। এ কোন্ অহংকার?

দাও যত অস্ত্র-শস্ত্র কামান-পরমাণু।
এসব প্রোডাক্ট ধ্বংস করি বীভৎস জীবাণু।
থাক যত লোক দেখানো মিথ্যে কথার ছবি।
বুদ্ধি দিয়ে চোখ ঢাকিয়ে ফেমাস্ ভণ্ডজীবী।

"চরিত্রই প্রকৃত শক্তি, আধ্যাত্মিকতার অর্থ সেই চরিত্রশক্তি অর্জন করা।"

—স্বামী বিবেকানন্দ

প্রবন্ধ

বিশ্বায়ন ও কিছু দার্শনিক প্রসঙ্গ

অরূপ কুমার ধবল
সহকারী অধ্যাপক, দর্শন বিভাগ, রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির

প্রকৃতিগত ভাবেই মানুষ হল সামাজিক জীব। সমাজকে বাদ দিয়ে কোন মানুষই এক মুহূর্তের জন্য তার নিজের অস্তিত্ব রক্ষা করতে সক্ষম হয় না। বহু পথ অতিক্রম করে আজ আমরা যে সমাজে বসবাস করছি, তা কিন্তু একদিনে তৈরি হয়নি। বিবর্তনের এক দীর্ঘ পথ অতিক্রম করে আজ আমরা সভ্যতার যে জায়গায় এসে দাঁড়িয়েছি, তার জন্য আমরা গর্ব অনুভব করি; কেননা আমরা এই সত্যটা জানি যে, পৃথিবীর বয়সের সঙ্গে তুলনায় পৃথিবীতে মানুষের আবির্ভাব খুব বেশি দিনের ইতিহাস নয়। প্রায় আড়াই লক্ষ বছর ধরে মানুষ পৃথিবীতে বসবাস করছে। এই সময়ের মধ্যেই মানুষ তার জীবনে এনেছে এক বৈপ্লবিক পরিবর্তন, যা তার সমাজ ও সভ্যতাকে এক দৃঢ় ভিত্তির ওপর স্থাপন করেছে।[১]

একদল হাতিয়ারহীন, শিল্পকলাজ্ঞানহীন যূথবদ্ধ আদিম মানুষ তার কঠিন পারিপার্শ্বিকের সাথে অবিরত সংগ্রাম করতে করতে ক্রমশ এগিয়ে এসেছে সভ্যতার দিকে। এখন আমরা বিখ্যাত নৃতাত্ত্বিক মর্গ্যান সাহেবকে অনুসরণ করে এই সভ্যতার আদিপর্ব থেকে সভ্যপর্ব পর্যন্ত বিভিন্ন বিকাশের স্তরগুলি আলোচনা করবো। সমাজবিকাশের এই ধারাটিকে তিনি তিনটি পর্বে বিভক্ত করেন। এই পর্বগুলি হল যথাক্রমে—বন্যযুগ (Savagery), বর্বরযুগ (Barbarism) এবং সভ্যযুগ (Civilization)। তাঁর মতে, প্রথম দুটি পর্ব জীবনোপকরণ উৎপাদনের অগ্রগতি অনুযায়ী নিম্নতম ও মধ্যবর্তী স্তর এবং শেষ স্তরটি হল উচ্চতম স্তর।

মানবজাতির শৈশব অবস্থা হল এই নিম্নতম স্তরটি। এই অবস্থায় মানুষ বসবাস করত বনভূমিতে। এসময় তার সবথেকে নিকট প্রতিবেশী ছিল সকল প্রকার বৃহদাকার হিংস্র জন্তু। এদের হাত থেকে বাঁচার জন্য মানুষকে সেই সময় বাস করতে হত গাছের ওপর। আর দ্বিতীয় বাঁচার উপকরণ হল খাদ্য, যা ছিল কেবলমাত্র ফল-মূল। তবে মর্গ্যান সাহেবের মতে, এই পর্বের সবচেয়ে বড় দান হল, পৃথকোচ্চারিত ভাষার ব্যবহার করতে শেখা। তবে একথা মেনে নিতে হবে যে, এই পর্বের কোন ঐতিহাসিক সত্যতা নেই। কিন্তু মানব সভ্যতার বিকাশ যে একদিনে হয়নি, সে ব্যাপারে দ্বিমত থাকা উচিত নয়। আর তা যদি সত্য হয়, তবে আমাদের যৌক্তিক ভাবে মেনে নিতে কোন বাধা নেই যে, এমন একটা অবস্থা একদিন ছিল যা সম্ভবত হাজার হাজার বছর ধরে চলেছিল।

এরপরের স্তরটি হল 'মধ্যবর্তীস্তর'। এ অবস্থায় মানুষ প্রথম জলজ জীবকে খাদ্য হিসাবে ব্যবহার করতে শেখে। এই জলজ জীবের মধ্যে রয়েছে মাছ, কাঁকড়া, শামুক এবং অন্যান্য আরও কিছু জীব। আগুনের ব্যবহারও এই স্তরেই শুরু হয়। মর্গ্যানের মতে, মাছ ও আগুন হল পরস্পরের পরিপূরক; কেননা একমাত্র আগুনের সাহায্যেই মাছ পূর্ণমাত্রায় খাদ্য হিসাবে ব্যবহারের যোগ্য হয়। নদীর গতিপথ এবং সমুদ্রের উপকূল ধরে মানুষ আস্তে আস্তে ছড়িয়ে পড়ল পৃথিবীপৃষ্ঠের বিভিন্ন অঞ্চলে। অজানাকে জানার এবং অচেনাকে চেনার এক প্রয়াস এখান থেকেই শুরু হল। অপার বিস্ময়ে নীল নদীর জলের দিকে তাকিয়ে হয়তো সেদিনই মানুষ প্রথম ভেবেছিল, ওপারে কী রয়েছে?[২]

এই বিস্ময়কেই সামনে রেখে মানুষের গতিপথ আরো এগিয়ে চলল সামনের দিকে। আর এক স্তরের উত্তরণ ঘটলো, যা আগের স্তরগুলিকে ছাপিয়ে গেল। এই সময় শিকার হল তার স্বাভাবিক পেশা। এই পর্বেই মানুষ তীর-ধনুকের প্রথম ব্যবহার শিখলো। কি শ্রম ও ধৈর্যের পরিচয় সেদিন সে মানুষগুলি দিয়েছিল, আজ এতযুগ পরেও আমরা তা অনুমান করতে পারি। এই পরিবর্তন মানুষকে বেঁচে থাকার রসদ সেদিন যুগিয়েছিল। এই সময়েই জীবনোপকরণ উৎপাদনের ওপর মানুষের আধিপত্য জন্মে। এই সময়ই মানুষ বিভিন্ন কাঠের জিনিস ও বাসনপত্র, হাতে করে গাছের বাকল থেকে বস্ত্রবয়ন, গাছের ছাল ও শর জাতীয় জিনিস দিয়ে বোনা ঝুড়ি-চুপড়ি এবং মার্জিত পাথরের হাতিয়ার তৈরি করতে শেখে। এ সময়ই গাছের গুঁড়ি থেকে কুঁদে তোলা ডোঙ্গা তৈরিতেও মানুষ পারদর্শী হয়। আর এর মধ্য দিয়েই মানবীয় সভ্যতা চলতে থাকে আপন গতিতে। এই গতি আজও চলছে, স্থির হয়ে যায়নি। চলাই হল জগতের ধর্ম। যাকে আমরা স্থির বলে সাধারণ দৃষ্টিতে দেখছি, তা একদল দার্শনিকের দৃষ্টিতে বা বিজ্ঞানীর দৃষ্টিতে অন্যরকম। যেমন—গ্রীক দার্শনিক হিরাক্লিটাস পঞ্চম শতকে এলিয়াটিকদিগের গতিহীন নিশ্চল সত্তার বিরুদ্ধে পরিবর্তন ও গতির সত্যতা প্রচার করেছিলেন। তাঁর মতে, সমগ্র বিশ্বের প্রতিটি অণু-পরমাণু সতত পরিবর্তনশীল। পরিবর্তনশীলতার ওপর নামই জগৎ। একই রকম চিন্তার পরিচয় আমরা পেয়ে থাকি আমাদের দেশের বৌদ্ধদের মধ্যেও। তাঁদের মতে সবকিছুই ক্ষণিক; স্থায়িত্ব আসলে মনের ভ্রমমাত্র। প্রকৃতপক্ষে প্রতিটি ক্ষণই এক একটি পৃথক সন্তান উৎপন্ন করে এগিয়ে যাচ্ছে অনন্তের দিকে।[৩]

এতক্ষণ পর্যন্ত যে আলোচনা আমরা করলাম, তার মূল সুরটি হল এই যে—পরিবর্তন হল প্রকৃতির আপন স্বভাব। প্রকৃতির প্রতিটি বিষয় কার্য-কারণ শৃঙ্খলে আবদ্ধ। এই শৃঙ্খলের মধ্য দিয়েই সে প্রতিনিয়তই পরিবর্তিত হচ্ছে। আর এই প্রকৃতির নিয়মেই মানুষ ও তার সভ্যতা আজ এমন এক উঠোনে এসে দাঁড়িয়েছে; যেখানে মানুষে-মানুষে, জাতিতে-জাতিতে দূরত্বটা অনেকটাই কমে এসেছে। আজকের বিশ্ব একটা 'বিশ্বপল্লী' (Global Village)-তে রূপান্তরিত হয়েছে। আজ মানুষ দেখেছে এক নতুন বিপ্লব, যা অতীতের সব বিপ্লকে বহু আলোকবর্ষ পিছনে ফেলে এগিয়ে গেছে। এই বিপ্লব হল 'বিশ্বায়ন' বা ইংরেজিতে যাকে বলা হয় 'Globalisation'। ১৯৯০ সালের শুরুতে আমরা এই পদটির সাথে পরিচিত হই। কিন্তু এই পদটি নিয়ে আজও বিতর্কের অন্ত নেই। তবে তার এক স্বাভাবিক সংজ্ঞা দিতে গিয়ে বলতে পারি—"...the term "Globalisation" is used to characterize the planet wide integrative and disintegrative process in the spheres of economy, politics and culture, as well as anthropogenic environmental changes, which are formally universal and essentially important for the entire world community."[৪]

এই উপরের সংজ্ঞা থেকে এটুকু স্পষ্টভাবে বোঝা যায় যে, বিশ্বায়নের প্রভাব সার্বিক। এটি এমন এক বিপ্লব, যা আজকের মানবীয় সভ্যতার অর্থনৈতিক, রাজনৈতিক এবং সাংস্কৃতিক সকল ক্ষেত্রগুলিকে গভীরভাবে স্পর্শ করে। শুধু তাই নয়, এই বিপ্লব এমন একধরণের নৃতাত্ত্বিক ও পরিবেশগত পরিবর্তন ঘটায়; যার প্রভাব সারা বিশ্ব সংসারের নিকট যেমন সার্বিক তেমনই গুরুত্বপূর্ণ। সারা বিশ্বব্যাপী এক সামাজিক সম্পর্কের মেলবন্ধন ঘটে এই বিশ্বায়নের ফলে। অবশ্য বিশ্বায়নের আর এক অবস্থানও আছে যা খুবই সংকীর্ণ। এই ক্ষেত্রে সমাজের সামাজিক বিকাশের যে ছবি দেওয়া হয়, সেখানে প্রগতির ইতিহাসের প্রতি কোন নির্দেশ থাকে না। অর্থাৎ, আজ যে সম্পর্ক দেখছি, তা যে এক গভীর বিবর্তনের

ফল; তার প্রতি এক্ষেত্রে কোন দৃষ্টি নিক্ষেপ করা হয়নি। তবে আজ যে বিশ্বায়নের রূপ আমরা দেখছি, তার পরিচয় অনেক আগেই কিছু কিছু চিন্তাশীল মনীষীর লেখার মধ্যে আমরা পেয়ে থাকি। যেমন—Malthus, Kant এবং Marx প্রমুখ চিন্তাবিদ্গণ প্রথম অনুভব করেছিলেন এক বিশেষ বিশ্ব-ধারা (World trends), যা উদ্ভূত হতে চলেছে আগত দিনগুলিতে। তাই এই সকল চিন্তাবিদ্দের আলোচনাতেই প্রথম আমরা বিশ্বায়নের বীজকে অনুভব করি। ইমানুয়েল কান্ট তাঁর সৃজনশীল দার্শনিক জীবনের শেষদিকে ১৭৯৫ সালে একটি অসাধারণ প্রবন্ধ রচনা করেন যার নাম হল "Zumewigen Frieden", বাংলায় যার শিরোনাম দাঁড়ায় "নিরন্তর শান্তি"। এই প্রবন্ধে তিনি স্বাধীন রাষ্ট্র সমূহকে এক মহান রাষ্ট্রসংঘের (U.N.O) সদস্যরূপে উপস্থাপন করেছেন। এখানে তিনি একাধারে ব্যক্তি ও সমাজ জীবনের ক্ষেত্রে সকল রকমের আপেক্ষিকতাবাদ বর্জন করতে চেয়েছেন। তাঁর মতে, আপেক্ষিকতাবাদ বিচারের দৃষ্টিকে অস্বচ্ছ করে। আর এর ফলেই আমরা কোনটি শুভ আর কোনটি অশুভ তা নির্ণয় করতে পারি না।

আবার মার্কস ও এঙ্গেলস দেখিয়েছেন সামাজিক পরিবর্তনের ইতিহাস হল শ্রেণীসংগ্রামের ইতিহাস। আদিম সাম্যবাদী সমাজব্যবস্থায় এই জাতীয় কোন দ্বন্দ্ব ছিল না। উৎপাদন শক্তির পরিমাণ বৃদ্ধির সঙ্গে সঙ্গে সমাজের মধ্যে পরিবর্তন শুরু হয়। সমাজের এই যে পরিবর্তন, যা আজ আমাদের বিশ্বায়নের দোরগোড়ায় এনে তুলেছে; তা কিন্তু আকস্মিক কিছু নয়। এক শক্তি আর এক শক্তিকে পরাভূত করে দ্বান্দ্বিক পদ্ধতিতে অগ্রসর হয়ে করে চলেছে সমাজের অগ্রগতি। আর তারই ফল হল আজকের বিশ্বায়ন।

আজকের দার্শনিকদের মতে রাষ্ট্র কোন বিশালাকার সামুদ্রিক প্রাণীর মতো নয়। অর্থাৎ রাষ্ট্র কোন বিশালাকার প্রতিষ্ঠান নয়; যেখানে সকল রাষ্ট্রীয় ও ধর্মীয় ক্ষমতাকে একজনের হাতে কেন্দ্রীভূত করা হবে। তাই কেন্দ্রীকরণের ঝোঁক আজ কমে এসেছে। আজ সকল ক্ষেত্রেই এক অবাধ স্বাধীনতার দ্বার খুলে দেওয়া হয়েছে। আজ দূর হয়েছে কাছের; অনাত্মীয় হয়েছে আত্মার সম্বন্ধে আবদ্ধ অর্থাৎ আত্মীয়।

এখন এই বিশ্বায়নের জোয়ারের ফলে কি ব্যক্তির স্বকীয়তা বা অনুপমত্ব বলে কিছু থাকবে? এই প্রশ্নের উত্তর আমরা খুঁজবো আর এক দার্শনিকের নিকট, যিনি হলেন 'Theory of Justice'-এর লেখক John Rawls।[৫] তাঁর মতে, ব্যক্তিতে ব্যক্তিতে সম্পর্ক দু-ধরণের হতে পারে। একটি হল চুক্তিভিত্তিক সম্পর্ক এবং অপরটি হল হাইয়ারাকিকাল সম্পর্ক। আমরা জানি টমাস্ হবস্ বলেছিলেন, সভ্যতার এমন এক স্তর ছিল যখন মানুষ ছিল 'কদর্য, বর্বর ও সংক্ষিপ্ত'। প্রকৃতির রাজ্যের এই নৈরাশ্যজনক অবস্থার হাত থেকে নিষ্কৃতি পাওয়ার জন্য মানুষ নিজেদের মধ্যে এক চুক্তি তৈরি করে। অবশ্য এক্ষেত্রে মানুষের 'একাকিত্বে'র উদ্বেগজনক সঙ্কটও একটি কারণ ছিল। তবে এই উদ্বেগের হাত থেকে নিস্তার পাওয়ার জন্য হবস্ ব্যক্তিগত দিকটিকে অস্বীকার করেন। তাঁকে ব্যক্তিগত প্রভুত্ব বিসর্জন দিয়ে অপর একজনের হাতকে শক্ত করে ধরতে হয়েছিল এবং তাকেই সর্ববিধ কর্তৃত্ব দান করতে হয়েছিল। আর, এভাবেই যদি রাষ্ট্রীয় ও ধর্মীয় ক্ষমতাকে একজনের হাতে কেন্দ্রীভূত করা হয়, তবে আমার অনুপমত্ব কীভাবে রাখবো—এই প্রশ্ন আমরা হবস্কেও করতে পারি। অবশ্য এই সামাজিক চুক্তি দিয়ে অপর একটি মতবাদও আমরা পেয়ে থাকি। এই মতবাদের সমর্থক হলেন ফরাসী দার্শনিক রুসো। তাঁর মতে, মানুষের সামাজিক অবস্থা তার প্রাকৃতিক অবস্থারই ফলস্বরূপ। রুসোর সামাজিক চুক্তির উদ্দেশ্য সকলকেই

একত্রিত করা এবং সমান অধিকার ভোগে সমর্থ করা এবং সকলের কর্তব্যের সমতা সাধন করা। আসলে রুসো প্রকৃতির মধ্যে নীতি ও ধর্মের উৎস দেখতে পেয়েছিলেন।

অমর্ত্য সেন তাঁর 'নীতি ও ন্যায্যতা' বইটিতে দেখিয়েছেন যে সপ্তদশ শতাব্দীর চিন্তাবিদ্ টমাস্ হবস্ একটা ধারার নেতৃত্ব দিয়েছিলেন এবং রুসোর মত দিকপাল্ তাত্ত্বিক এই ধারার অনুসরণ করে কীভাবে সমাজের ন্যায্য বিধিব্যবস্থা তৈরি করা যায়, তারই চেষ্টা করেছিলেন। অধ্যাপক সেন এই পদ্ধতির নামকরণ করেন 'সর্বশ্রেষ্ঠান্বেষী প্রাতিষ্ঠানিকতাবাদ' (Transcendental Institutionalism)। এই তত্ত্বের প্রধান লক্ষ্যই হল আদর্শ প্রতিষ্ঠানগুলিকে চিহ্নিত করা। আর তা করতে পারলে সর্বশ্রেষ্ঠের অন্বেষণ সফল হবে। অমর্ত্য সেনের মতে এই সকল সর্বশ্রেষ্ঠ প্রতিষ্ঠানের সন্ধানী তাত্ত্বিকেরা কিন্তু অনেক সময়ই সমাজের পক্ষে উপযোগী আচরণ কেমন হওয়া উচিত তারও নির্দেশ দিয়েছেন। অর্থাৎ, এই ন্যায্য ও উপযোগী আচরণই আমাদের এক মানুষের সাথে অপর মানুষকে যুক্ত করে এবং ব্যক্তিতে ব্যক্তিতে সম্পর্ক তৈরি করে।[৬]

আমাদের আলোচনার বিষয় এটিই। অর্থাৎ, আজ যে বিশ্বায়নকে দেখে আমরা আপ্লুত, তা কি আমাদের সেই সকল সূক্ষ্ম অনুভূতিকে জলাঞ্জলি দেবে; যার জন্য আমরা আমাদের ব্যক্তিক অভিন্নতাকে অক্ষুণ্ণ রাখি? আর এই পরিচয়ই আমার নিজস্ব, যার জন্য আমি মানুষ। আমরা জানি প্রতিটি মানুষ দেহ ও মনে স্বতন্ত্র বা আলাদা। মানুষ নিজ সমাজ ও তার বাইরের মানুষের সাথে যুক্ত হয় তার স্বতন্ত্রতাকে শাণিত করার উদ্দেশ্যেই। এই সম্পর্কের ভিত্তি হল "দিবে আর নিবে, মিলাবে মিলিবে, যাবে না ফিরে"[৭] মন্ত্র। এই মন্ত্রে দীক্ষিত হয়ে যখন আমি এই বিশ্বায়নের যুগে নিজেকে উন্মুক্ত করব অপরের কাছে, তখন সভ্যতার মহাসমুদ্রে আমি আমার স্বাভিমান হারাবো না; কেননা এই স্বাতন্ত্র্য বা স্বাভিমানই হল আমার মৌলিকতা, যা থেকেই গড়ে ওঠে আমার ব্যক্তিত্ব। আর এই ব্যক্তিত্বের পরিচয়েই গড়ে উঠবে এক নতুন ভবিষ্যৎ, যেখানে বিচ্ছিন্নতা থেকে, আতঙ্কবাদ থেকে বা বিভিন্ন প্রকার সামাজিক নঞর্থকতা থেকে মানুষ পরিত্রাণ পাবে। আর তখনই মানুষের সমাজের উৎকর্ষ বৃদ্ধি পাবে এবং মানুষ নিজেকে সমস্ত প্রকার বঞ্চনা থেকে নিজেকে মুক্ত করে অপরের সঙ্গে এক নতুন সামাজিক সম্পর্কের বন্ধনে নিজেকে বাঁধতে পারবে, যা তাকে রাজনৈতিক, অর্থনৈতিক ও সাংস্কৃতিক স্বাধীনতা প্রদান করবে। তখন প্রতিটি জাতিই হবে অপর জাতির প্রতি সহানুভূতিশীল; প্রতিটি মানুষ হবে অপর মানুষের নিকট পবিত্র। আর তখনই এই বিশ্বে 'Kingdom of Ends' বা 'স্বনিয়ন্ত্রক তথা স্বাধীন ব্যক্তিসমূহের রাজ্য' নেমে আসবে, যা 'বিশ্বায়ন' নামক বিপ্লবকে প্রদান করবে হীরের ঔজ্জ্বল্য এবং যা তার নিজপ্রভায় হবে উদ্ভাসিত।

কৃতজ্ঞতা স্বীকার—

১) মার্ক্সীয় দর্শন—সরোজ আচার্য্য।
২) কার্ল মার্কস ফ্রেডরিক এঙ্গেলস-রচনা সংকলন।
৩) ভারতীয় দর্শনের ইতিহাস—শ্রী তারকচন্দ্র রায়।
৪) Globalization As a Natural Historical Progress—(Web Data)।
৫) নৈতিকতা ও নারীবাদ—শেফালী মৈত্র।
৬) নীতি ও ন্যায্যতা—অমর্ত্য সেন।
৭) 'ভারততীর্থ'—গীতাঞ্জলি—রবীন্দ্রনাথ ঠাকুর।

শিক্ষার আলোকে স্বামী বিবেকানন্দ

সন্তু কান্ডার
সহকারী অধ্যাপক, দর্শন বিভাগ, রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির

প্রাচীন কাল থেকে শুরু করে আজ পর্যন্ত শিক্ষা সম্পর্কিত নানান ধারণার উদ্ভব হয়েছে। তবে, স্বামী বিবেকানন্দের শিক্ষা ভাবনায় রয়েছে যথেষ্ট অভিনবত্ব। কেননা, শিক্ষা কী তা বোঝাতে গিয়ে তিনি বলেছেন,—*"Education is the manifestation of perfection already in man."*[১] অর্থাৎ শিক্ষা হচ্ছে মানুষের ভিতরে যে পূর্ণতা প্রথম থেকে বর্তমান তারই প্রকাশ। মানুষের ভিতর যদি জ্ঞান ও শক্তির অনন্ত প্রস্রবণ বর্তমান না থাকত, তাহলে সহস্র চেষ্টা সত্ত্বেও সে কখনো জ্ঞানী ও শক্তিমান হতে পারত না। অর্থাৎ, জ্ঞান বাইরে থেকে আরোপিত কোন ব্যাপার নয়। একজন মানুষ যখন তার নিজের মনের সমস্ত আবরণ সরিয়ে দিতে সক্ষম হয়, তখনই তার আত্মজ্ঞান বা প্রকৃত শিক্ষা লাভ হয়। অর্থাৎ ভাবনার আত্মীকরণ যখন সমস্ত দেহ-মন জুড়ে হয় তখনই শিক্ষা সার্থক হয়। তাই স্বামীজী বলতেন, *"Education is the nervous association of certain ideas."*[২] অর্থাৎ শিক্ষা হল কতকগুলি ভাবের স্নায়বিক অনুষঙ্গ।

শিক্ষার লক্ষ্য স্থির করতে গিয়ে তিনি বলেছেন,—*"End of all education, all training should be man making."*[৩] অর্থাৎ শিক্ষার লক্ষ্য হবে মানুষ তৈরি করা। তিনি মনে করতেন যে, একজন শিক্ষার্থীর মনের মধ্যে জোর করে জ্ঞান ঢুকিয়ে দেওয়া, শিক্ষার প্রকৃত লক্ষ্য নয়। শিক্ষার প্রকৃত লক্ষ্য হবে—শিক্ষার্থীর জীবন গঠন করা, তাকে মনুষ্যত্বের অধিকারী করা ও দৃঢ় চরিত্রের অধিকারী হিসাবে গড়ে তোলা। তাঁর মতে শিক্ষার প্রথম সোপান হল সমন্বয়—মস্তিষ্ক, মাংস পেশী, হৃদয় ও সমস্ত বৃত্তির সমান পরিপুষ্টি সাধন। তবে তার জন্য প্রয়োজন একাগ্রতা। শিক্ষার মধ্যে এই একাগ্রতা গড়ে তোলার উপায় হিসাবে তিনি নির্ধারণ করলেন আত্মসংযমী জীবন যাপনের আদর্শকে। অর্থাৎ ব্রহ্মচর্য ছাত্রজীবনে আবশ্যক। এই একাগ্রতা গড়ে তুলতে পারলে শিক্ষার্থীর মনে আত্মপ্রত্যয় জন্ম নেবে, শ্রদ্ধার ভাব গড়ে উঠবে। স্বামীজী শ্রদ্ধার একটি অপূর্ব ব্যাখ্যা দিয়েছেন, *"প্রাচীন ধর্ম মতে ঈশ্বরে অবিশ্বাসী নাস্তিক, নতুন ধর্ম বলে, নিজেকে যে বিশ্বাস করে না, সেই নাস্তিক"*[৪]

পাঠ্যক্রম রচনার ক্ষেত্রে স্বামীজী বার বার জাতীয় প্রয়োজনের দিকে দৃষ্টি দিয়েছেন। তিনি জনসাধারণকে তাদের জীবনের উপযোগী শিক্ষা দেবার কথা বলতেন। যাতে তারা আত্মনির্ভর, কর্মক্ষম, স্বাধীন ও যুক্তিশীল হয়ে ওঠে। তাই স্বামীজী পাঠ্যক্রমে স্থান দিলেন শুধু প্রাচ্য ভাষা, সাহিত্য, দর্শন, ইতিহাস, সমাজ বিজ্ঞান নয়, শিক্ষার্থীকে জানতে হবে পাশ্চাত্য ভাষা, সাহিত্য, ইতিহাস, দর্শন, গণিত, বিজ্ঞান, কারিগরীবিদ্যা ইত্যাদি। সেই সঙ্গে সঙ্গীত ও হস্ত শিল্প অবশ্যই থাকবে। শরীরচর্চার ওপর স্বামীজী সবচেয়ে বেশি জোর দিয়েছেন। কারণ স্বাধীন, কর্মকুশল, সুস্থ, শারীরিক ও মানসিক অবস্থায় শিক্ষার্থী সমাজের উপযুক্ত নাগরিক হয়ে উঠবে—এটাই তো প্রকৃত শিক্ষার যথার্থ স্বরূপ।

শিক্ষার আদর্শ পরিবেশ হিসাবে তিনি প্রাচীন ভারতের গুরু গৃহবাস ও ব্রহ্মচর্য পালনকে উপযুক্ত বলে মনে করতেন। স্বামীজীর মতে, শিক্ষকের কাজ শুধু তথ্য পরিবেশন করা নয়, শিক্ষকের কাজ, শিক্ষার্থীর দেহ, মন ও আত্মার সুষম বিকাশে সহায়তা করা। তিনি দরিদ্র জনসাধারণ, ক্ষুধার্ত জনসাধারণ ও সমাজের ব্রাত্য জনসাধারণকে শিক্ষা দেবার কথা বলেন যা হবে উপযোগী শিক্ষা, বাস্তব শিক্ষা ও আত্মপ্রত্যয়ের শিক্ষা। এই জনশিক্ষার দায়িত্ব দিতে চাইলেন যুবক সম্প্রদায়কে। কৃষিজীবী, শ্রমজীবী, মানুষের পক্ষে বিদ্যালয়ে আসা সম্ভব নয়, তাই বিদ্যালয়কে পৌঁছে দিতে হবে তাঁদের কাছে। স্বামীজীর ভাষায় "মহম্মদের কাছে পর্বত না এলেও মহম্মদকে পর্বতের কাছে যেতে হবে।"[৫]

স্বামীজী বলতেন, যে সমাজে নারীরা বা মায়েরা অবহেলিত সে সমাজ কখনই উন্নত নয়। একটি পাখায় ভর করে পাখি যেমন উড়তে পারে না তেমনি জাতির পক্ষে শুধু পুরুষ উন্নত হলে সার্বিক উন্নতি সম্ভব নয়। পুরুষ-নারী উভয়ের শিক্ষিত হওয়া প্রয়োজন, উভয়ে মিলিত ভাবে জাতি গঠনের কাজে অংশগ্রহণ করলে তবেই জাতির উন্নতি সম্ভব। তিনি সগৌরবে ঘোষণা করেছেন, "হে ভারত ভুলিও না তোমার নারী জাতির আদর্শ সীতা, সাবিত্রী, দময়ন্তী।"[৬] তিনি ধর্মকে শিক্ষার সার জিনিস বলে মনে করেছেন। ধর্ম মানে প্রচলিত পূজা, উপাসনা, সাম্প্রদায়িক আচার অনুষ্ঠান নয়। ধর্ম মানে আত্মবিশ্বাস বা আত্মার শক্তিতে বিশ্বাস। এ বিশ্বাস জাগ্রত হলে মানুষ আর ভাগ্যের হাতে অসহায় আত্মসমর্পণ করবে না। একেই তিনি Man making education বলেছেন, Money making নয়।

শিক্ষা সম্পর্কে বিবেকানন্দের আলোচনা থেকে এটি স্পষ্ট যে, তিনি শিক্ষাকে কেবল কোন প্রতিষ্ঠানের মধ্যে আবদ্ধ রাখতে চান না, এমন কি তাঁর শিক্ষা নির্দিষ্ট কোন বয়সের মধ্যে সীমাবদ্ধ নয়—তাঁর শিক্ষা সম্পর্কিত আলোচনা থেকে একথাই স্পষ্ট। শিক্ষা বলতে যদি, মানুষের ভিতরে যে পূর্ণতা প্রথম থেকে বর্তমান তারই প্রকাশকে বোঝায়, তবে এই প্রকাশ যেকোনো মুহূর্তে, যে কোন বয়সে হতে পারে। তিনি একটি সুন্দর উদাহরণের মাধ্যমে বিষয়টি ব্যাখ্যা করেছেন—তিনি বলেছেন, চকমকি পাথরের মধ্যে আগুন জ্বলার সম্ভাবনা থাকে বলেই ঘর্ষণের ফলে তার থেকে আগুন বেরিয়ে আসে; আগুন বাইরে থেকে তার ওপর আরোপ করা হয় না। ঠাকুর শ্রীরামকৃষ্ণও বলতেন, যতদিন বাঁচি ততদিন শিখি। স্বামীজী বলেছিলেন, "উত্তিষ্ঠত জাগ্রত প্রাপ্য বরান্ নিবোধত—*Arise! Awake! and stop not till the goal is reached.*[৭]"আর এর জন্য প্রয়োজন শিক্ষা, সেটি হল জীবনোপযোগী ও সময়োপযোগী শিক্ষা। স্বামীজী যে শিক্ষার কথা বলেছিলেন সেটা প্রত্যেকটা মানুষের, প্রত্যেকটা দিনের উপযোগী শিক্ষা। তাঁর শিক্ষা ছিল আত্মবিশ্বাসে বলীয়ান হবার শিক্ষা। যে শিক্ষা শুধুমাত্র একটি যুগে আবদ্ধ নয়। আজ থেকে ৫০০০ বছর পরেও যদি মানুষের অস্তিত্ব থাকে তাহলেও স্বামীজীর শিক্ষার ধারা সমান ভাবে বহনীয় হবে। স্বামীজীর প্রত্যেকটা বাণীই আমরা যতবার পড়ব ততবারই একটা নতুনত্বের আভাস পাব। তাই কাউকে যদি প্রকৃতপক্ষে শিক্ষিত বলতে চাই তবে তাকে সব দিক থেকে উপযোগী হতে হবে। স্বামীজী তাই বলেছেন, *"Education is all round development"*[৮]। সুতরাং এই দিক থেকে স্বামীজী সব সময়ই এগিয়ে থাকবেন।

বর্তমান শিক্ষা ব্যবস্থায় বিবেকানন্দের শিক্ষার প্রাসঙ্গিকতা ঃ

স্বামীজী যে সময়ে দাঁড়িয়ে এই শিক্ষার কথা বলেছিলেন তখন আমাদের দেশ পরাধীন ছিল। কিন্তু এখন দেশ স্বাধীন হয়েছে, আন্তর্জাতিক ক্ষেত্রে কোনো কোনো বিষয়ে অগ্রণীর ভূমিকাও নিচ্ছে, আমরা আত্মবিশ্বাস ও আত্মমর্যাদা ফিরে পাচ্ছি তবুও যতটা শিক্ষার বিস্তার হবার কথা তা হয়নি বা স্বামীজী যে শিক্ষাকে মানুষ গড়ার শিক্ষা বলতেন সে শিক্ষার প্রবর্তন আজও ঘটেনি। আমাদের শিক্ষা ব্যবস্থা আজ অন্ধকরের মধ্য দিয়ে এগিয়ে চলেছে, যেখানে শিক্ষা কেবল পুস্তকী শিক্ষা, ডিগ্রি অর্জনের শিক্ষা, কার্যকরী শিক্ষা নয়। শিক্ষাক্ষেত্রে প্রবেশ করেছে রাজনীতি ও ভ্রান্ত শিক্ষানীতি, যা মানুষ তৈরি হতে দিচ্ছে না। ছাত্র-ছাত্রীরা হয়ে পড়েছে হতাশ, দিশাহীন, আশাহীন। আর এই অবস্থা থেকে ফিরে আসতে হলে আমাদের, স্বামীজী যে আদর্শগুলির কথা বলেছেন সেগুলি যতটা সম্ভব মেনে চলা দরকার। অর্থাৎ এই দিশাহীন ছাত্র সমাজকে আশার আলো দেখাতে পারে স্বামীজীর বাণী, স্বামীজীর রচনা। আর এই পথে এগোলে আত্মবিশ্বাসে বলীয়ান হয়ে ছাত্র-ছাত্রীরা তাদের স্বপ্ন পূরণে সক্ষম হবে।

তথ্যসূত্র ঃ

১) স্বামী বিবেকানন্দ, বাণী ও রচনা (ষষ্ঠ খণ্ড), চতুর্দশ পুনর্মুদ্রণ, উদ্বোধন কার্যালয়, ডিসেম্বর ২০০২, পৃষ্ঠা সংখ্যা - ৩১৪
২) Swami Vivekananda Complete Works of Swami Vivekananda (vol.-4), 17th Reprint, Udbodhan Oct 2007, Page No.-212
৩) স্বামী বিবেকানন্দ, বাণী ও রচনা (পঞ্চম খণ্ড), পঞ্চদশ পুনর্মুদ্রণ, উদ্বোধন কার্যালয়, ফেব্রুয়ারি ২০০৩, পৃষ্ঠা সংখ্যা - ১১৫
৪) স্বামী বিবেকানন্দ, বাণী ও রচনা (দ্বিতীয় খণ্ড), পঞ্চদশ পুনর্মুদ্রণ, উদ্বোধন কার্যালয়, জানুয়ারি ২০০২, পৃষ্ঠা সংখ্যা - ১৭৫-১৭৬
৫) স্বামী বিবেকানন্দ, বাণী ও রচনা (পঞ্চম খণ্ড), পঞ্চদশ পুনর্মুদ্রণ, উদ্বোধন কার্যালয়, ফেব্রুয়ারি ২০০৩, পৃষ্ঠা সংখ্যা - ৩৩৪
৬) স্বামী বিবেকানন্দ, বাণী ও রচনা (ষষ্ঠ খণ্ড), চতুর্দশ পুনর্মুদ্রণ, উদ্বোধন কার্যালয়, ডিসেম্বর ২০০২, পৃষ্ঠা সংখ্যা - ১৯৪
৭) স্বামী বিবেকানন্দ, বাণী ও রচনা (নবম খণ্ড), ত্রয়োদশ পুনর্মুদ্রণ, উদ্বোধন কার্যালয়, ডিসেম্বর ২০০২, পৃষ্ঠা সংখ্যা - ৬১
৮) স্বামী বিবেকানন্দ, বাণী ও রচনা (ষষ্ঠ খণ্ড), চতুর্দশ পুনর্মুদ্রণ, উদ্বোধন কার্যালয়, ডিসেম্বর ২০০২, পৃষ্ঠা সংখ্যা - ১২১

গ্রন্থপঞ্জী ঃ

১) স্বামী বিবেকানন্দ, বাণী ও রচনা (দ্বিতীয় খণ্ড), পঞ্চদশ পুনর্মুদ্রণ, উদ্বোধন কার্যালয়, জানুয়ারি ২০০০
২) স্বামী বিবেকানন্দ, বাণী ও রচনা (চতুর্থ খণ্ড), চতুর্দশ পুনর্মুদ্রণ, উদ্বোধন কার্যালয়, মে ২০০২
৩) স্বামী বিবেকানন্দ, বাণী ও রচনা (পঞ্চম খণ্ড), পঞ্চদশ পুনর্মুদ্রণ, উদ্বোধন কার্যালয়, ফেব্রুয়ারি ২০০৩
৪) স্বামী বিবেকানন্দ, বাণী ও রচনা (ষষ্ঠ খণ্ড), চতুর্দশ পুনর্মুদ্রণ, উদ্বোধন কার্যালয়, ডিসেম্বর ২০০২
৫) স্বামী বিবেকানন্দ, বাণী ও রচনা (সপ্তম খণ্ড), দ্বাদশ পুনর্মুদ্রণ, উদ্বোধন কার্যালয়, ডিসেম্বর ২০০১
৬) স্বামী বিবেকানন্দ, বাণী ও রচনা (দশম খণ্ড), দ্বাদশ পুনর্মুদ্রণ, উদ্বোধন কার্যালয়, ফেব্রুয়ারি ২০০৩
৭) স্বামী বিবেকানন্দ, আমার ভারত অমর ভারত, রামকৃষ্ণ মিশন ইনস্টিটিউট অব কালচার, গোলপার্ক, ২০১৪

দর্শন কী এবং কেন?

সৌভিক দত্ত
স্নাতকোত্তর দর্শন, দ্বিতীয় বর্ষ

আজ আমরা একবিংশ শতাব্দীর প্রথমার্ধে দাঁড়িয়ে যখন দেখছি সমগ্র বিশ্ব পারিবারিক, সামাজিক ভাঙ্গনের উন্মাদনায় মেতে উঠেছে, তখনই সেই রোগগ্রস্ত উন্মাদনাকে কাটিয়ে তোলার জন্য আমরা সেখানে প্রতিষ্ঠা করব সমাজবিদ্যার অন্যতম বিষয় দর্শনকে। UNESCO World Philosophy Day পালন করে আন্তর্জাতিক সংস্কৃতি ও মানবিক মর্যাদা, বৈচিত্র্যকে তুলে ধরার জন্য। সমাজ জীবন, ব্যক্তিজীবনে রয়েছে এই বৈচিত্র্য। আর এই বৈচিত্র্যই ব্যক্তিমানুষকে বেঁচে থাকার তাগিদ যোগায়। আমাদের বেদ-বেদান্তেও এই বৈচিত্র্যের কথা আছে। বর্তমান দিনে এই বৈচিত্র্যে ভাঁটা পড়ছে, যা মানুষের সুস্থ স্বাভাবিক জীবনকে প্রভাবিত করছে; তাই হয়ত UNESCO গত ১১ বছর ধরে এই World Philosophy Day পালন করে আসছে। যাতে মানুষের মধ্যে বৈচিত্র্যের সঞ্চার হয় এবং মানুষ সুস্থ স্বাভাবিক জীবনযাপন করতে পারে। একই সাথে দর্শনের গুরুত্বও যাতে মানুষের কাছে স্পষ্ট হয়।

এখন স্বাভাবিক ভাবেই প্রশ্ন ওঠে দর্শন কী? F. Thilly তার 'A History of Philosophy' গ্রন্থের ভূমিকায় বলছেন, দর্শনের লক্ষ্য হল এমন কিছু সমস্যার সমাধান করা যা মানুষের অস্তিত্ব বিষয়ক। এছাড়াও অন্য আরেকটি লক্ষ্য হল-মানুষের ইতিহাসকে অনুধাবন করা। এখন এ থেকে আরেকটি প্রশ্ন উঠে আসে, ব্যবহারিক সমাজে এই দুয়ের ভূমিকা কেমন? এ নিয়ে বিভিন্ন মহলে কৌতূহল ও বিভ্রান্তির অন্ত নেই। কেউ কেউ মনে করেন যে, দর্শন নিতান্তই একটি তাত্ত্বিক ব্যাপার, তাই সুখ, দুঃখ হাসি কান্নার বা বাস্তব জীবনের সঙ্গে কোন সম্পর্ক নেই। কিন্তু একটু যদি সুস্থ স্বাভাবিক ভাবে ভাবা যায় তাহলে দেখা যাবে দর্শন হল, মানববিদ্যার প্রাণশক্তি স্বরূপ। দর্শন যে নিতান্তই তাত্ত্বিক বিষয় নয় তা যে মানববিদ্যার অন্তর্গত তা একটি ঘটনার কথা উল্লেখ করে বিষয়টি বোঝাবার চেষ্টা করব। পূজনীয় স্বামী মেধসানন্দজী মহারাজের কাছে শুনেছিলাম, (মহারাজ এখন টোকিও সেন্টারের দায়িত্বে আছেন, তিনি আমাদের পূর্বতন অধ্যক্ষও বটেন।) জাপানের সভ্যতা অনেক উন্নত, ওরা খুব সৎ প্রকৃতির মানুষ, ২/৩ বার প্রাকৃতিক দুর্যোগ হওয়া সত্ত্বেও তাঁরা শিল্প-বাণিজ্যে খুবই উন্নত, ঐ দেশের মনো রেলের সময়ের কথা বলেছিলেন ইত্যাদি আরও অনেক বিষয় বলেছিলেন; কিন্তু যেটা বলার বিষয় সেটা হল ঐ দেশে মানুষ সবচেয়ে বেশি মানসিক সমস্যায় ভোগে, বিবাহবিচ্ছেদ সাধারণ একটা বিষয়। তারা এই সমস্ত বিষয় থেকে পরিত্রাণের উপায় হিসেবে ভারতীয় শাস্ত্র, বিশেষত ভারতীয় দর্শনকে জানতে চাইছে। দর্শনের ছাত্র হিসেবে এর চেয়ে আনন্দের আর কি হতে পারে।

একটি ছোট পাখি যেমন তার ডানা মেলে উড়ে যেতে চায় অনেক দূরে, পরিচিত হতে চায় পাহাড়, পর্বত, নদী-নালা, জনপথ তথা সমগ্র বসুন্ধরার সঙ্গে, তেমনি কৌতূহলী মানুষ তার শত সীমাবদ্ধতাকে

উপেক্ষা করে ব্রতী হয় জ্ঞান অনুশীলন ও সত্য অনুসন্ধানের দুর্গম পথে। এটা মানব সত্তার আবেদন আর এই আবেদনে সাড়া দিতে গিয়েই কপিল, বুদ্ধ, শঙ্কর, রামানুজ, কান্ট, রাসেল, প্রমুখ ভাবুক নির্মাণ করেছেন দর্শনের সুদীর্ঘ আঁকাবাঁকা শক্ত পথকে। দর্শন চায় সেই তত্ত্ব ও সত্যকে অনুসন্ধান করতে, যাকে জানলে ভেদ করা যায় জগত ও জীবনের অন্তরতম সত্তাকে। দর্শনের পরিভাষায় যাকে বলা হয় 'ভূমা'। পরম সত্তা ভূমাকে সসীম মানুষ অনুভূতি, ভেদবুদ্ধি কিংবা নৈয়ায়িক যুক্তি দিয়ে জানে না, জানে অনুভব প্রজ্ঞা-স্বজ্ঞার সমবায়ে গঠিত সমগ্র চেতনা বা প্রগাঢ় অন্তর্দৃষ্টি দিয়ে। এই অর্থে যথার্থ দর্শন মানে, বোধ বা উপলব্ধিকে প্রমাণযোগ্য করে, বুদ্ধি প্রসূত সত্যকে তুলে ধরা এবং বাস্তব সত্তার সামগ্রিক রূপস্বরূপ আবিষ্কারের প্রয়াস করা। এপ্রসঙ্গে রবীন্দ্রনাথ, বিবেকানন্দ প্রমুখ সমসাময়িক দার্শনিকের নাম করা যায় যাঁরা শুধু তাদের বোধ বা উপলব্ধির দ্বারা প্রচলিত দার্শনিক তত্ত্বগুলিকে নতুন আঙ্গিকে সমকালের প্রেক্ষিতে তুলে ধরেছেন।

বিংশ শতাব্দীর মধ্যভাগে যখন সমগ্র পৃথিবী ধ্বংসলীলায় উন্মত্ত, বিশেষত ইউরোপের এক সংকটের কাল, তাঁর আগে মানুষ দুটি মহাযুদ্ধের তাণ্ডবলীলা প্রত্যক্ষ করেছে। জার্মানিতে ফ্যাসিবাদ মানুষের কণ্ঠরোধ করতে সচেষ্ট, মানুষ ক্রমশই তাঁর অস্তিত্বের সংকট অনুভব করছে, বিজ্ঞানের প্রতি সমস্ত আস্থা মানুষ হারিয়ে ফেলেছে এইরকম একটা পরিস্থিতিতে ফরাসি দেশের অস্তিবাদী দার্শনিক জাঁ-পল সাঁত্রে রচনা করলেন তাঁর বিখ্যাত গ্রন্থ 'Being and Nothingness'। এই গ্রন্থ অস্তিবাদী দর্শনের এবং সমকালীন দর্শনের এক অনন্য দলিল। যা মানুষের অস্তিত্বের ধারণার একটি পথের উন্মেষ ঘটিয়েছিল।

এখন স্বাভাবিক ভাবেই আরেকটি প্রশ্ন ওঠে, দর্শনের মূল্য কোথায়? কেনই বা দর্শন? দার্শনিক Russell তাঁর 'Problems of Philosophy' গ্রন্থে এই প্রশ্নের উত্তর দিয়েছেন। তিনি বলছেন, বর্তমান যুগে দর্শন পড়ার প্রয়োজনীয়তা আছে। কেননা, বিজ্ঞানের প্রভাবে এবং বাস্তব ঘটনার চাপে পড়ে অনেকে দর্শন পাঠের প্রয়োজনীয়তা সম্পর্কে কৌতূহল প্রকাশ করেছেন। অনেকের ধারণা দর্শন এমন সব বিষয় নিয়ে আলোচনা করে যার জ্ঞান লাভ করা সম্ভব নয়। তাঁদের মতে, দর্শন নিরর্থক বাজে বকা ছাড়া আর কিছু নয়। Russell বলছেন, দর্শন সম্পর্কে এই অনীহার কারণ কিছুটা এসেছে জীবনের পরিণাম সম্পর্কে ভুল ধারণা থেকে। বিজ্ঞানের উপযোগিতা এখন কেবল বিজ্ঞানের ছাত্রদের মধ্যে সীমাবদ্ধ নেই। কিন্তু দর্শনের ক্ষেত্রে দর্শনের সীমাবদ্ধতা কেবল দর্শনের ছাত্রদের মধ্যে। কেননা, যারা বিজ্ঞান পড়েন না, জানেন না, তাঁরাও বিজ্ঞানের দ্বারা উপকৃত, তাঁরাও বিজ্ঞান সম্পর্কে আগ্রহী। যদি দর্শনের কিছুমাত্র প্রভাব অন্যদের উপর পড়ে—তা পড়ে পরোক্ষভাবে। অন্যান্য শাস্ত্রের মত দর্শনও জ্ঞান লাভের কথাই বলে। দর্শনের লক্ষ্য এমন জ্ঞান লাভ করা যার সাহায্যে সকল বৈজ্ঞানিক জ্ঞানের মধ্যে একটা ঐক্য স্থাপিত হতে পারে। দর্শন কেন এখনো উল্লেখযোগ্য সাফল্য লাভ করতে পারেনি এ প্রসঙ্গে উদাহরণ স্বরূপ Russell বলেছেন, যদি কোন গণিতশাস্ত্রবিদ বা খনিজতত্ত্ববিদ কিংবা কোন ঐতিহাসিককে প্রশ্ন করা হয় তাহলে আমরা যতক্ষণ শুনতে চাইব তাঁরা আমাদের ততক্ষণ শুনিয়ে যাবেন। কিন্তু যদি এই একই

প্রশ্ন একজন দার্শনিককে করা হয় তিনি স্বীকার করতে বাধ্য হবেন যে, অন্যান্য বিজ্ঞান সুনির্দিষ্টভাবে যেমন অনেককিছু জানতে পেরেছে, ঠিক সে ধরণের কোন জ্ঞান দর্শন এখন লাভ করতে পারেনি। Russell বলেন, এর কারণ হল যখন কোন বিষয়ের জ্ঞান সুনির্দিষ্টভাবে জানা হয়ে যায় তখন সেই বিষয়কে আর দর্শন বলা হয় না। তখন তাকে স্বতন্ত্র একটি শাস্ত্র বলে মনোনীত করা হয়। তিনি আরও বলেন, জ্যোতির্বিজ্ঞান একসময় দার্শনিক আলোচনার অন্তর্ভুক্ত ছিল। নিউটনের বিখ্যাত বইটির নাম—'The mathematical Principles of Natural Philosophy'। যে সব সমস্যার এখনো কোন সুষ্ঠু সমাধানের পথ খুঁজে পাওয়া যায়নি সেগুলি নিয়েই দর্শন আলোচনা করে চলেছে।

একটি সমস্যা থেকে যে সমাধান পাওয়া যায় তা সম্পূর্ণ নয়। সেই অসম্পূর্ণ সমাধান আবার নিজেই সমস্যা হয়ে ওঠে। আবার চলে তার সমাধান খোঁজার চেষ্টা। দর্শন হয় আমাদের কোন সুনিশ্চিত সত্যের সন্ধান দিতে পারেনি, না হয় দর্শনই আমাদের অনন্ত সম্ভাবনার মুক্ত রাজ্যে পৌঁছে দিয়েছে। দার্শনিক চিন্তার সাহায্যেই কেবল মানুষ তার ব্যক্তিগত ও ক্ষুদ্র স্বার্থের জগত থেকে মুক্তি লাভ করতে পারে। কোন প্রশ্নের সুনিশ্চিত উত্তরের প্রত্যাশায় দর্শন অধ্যয়ন করা যাবে না। কারণ বাস্তব পক্ষে, কোন সুনিশ্চিত সত্যকে সুনিশ্চিত সত্য বলে প্রমাণ করার কোন উপায় নেই। দর্শন অধ্যয়নের প্রয়োজনীয়তা আছে কেবল সমস্যাগুলিকে চিনে নেবার জন্য। কারণ এই সব প্রশ্ন সম্ভাবনার ধারণাকে প্রসারিত করে, মন বিশাল বিশ্বের সঙ্গে এক হয়ে গিয়ে মুক্ত চিন্তার অধিকারী হয়। এই জন্যই দর্শনের প্রয়োজনীয়তা।

যতদিন মানব সভ্যতা থাকবে ততদিন দর্শন থাকবে। মানুষের বৈশ্লেষণী মন যতবেশি বিশ্লেষণ করতে পারবে সমাজ এবং দর্শনশাস্ত্রের বিষয়গুলিকে ততই মানুষ দর্শনের মূল্য এবং উদ্দেশ্যকে সহজতর করে বিশ্বের দরবারে পৌঁছে দেবে।

"ঈশ্বর লাভই মনুষ্য জীবনের উদ্দেশ্য।"

—শ্রীরামকৃষ্ণ

শ্রীমদ্ভগবদ্‌গীতাতে নবধাভক্তি

সৌমেন অধিকারী
এম.ফিল. গবেষক, দর্শন বিভাগ

মহাভারতের আঠারোটি পর্বের মধ্যে ষষ্ঠ পর্ব হল ভীষ্ম পর্ব। এই পর্বে দেখা যায় যে কুরুক্ষেত্রের যুদ্ধ আরম্ভ হবার প্রাক্‌কালে কাদের সঙ্গে যুদ্ধ করতে হবে তা দেখার জন্য অর্জুন তাঁর রথের সারথী ভগবান শ্রীকৃষ্ণকে রথটি উভয় সেনার মধ্যস্থলে স্থাপন করতে বলেন। ভগবান শ্রীকৃষ্ণ রথটিকে উভয়সেনার মধ্যস্থলে স্থাপন করলে অর্জুন কৌরবপক্ষের সেনাবাহিনীতে অবস্থানকারী পিতৃগণ, মাতুলগণ, পিতামহগণ, আচার্যগণ, ভ্রাতৃগণ, পুত্রগণ, পৌত্রগণ, মিত্রগণ, শ্বশুরগণ, এবং সুহৃদগণকে দেখে মানসিকভাবে বিপর্যস্ত হয়ে পড়েন এবং ঐ স্বজনবধরূপ মহাপাপ করবেন না বলে মনস্থির করে বলেন যে, 'যদি আমাকে শাস্ত্ররহিত ও প্রতিকারহীন অবস্থায় দেখে শস্ত্রধারী ধৃতরাষ্ট্রের পুত্রেরা বধও করে, তবে সেই মৃত্যুও আমার জন্য কল্যাণকর হবে।'[১] এই বলে তিনি যুদ্ধ করতে অস্বীকার করে ধনুর্বাণ ত্যাগ করে রথের মধ্যে উপবেশন করেন। এমন অবস্থায় ভগবান শ্রীকৃষ্ণ অর্জুনের মোহভঙ্গ করার জন্য একে একে কর্ম, ভক্তি ও জ্ঞানযোগ সহ হিন্দুধর্মের মূল তত্ত্বগুলি উপদেশ করেন। সেই সময় অর্জুনের মোহভঙ্গ করার জন্য ভগবান শ্রীকৃষ্ণ যা যা উপদেশ করেছিলেন তাই হল শ্রীমদ্ভগবদ্‌গীতার বিষয়বস্তু।

গীতাতে ভগবান শ্রীকৃষ্ণকে অর্জুন কর্মযোগ ও জ্ঞানযোগ বিষয়ে প্রশ্ন করলেও ভক্তিযোগ বিষয়ে কোন প্রশ্ন করেননি। ভগবান নিজে নিজেই ভক্তির কথা বলেছেন। গীতার এমন কোন অধ্যায় নেই যেখানে ভক্তির প্রসঙ্গ নেই। যদিও দ্বাদশ অধ্যায়ের নাম ভক্তিযোগ তবুও ভক্তির প্রসঙ্গ, ভক্তির কথা প্রত্যেক অধ্যায়েই কোন না কোন ভাবে আছে। এই ভক্তির আলোচনা প্রসঙ্গে শ্রীমদ্ভগবতে যে নয় প্রকার সাধনভক্তির কথা বলা হয়েছে, যা 'নবধাভক্তি'[২] নামে প্রসিদ্ধি, তাও শ্রীমদ্ভগবদ্‌গীতাতে ভগবান শ্রীকৃষ্ণ কর্তৃক বর্ণিত হয়েছে। যদিও তিনি যথার্থ ক্রমানুসারে নবধাভক্তির আলোচনা করেননি তবুও অন্যান্য সাধনের বর্ণনার সাথে সাথে এই নবধাভক্তির বর্ণনাও এসে পড়েছে।

ভগবানের প্রতি অপরিসীম ভালবাসাই হচ্ছে ভক্তি।[৩] ঈশ্বরের প্রতি পরমপ্রেমই ভক্তি। সাধারণ প্রেমে কাম ও প্রেম দুইটিই থাকে, কখনো কখনো কামভাব বেশী থাকে, কিন্তু ভগবানের প্রতি ভক্তিরূপ যে প্রেম তাতে শুধু প্রেম আর প্রেম, কামের গন্ধমাত্রও থাকে না। এই ভক্তিরূপ যে প্রেম তার বিরতিও নেই শেষও নেই। সহজ কথায় মনে প্রাণে ঈশ্বরময় হয়ে যাওয়াই ভক্তি। আর এই ভক্তিতে কোন অহঙ্কার থাকে না, অহঙ্কার নাশ করে ঈশ্বরে পৌঁছে দেয়। এই ভক্তি দুই প্রকার—সাধনভক্তি ও সাধ্য ভক্তি। একজনের কথা ভেবে ভেবে তার প্রতি যে ভক্তি জন্মায় তা সাধনভক্তি। আর সাধনভক্তি অসার পর যত তাকে জানা যায় ততই ভক্তি বাড়ে, একে সাধ্যভক্তি বা সাধন সঞ্জাত ভক্তি বলা হয়। সাধ্যভক্তিকে বলা হয় প্রেমভক্তি বা রাগাত্মিকা ভক্তি।[৪] এই প্রেমভক্তি স্বতঃস্ফূর্ত কোন সাধনভোজনের, লোকধর্ম, দেহধর্ম, বেদধর্মের অপেক্ষা রাখে না।[৫] সাধনভক্তি আবার দুই প্রকার—রাগানুগাভক্তি ও বৈধীভক্তি।

ভালোবাসা থেকে ভালোবাসা জন্মায়, এ হল রাগানুগাভক্তি আর যে ভক্তিতে লোভ প্রবর্তক হয় না, শাস্ত্রশাসনই প্রয়োজন হয় তাকে বৈধীভক্তি বলে। আর এই বৈধীভক্তির মধ্যে নবধাভক্তি (শ্রবণ, কীর্তন, স্মরণ, পদসেবা বা পরিচর্যা, অর্চনা, বন্দনা, দাস্য, সখ্য ও আত্মনিবেদন) অন্তর্গত। আবার কেউ কেউ বলেন যে নবধাভক্তির মধ্যে প্রথম সাতটি, শ্রবণ থেকে দাস্য পর্যন্ত সাধনভক্তির মধ্যে ধরা হয়, সখ্যকে সাধন ও সাধ্য উভয়াত্মক বলা হয় এবং আত্মনিবেদনকে প্রেমভক্তির বা রাগাত্মিকাভক্তির অন্তর্গত করা হয়।

এখন এই নবধাভক্তি নিয়ে শ্রীকৃষ্ণ গীতাতে কি বলেছেন তা সংক্ষেপে আলোচনা করব। প্রথমে নবধাভক্তির প্রত্যেকটির ভাগবদ্‌কৃত অর্থ বলা হবে, তারপর ভগবান শ্রীকৃষ্ণ গীতাতে কি বলেছেন তা বলা হবে—

শ্রবণ ঃ নবধাভক্তির প্রথম হল শ্রবণ। শ্রীমদ্ভাগবতে বিষ্ণুর নাম-রূপ-মাহাত্ম্য শ্রবণের কথা বলা হয়েছে। শ্রীমদ্ভগবদ্‌গীতাতেও শ্রবণের কথা বলা হয়েছে এই বলে, আবার কেউ কেউ যাঁরা অল্পবুদ্ধি সম্পন্ন তাঁরা এইভাবে (ধ্যানযোগ, সাংখ্যযোগ, কর্মযোগ ইত্যাদি সাধন) আত্মাকে না জানতে পেরে অন্যের নিকট অর্থাৎ তত্ত্বজ্ঞ মহাপুরুষের নিকট শুনে তদনুসারে উপাসনা করেন এবং এইরূপ যাঁরা শ্রবণ পরায়ণ হয়ে উপাসনা করেন তাঁরাও মৃত্যুরূপ সংসারসাগর নিঃসংশয়ে অতিক্রম করেন।'[৬] তাহলে নবধাভক্তির প্রথম যে শ্রবণ তার শক্তি এতটাই যে, অল্পজ্ঞ, গৃহীব্যক্তি, যারা সংসার তাপে জর্জরিত তাঁরাও শ্রবণ পরায়ণ হয়ে জন্ম-মৃত্যুকে অতিক্রম করতে পারেন অর্থাৎ ব্রহ্মজ্ঞান লাভ করতে পারেন। এ প্রসঙ্গে উপনিষদের একটি উপাখ্যান উল্লেখ করা হল—জাবালার পুত্র সত্যকাম ব্রহ্মকে জানার আশায় গৌতম ঋষির কাছে উপদেশ গ্রহণ করতে গিয়েছিলেন। ঋষি তাঁকে চারশত অত্যন্ত দুর্বল ও কৃশ গাভী পৃথক করে তাঁকে বলেন, 'হে সৌম্য! তুমি এই কারুদের পিছনে পিছনে যাও; গুরুর আদেশ শুনে সত্যবান অত্যন্ত উৎসাহিত হয়ে বললেন যে, 'এই চারশত গাভীকে এক হাজারে পরিণত করে নিয়ে আসব।' তিনি গরুগুলিকে তৃণ ও জলপূর্ণ গভীর বনে নিয়ে গেলেন এবং যেগুলির ঠিকঠাক সেবাযত্ন করে একহাজারে পরিণত করে গুরুগৃহে ফেরার পথেই ব্রহ্ম জ্ঞান প্রাপ্ত হয়ে গেলেন।[৭] এইভাবে তত্ত্বজ্ঞানী মহাপুরুষের আদেশ শ্রবণ করে অত্যন্ত ভক্তি ও শ্রদ্ধানুসারে আচরণ করলে ব্রহ্মজ্ঞানলাভ করা যায়।

কীর্তন ঃ নবধাভক্তির দ্বিতীয় ভক্তি হল কীর্তন। শ্রীমদ্ভাগবতে বিষ্ণুনাম কীর্তন ও কৃষ্ণনাম কীর্তনের অনেক ঘটনা আছে। শ্রদ্ধা সহকারে ভগবানের শুধু নাম কীর্তন করলেও এই সংসার বন্ধন থেকে মুক্ত হওয়া যায়। শ্রীমদ্ভাগবদ্‌গীতাতেও ভগবান শ্রীকৃষ্ণ বলেছেন, 'দৃঢ়ব্রতভক্তগণ নিত্য আমার নাম, রূপ, লীলার গুণকীর্তন করে আমাকে লাভের জন্য চেষ্টা করেন।...'[৮] এছাড়া অন্য এক জায়গায় অর্জুন ভগবানকে বলছেন, '...আপনার নামরূপ ইত্যাদি মাহাত্ম্য কীর্তনে সমস্ত জগৎ আনন্দিত হয় ও আপনার প্রতি অনুরক্ত হয়।'[৯]

স্মরণ ঃ নবধাভক্তির তৃতীয়টি হল স্মরণ। সর্বদা ভগবানকে স্মরণের দ্বারাও ভগবানকে প্রাপ্ত হওয়া যায়। গীতাতে ভগবান নিজেই বলেছেন যে, '...যিনি অনন্যচিত্তে আমাকে নিরন্তর স্মরণ করেন, সেই

নিত্যনিরন্তর স্মরণশীল যোগীর নিকট আমি সহজলভ্য।'[১০] অর্থাৎ যাঁরা নিত্যযুক্ত হয়ে অর্থাৎ আমি ভগবানের এবং ভগবান আমার—এইভাবে নিত্যসম্বন্ধ হয়ে থাকেন তাঁরা সহজেই ভগবানকে লাভ করেন। এছাড়াও ভগবান গীতাতে আর এক জায়গায় বলেছেন, '...যিনি 'ওঁ' এই একাক্ষর ব্রহ্ম উচ্চারণ করতে করতে এবং তার অর্থ স্বরূপ নির্গুণ ব্রহ্মরূপ আমাকে স্মরণ করতে করতে দেহত্যাগ করেন তিনি পরমগতি অর্থাৎ মোক্ষলাভ করেন।'[১১] অতএব স্মরণের মাহাত্ম এতটাই যে দেহত্যাগের সময়ও যদি ভগবানের নাম স্মরণ করেন তাহলে এই সংসারচক্র থেকে নিস্তারলাভ করে ভগবানের আশ্রয় লাভ করেন।

পদসেবন বা পদবন্দনা ঃ নবধাভক্তির চতুর্থ ভক্তি হল পদসেবন বা পদবন্দনা। শ্রীমদ্‌ভাগবতে শ্রীহরির পদসেবা করার কথা বলা হয়েছে। গীতাতেও শ্রীকৃষ্ণ বলেছেন '...ভক্ত প্রীতিপূর্বক আমাকে নমস্কার করে অনন্যভক্তিপূর্বক আমায় ভজনা করেন।'[১২] ভক্তিবাদী যে কোন দর্শন সম্প্রদায়ের প্রধান বক্তব্য হল ভগবানের পদসেবন দ্বারা ভগবানকে প্রাপ্ত হওয়া, তারা চায় ভগবানের পদসেবা করে অমৃত লাভ করতে। গীতাতেও ভগবান এ কথাই বলেছেন।

অর্চনা ঃ নবধাভক্তির পঞ্চম ভক্তি হল অর্চনা। ভগবানের নাম শ্রবণ, ভগবানের নামকীর্তন, ভগবানের নাম মনে মনে স্মরণ এবং ভগবানের সেবা ছাড়াও ভগবানের অর্চনা করলে অর্থাৎ, পতিব্রতা, রমণী যেমন স্বামীকেই তার সর্বস্ব মনে করে সর্বদা পতির চিন্তা করে, পতির আজ্ঞানুসারে পতির জন্যই কায়, মন ও বাক্যে কর্ম করে, ঠিক তেমনই পরমেশ্বর অর্থাৎ ভগবানকেই সর্বস্ব মনে করে তাঁর চিন্তা করলে এবং তাঁরই আজ্ঞানুসারে তাঁর জন্যই কায় মন ও বাক্যে কর্তব্য কর্ম করলেই ভগবানকে প্রাপ্ত হওয়া যায়। ভগবান শ্রীকৃষ্ণ অর্জুনকে তাই বলেছেন, 'যে পরমেশ্বর হতে সমস্ত প্রাণীর উৎপত্তি হয়েছে এবং যিনি সমস্ত জগতে পরিব্যাপ্ত হয়ে আছেন, সেই পরমেশ্বরকে নিজের স্বাভাবিক কর্মের দ্বারা অর্চনা করে মানুষ পরমসিদ্ধি লাভ করেন।[১৩] 'তুমি মদ্‌গতচিত্ত হও, আমার ভজনশীল ও পূজনশীল হও।'...তুমি আমাকেই প্রাপ্ত হবে।'[১৪] এছাড়াও আরো কিছু জায়গায় ভগবান অর্জুনকে তাঁকে অর্চনা করার কথা বলেছেন।

বন্দনা ঃ নবধাভক্তির মধ্যে ষষ্ঠ ভক্তি হল বন্দনা। বন্দনারূপ ভক্তির দ্বারাও ভগবানকে প্রাপ্ত হওয়া যায়। অর্জুন ভগবানের বন্দনা করতে গিয়ে বলেছেন, 'আপনি বায়ু, যম, অগ্নি, বরুণ, চন্দ্র, প্রজাপতি ব্রহ্মা এবং ব্রহ্মার পিতাও আপনি। আপনাকে সহস্রবার প্রণাম করি। পুনরায় প্রণাম করি। আপনাকে বার বার প্রণাম করি।'[১৫] অর্জুন আরো বলেছেন, 'হে অনন্ত সামর্থ্য সম্পন্ন! আপনাকে সম্মুখে প্রণাম, পশ্চাতে প্রণাম! সর্বদিক হতে প্রণাম।'...[১৬] ভগবান শ্রীকৃষ্ণ নিজেও অর্জুনকে তাঁকে নমস্কার করার কথা, বন্দনা করার কথা বলেছেন, 'হে অর্জুন! তুমি আমার প্রতি মনযুক্ত হও, আমার পূজা করো এবং আমাকে নমস্কার করো।...তুমি আমাকেই প্রাপ্ত হবে।...'[১৭]

দাস্য ঃ নবধাভক্তির সপ্তম ভক্তি হচ্ছে দাস্য। দাস্যভাবে ভক্তি হচ্ছে, 'ভগবান তুমি মালিক আমি হচ্ছি তোমার দাস।' দাস্যতে ভগবান মালিক বা প্রভু, ভক্ত তাঁর ভৃত্য, ভগবান ঐশ্বর্যশালী, ভক্ত দীন।

এই ভক্তিতে ভক্ত ভগবানের দাস হিসেবে সেবা করেন। অর্জুন ভগবানকে বলছেন, '...আমি আপনার শিষ্য (দাস), আপনার শরণাগত, আমাকে শিক্ষা দিন।'[১৮] ভগবান শ্রীকৃষ্ণও বলেছেন, 'হে পার্থ তুমি আমার ভক্ত।....'[১৯] গীতাতে অর্জুন হলেন ভগবানের দাস। অর্জুন মোহান্বিত হয়ে পড়ার পর, অর্জুনের মোহভঙ্গ করার জন্য ভগবান একে একে তাঁকে বিভিন্ন যোগ ও তথ্যের কথা বলে বিশ্বরূপ দর্শনও করিয়েছেন। ক্রমে ক্রমে অর্জুনের মোহভঙ্গ হয়েছে এবং অর্জুন তাঁর রথের সারথি শ্রীকৃষ্ণের স্বরূপ জানতে পেরে তাঁকে নিজের গুরু হিসেবে গ্রহণ করেছেন এবং নিজেকে তাঁর ভক্ত, দাস, সেব্য বলে তুলে ধরেছেন।

সখ্য ঃ নবধাভক্তির অষ্টমভক্তি হল সখ্য। দাস্যভক্তিতে ভক্ত ও ভগবানের মধ্যে যে দূরত্ব থাকে তা কেটে যায়, দূর হয়। ভগবান অর্জুনকে বলেছেন, 'তুমি আমার ভক্ত ও প্রিয় সখা...।'[২০] আবার অর্জুন ও ভগবানকে বলেছেন, 'হে দেব! পিতা যেমন পুত্রের; সখা যেমন সখার এবং পতি যেমন তাঁর প্রিয়তমা পত্নীর অপরাধ ক্ষমা করেন তেমনই আপনিও আমার অপরাধ ক্ষমা করবেন।'[২১] তাহলে গীতাতে ভগবান নিজেও অর্জুনকে যেমন সখা বলেছেন তেমনই অর্জুনও ভগবানকে নিজের সখা ভেবেছেন।

আত্মনিবেদন ঃ নবধাভক্তির নবম বা শেষ ভক্তি হল আত্মনিবেদন। সর্বশেষে সর্বনিয়ন্তা, সর্বান্তর্যামী ভগবানের প্রতি, হরির প্রতি সর্বপ্রকারে শরণাগত হওয়াই হল আত্ম-নিবেদন। ভগবান অর্জুনকে বিভিন্ন সময় তাঁর কাছে আত্মনিবেদন করার কথা বলেছেন, 'তারপর সর্বতোভাবে যেই পরমপদরূপ পরমেশ্বরকে অন্বেষণ করা উচিত, যাঁকে প্রাপ্ত হলে জগতে আর ফিরে আসতে হয় না এবং যে পরমেশ্বর হতে এই অনাদি সংসার ব্রহ্মের বিস্তার হয়েছে, আমি সেই আদি পুরুষ নারায়ণের শরণাগত হই'[২২] 'হে ভারত! তুমি সর্বতোভাবে সেই পরমেশ্বরেরই শরণ গ্রহণ করো।'...[২৩] সমস্ত ধর্ম অর্থাৎ সমস্ত কর্তব্যকর্ম আমাতে অর্পণ করে তুমি সর্বশক্তিমান, সর্বাধার পরমেশ্বররূপে একমাত্র আমার শরণ নাও...।[২৪] অর্থাৎ ভগবান অর্জুনকে সফল কর্তব্য অকর্তব্যাদি অর্পণ করে সর্বতোভাবে তাঁর শরণ, তাঁর কাছে আত্মনিবেদনের কথা বলেছেন এবং এও বলেছেন যে সেই পরমেশ্বরের (আমাতে) শরণ গ্রহণ করলে এই জগতে আর ফিরে আসতে হয় না, জগতের এই বেড়াজাল থেকে মানুষ মুক্তিলাভ করে।

এইভাবে শ্রীমদ্ভাগবতকৃত যে শ্রবণ, কীর্তন, স্মরণ, পাদবন্দনা, অর্চনা, বন্দনা, দাস্য সখ্য ও আত্মনিবেদনরূপ নবধাভক্তির উল্লেখ যে গীতাতেও আছে তা দেখানো হল। যদিও গীতাতে এই নবধাভক্তির প্রত্যেকটি পরপর আলোচনা নেই তবুও ভগবানের বাণী এত সবিশেষ যে, তাতে অন্যান্য সাধনের বর্ণনার সঙ্গে সঙ্গে নবধাভক্তির বর্ণনাও করা হয়েছে। অবশেষে বলা যায় যে, গীতাতে সকল শাস্ত্রীয় কথাই বলা হয়েছে, এমন কোন শাস্ত্রীয় কথা নেই যা গীতাতে বলা হয়নি। তাই গীতার অর্থ ঠিকঠাক যদি কেউ অনুধাবন করতে পারেন তাহলে তাঁর আর অন্য কোন শাস্ত্র পড়ার প্রয়োজন হবে না, তাঁর পরমানন্দ প্রাপ্তি হবে কারণ, গীতা হল সব শাস্ত্রের সার।[২৫] গীতা জানলে আর অন্যশাস্ত্র জানার আর প্রয়োজন পড়ে না।

তথ্যসূত্র ঃ

১। শ্রীমদ্ভগবদ্‌গীতা ১।৪৫
২। শ্রবণ্য-কীর্তন্য বিষ্ণোঃ স্মরণং পদসেবনম্। অর্চনং বন্দনং দাস্যম্ সখ্যমাত্মনিবেদনম্।।—শ্রীমদ্ভাগবত ৭।৫।২৩
৩। স্বামী ভূতেশানন্দ, নারদীয়ভক্তিসূত্র, উদ্বোধন কার্যালয়, কলকাতা, ২০১৩, পৃঃ ১৫
৪। 'রাগ' শব্দের অর্থ হল, ইষ্টবস্তুর প্রতি প্রেমময় তৃষ্ণা। আর 'রাগ'ই আত্মা যে ভক্তির অথবা রাগৈক-প্রেরিতা' যে ভক্তি তাকেই বলে রাগাত্মিকা ভক্তি।—ভক্তিরসামৃতসিন্ধু ১।২।২৭২
৫। সনাতন গোস্বামী, বৈষ্ণবপদাবলী পরিচয়, শম্পা বুক হোম, ৯এন্টনীবাগান লেন, কলিকাতা, ২০০২, পৃঃ ৩০
৬। শ্রীমদ্ভগবদ্‌গীতা ১৩।২৫
৭। ছান্দোগ্যউপনিষদ্ ৪।৪-৯
৮। শ্রীমদ্ভগবদ্‌গীতা ৯।১৪
৯। তদেব ১১।৩৬
১০। তদেব ৮।১৪
১১। তদেব ৮।১৩
১২। তদেব ৯।১৪
১৩। তদেব ১৮।৪৬
১৪। তদেব ৯।৩৪
১৫। তদেব ১১।৩৯
১৬। তদেব ১১।৪০
১৭। তদেব ১৮।৬৫
১৮। তদেব ২।৭
১৯। তদেব ৪।৩
২০। তদেব ৪।৩
২১। তদেব ১১।৪৪
২২। তদেব ১৫।৪
২৩। তদেব ১৮।৬২
২৪। তদেব ১৮।৬৬
২৫। তস্মাদ্ধর্মময়ী গীতা সর্বজ্ঞানপ্রযোজিকা। সর্বশাস্ত্রসারভূতা সা বিশিষ্যতে।।—গীতামাহাত্ম্যম-১৯

" 'আমি ও আমার' এই দুটি অজ্ঞান। 'আমার বাড়ী, আমার টাকা, আমার বিদ্যা, আমার এইসব ঐশ্বর্য' এই যে ভাব এগুলি অজ্ঞান থেকে হয়। 'হে ঈশ্বর, তুমি কর্তা আর এ-সব তোমার জিনিস—বাড়ী, পরিবার, ছেলে-পুলে, লোকজন, বন্ধু-বান্ধব—এসব তোমার জিনিস'—এ-ভাব জ্ঞান থেকে হয়।"

—শ্রীরামকৃষ্ণ

"ঠাকুরই সব। তিনিই গুরু, তিনিই ইষ্ট। তাঁর মাঝে গুরু ইষ্ট সব পাবে। তিনিই পুরুষ, তিনিই প্রকৃতি, তিনিই সর্ব দেবময়; সর্ব বীজময়। তিনিই পূর্ণ ব্রহ্ম সনাতন।"

—শ্রীশ্রীমা সারদা

ভাষা আন্দোলন ঃ ইতিহাস ও প্রয়োজনীয়তা

সৌরভ দাস

স্নাতকোত্তর বাংলা, দ্বিতীয় বর্ষ

একটা গল্প দিয়ে শুরু করা যেতে পারে ইতিহাসের সুরটিকে তথ্যের বাইরে জীবনমুখী করে তোলার জন্যই। কারণ সাহিত্য যেমন জীবন সত্যকে তুলে ধরে, ইতিহাসও তেমনি কালের সত্যকে ধারণ করে। সত্য প্রকাশের বিন্দুতেই দু'জনে এক হয়ে যায়। হঠাৎ করে ইচ্ছা হল 'উজ্জ্বল নীলমণি' পড়ব। লাইব্রেরি থেকে ঘটা করে একটা বইও ইস্যু করলাম। যদিও বইটা সংস্কৃতে লেখা; কারণ বইটার কোনো বাংলা অনুবাদ আমি পাইনি। কিন্তু গল্পটায় তার থেকেও বড়ো সত্যটা হল আমি সংস্কৃত পড়তে পারি না। তবুও ইস্যু করলাম একটা সংস্কৃতের ছাত্রের (আমার হার্দিক বন্ধু আর কি) ভরসায়। কিন্তু বইটা যে যতটা আনন্দের সঙ্গে নিল তার থেকেও নিরানন্দের সঙ্গে জানাল টীকা উদ্ধার করা সম্ভব, কিন্তু কি জানিস সময় লাগবে বেশ। আমি তখন ঘোড়া ডিঙিয়ে ঘাস খাওয়ার জাবর কেটে 'উজ্জ্বল নীলমণি'র জ্ঞান ঝাড়ছিলাম, আর কি! হঠাৎ করে, যা হয় আর কি—মোটা ও দুর্বোধ্য বই, শেষ পৃষ্ঠা খুলে বললাম—কতগুলো পাতা আছে বলতো? এবং প্রশ্নটা করার পর আমি যৎপরোনস্তি বিভ্রান্ত হলাম আমার 'নিরস্তরতা' নিয়ে।

২১শে ফেব্রুয়ারির পিছনেও এরকম এক বিভ্রান্তির ইতিহাস লুকিয়ে রয়েছে। সংকটটা তৈরি হয়েছিল মাতৃভাষাকে কেন্দ্র করে। সাম্প্রদায়িকতার দোহাই দিয়ে উর্দুকে পাকিস্তানের রাষ্ট্রভাষা করতে চওয়ায় বাংলা ভাষা-ভাষী পূর্ব পাকিস্তানীদের সম্মিলিত প্রতিবাদ আন্দোলন হিসাবে উঠে আসে পাকিস্তান গণতন্ত্রের বিরুদ্ধে।

এটা গেল ইতিহাসের কথা। বিখ্যাত ফরাসী ইতিহাসবিদ্ ফুসতেল দ্য কুঁলাজ বলেছিলেন—"ইতিহাস আমোদ প্রমোদের বিষয় নয়, ইতিহাস, বিজ্ঞান, এবং আমাদের পছন্দসই বিশেষ বিশেষ যুগের সঙ্গে পরিচয়ও এর উদ্দেশ্য নয়, বরং এর উদ্দেশ্য হল মানুষের অস্তিত্বের প্রতিটি স্তরের সঙ্গে তাকে সম্পূর্ণভাবে পরিচিত করা।" এবং অস্তিত্বের সঙ্গে পরিচিত হতে চেয়েই বোধহয় ৫২-র একুশে ফেব্রুয়ারি ও ইতিহাস থেকে শিক্ষা গ্রহণ করে। ব্রিটিশ আমলে মুসলিমরা দেখেছিল ইংরেজি শিক্ষায় শিক্ষিত হিন্দুরা তাদের থেকে শিক্ষা, সংস্কৃতি সর্বোপরি অর্থনৈতিক ক্ষেত্রে অনেক এগিয়ে গিয়েছিল এবং মুসলিমরা হয়েছিল বিপর্যস্ত। ফলত এই ইতিহাসের শিক্ষাও আন্দোলনকে অনুপ্রেরণা জোগায়। তারা বুঝেছিল উর্দুকে রাষ্ট্রভাষা করলে পূর্ব-পাকিস্তানের বাংলা ভাষা-ভাষী মানুষরা রাতারাতি 'নিরক্ষর' ও সরকারি ক্ষেত্রে অন্তত 'অযোগ্য' বলে প্রমাণিত হবে। ফলে সেটিও একরকমের অধিগ্রহণ-সাম্রাজ্যবাদী স্বৈরাচারিতা। গণতন্ত্রের বিপরীতে এ তো পরাধীনতার গ্লানিবোধই তৈরি করে।

অতএব, এ কথা বোঝা যায় আন্দোলন ছিল অনিবার্য এবং শহীদ হওয়াটাও (হয়ত বা) অমোঘ।

১৯৯৯ সালে ইউনেসকোতে ২১শে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসাবে পালনের জন্য যে প্রস্তাব পাঠানো হয় তার পিছনে উদ্দেশ্য ছিল মাতৃভাষাপ্রেমী শহীদদের উদ্দেশে সম্মাননা

প্রদর্শনের মাধ্যমে নিজ নিজ মাতৃভাষার প্রতি দরদ ও শ্রদ্ধা অর্পণ। কারণ মাতৃভাষাই তো আমাদের প্রকাশ করে এরকম ভাবে। সুতরাং আজকের অনুষ্ঠান আয়োজনের পিছনেও এই ইতিহাসটিই কার্যকর।

আমাদের মাতৃভাষা বাংলার প্রতি ভারতীয় বাংলা ভাষা-ভাষীদের মধ্যে একটা হীনমন্যতার বোধ তৈরি হচ্ছে। এর কারণ হয়ত কেন্দ্রিয় স্তরে হিন্দি ও আন্তর্জাতিক স্তরে ইংরেজি-অন্তত এই দুটি ভাষার অধিগ্রহণ। উত্তর-ঔপনিবেশিকতা দিয়ে এর হয়ত একটা তাত্ত্বিক ব্যাখ্যা খাড়া করা যেতে পারে। বাংলা সংস্কৃতিই বিপন্ন বলা যেতে পারে এবং তা ঘটছে অত্যন্ত নিস্তব্ধ ভাবে।

ভারতে মোট ২২টি ভাষা অঞ্চল বিশেষে official language হিসাবে স্বীকৃত এবং জনসংখ্যার বিচারে বাংলাভাষা সেখানে দ্বিতীয় স্থান অধিকার করে আছে—এ তো বাঙালি জাতির গর্ব করার মতোই সত্যি; কিন্তু তবুও হিন্দি ভাষার প্রতি পক্ষপাত কেন্দ্রিয় স্তরে কিছু সুযোগ সুবিধা লাভ করতে চাওয়ার কারণেই হয়ত—কারণ কেন্দ্রীয় স্তরে হিন্দি ও ইংরাজিই সরকারি কাজকর্মের ভাষা হিসাবে স্বীকৃত। এখানেই মাতৃভাষা কেন্দ্রিক একটা সমস্যা তৈরি হয়।

ইংরাজির ক্ষেত্রে এই সমস্যাটা আরো জটিল। বাংলা মিডিয়াম ছেড়ে ইংরাজি মিডিয়ামে পড়াশোনা করানোর ঝোঁক বাবা-মাদের মধ্যে ক্রমশই বাড়ছে। কিন্তু যে শিশু অভিজ্ঞতা অর্জন করছে বাংলায়, তার পুঁথিগত বিদ্যা ইংরাজিতে হলে জ্ঞানলাভের ক্ষেত্রে কি বিপুল শূন্যতার সৃষ্টি হয় না?

আবার এই সত্যিটাও মানতে হবে যে বাংলা ভাষার সীমাবদ্ধতা আছে। 'সর্ববিদ্যা শিক্ষা দান' বাংলা ভাষায় সম্ভব নয়, বেশ কিছুর ক্ষেত্রে ইংরাজির সাহায্য নিতেই হয়। সেক্ষেত্রে অন্তত প্রাথমিক শিক্ষা মাতৃভাষার হওয়াটাই বিধেয়। রবীন্দ্রনাথের সমর্থন নিয়ে বলা যায়, শিশুর শারীরিক পুষ্টির জন্য যেমন মাতৃদুগ্ধ চাই তেমনই তার প্রাথমিক শিক্ষার জন্য চাই মাতৃভাষা। সঙ্গে এটাও বলা যায় যে দ্বিতীয় ভাষাশিক্ষা মাতৃভাষার মধ্যে দিয়ে হওয়াটাই সহজ। সে কারণেই বর্তমানে পশ্চিমবঙ্গে বাংলা ভাষার শিক্ষাকে বাধ্যতামূলক করা হয়েছে।

যদিও এ কথা বলে মানুষের মন থেকে বিভাষার প্রতি মোহভঙ্গ সম্ভব নয়। সেক্ষেত্রেই ইতিহাসের প্রয়োজনীয়তা আছে বলে মনে হয়। ইতিহাস থেকে শিক্ষা গ্রহণ করে আজকের ভাষা সংকটের থেকে উত্তরণের কথা ভাবা যেতে পারে। এক্ষেত্রে বাংলাদেশের ভাষা আন্দোলন এক গৌরবোজ্জ্বল ইতিহাসের অধ্যায় যা আজকের দিনের ভাষা সমস্যার সমাধানের পথ দেখাতে পারে।

যদিও এটাও সত্যি যে আজকের সংকট খুব ব্যাপক নয়। বাংলাভাষাই বিলুপ্ত হয়ে যাবে—এমন কোনো সম্ভাবনা নেই এখনও, কারণ পৃথিবীতে প্রায় ২০০ মিলিয়ন মানুষ বাংলা ভাষার কথা বলে। শুধু পশ্চিমবঙ্গকে ধরলেও সংখ্যাটা ৮৫ মিলিয়নের মতো। সেক্ষেত্রে হিন্দি বা ইংরাজিমুখাপেক্ষিতা সামান্য কিছু শিক্ষিত নাগরিক শ্রেণির মানুষের মধ্যেই সীমায়িত। এবং বাস্তব সত্যি এটাই যে বহু মানুষ উপভাষার স্তর থেকে চলিত ভাষার স্তরেই এখনও আসতে পারেনি। এ প্রসঙ্গে বলা যায় যে, কোনো ভাষাকে শক্ত করার জন্য, উন্নত করার জন্য উপভাষা বা ভাষার বিভিন্ন স্তরগুলিকে রক্ষা করা প্রয়োজন। উড়িয়া গদ্যের জনক নামে অভিহিত ফকিরমোহন সেনাপতি তাঁর আত্মজীবনীতে বলেছিলেন—উড়িয়া গদ্য সৃষ্টিতে আরবি-ফারসির অন্তরায়কে পেরিয়ে যাওয়া সম্ভব হয়েছিল অন্তঃপুরের মা-লক্ষ্মীদের ভাষার দ্বারাই।

আবার নিজ ভাষাকে অতিরিক্ত গুরুত্ব দিতে গিয়ে অপর ভাষাকে হেয় করা ঠিক নয়। সহমর্মিতার বোধ থাকা প্রয়োজন। যেমন পশ্চিমবঙ্গে বর্তমান বাংলা ও ইংরেজি ছাড়াও আরো ছ'টি ভাষাকে official language হিসাবে রাখা হয়েছে। সেক্ষেত্রে বাংলাভাষাকে গুরুত্ব দিতে গিয়ে অন্যান্য ভাষাকে কোণঠাসা করা অনুচিত। এ ব্যাপারে আসামে 'বঙ্গাল খেদাও আন্দোলন' যে লজ্জাজনক ইতিহাসের সাক্ষী তা থেকে শিক্ষা নিয়ে এ ভুলের পুনরাবৃত্তি ঘটাবো না—আশা করা যায়। সুতরাং আজকে আমরা একটা ঐতিহাসিক দিনকে স্মরণ করছি।

কুঁলাজ বলেই গেছেন ইতিহাস বিলাসের জন্য নয়। ইতিহাসকে অনুধাবন করে আমরা আজকের সত্তা সংকটকে পেরিয়ে যেতে পারি। এই আলোচনা সভার গুরুত্ব এখানেই। ভাষা আন্দোলনের ইতিহাসকে স্মরণের গুরুত্ব এখানেই। সুতরাং এখানে উপস্থিত আমরা ক'জনও মাতৃভাষার গুরুত্ব বুঝতে পেরে বৃহৎ জনসাধারণের কাছে মাতৃভাষাকে ভালোবাসার আবেদন পৌঁছে দিতে পারি, তবেই আজকের অনুষ্ঠানের মূল্য থাকবে। তাই বন্ধ দরজার পেছনে নয়, খোলা আকাশের নিচেই এ ধরণের অনুষ্ঠান করা উচিত। কিন্তু যে কোনো বড়ো কাজের পিছনেই দীর্ঘ প্রস্তুতির প্রয়োজন, এ শিক্ষা ইতিহাসই আমাদের দেয়। সেই প্রস্তুতিই চলছে এখানে আশা করা যায়। এ বিষয়ে বিশেষত ছাত্রদের অগ্রণী ভূমিকা গ্রহণ করতে হবে, পারতপক্ষে বাংলাভাষা-সাহিত্যের ছাত্রদের সমাধানের পথ ভাবতেই হবে—এ বোধই তো গড়ে দেয় ২১ ফেব্রুয়ারি এবং ইতিহাস।

"আন্তরিকভাবে ঈশ্বরকে যে জানতে চাইবে, তারই হবে। হবেই হবে। যে ব্যাকুল, ঈশ্বর বৈ আর কিছু চায় না। তারই হবে।"

—শ্রীশ্রীরামকৃষ্ণ

"যেমন চিন্তা তেমন কর্ম হয়ে থাকে। প্রেমপূর্ণ চিন্তা যেমন আত্মবিকাশের সহায়ক, তেমনি রাগদ্বেষপূর্ণ চিন্তা আত্ম-সংকোচনের কারণ।"

—স্বামী বিজ্ঞানানন্দ

কবিতায়’ ২১

সুদীপ্ত দে
স্নাতক বাংলা, তৃতীয় বর্ষ

মাগো
ওরা বলে
সবার কথা কেড়ে নেবে
তোমার কোলে শুয়ে
গল্প শুনতে দেবে না
বলো, মা
তাই কি হয়?

—(কোনও এক মা-কে)
আবু জাফর ওয়ায়েদুল্লাহ

‘তাই’ হতে না দেওয়ার জন্যই, মাতৃদুগ্ধসম মাতৃভাষার এহেন লাঞ্ছনা হতে না দেওয়ার জন্যই সেদিন রক্ত ঝরেছিল জব্বার রফিক সালাম বরকতের মত শত শত বঙ্গসন্তানের, আজ যা ইতিহাস। অধ্যাপক মোহাম্মদ হারুন-উর-রশীদের মতে, ‘ভাষার প্রশ্নে রাজনৈতিক শক্তির সঙ্গে পূর্ববাংলার জনগণের যে দ্বন্দ্ব তারই প্রত্যক্ষ ফল হচ্ছে বাহান্নর একুশে ফেব্রুয়ারি’।

কি ছিল এর পূর্ব ইতিহাস, কেনই বা রক্ত ঝরেছিল? ১৯৪৭ এর ক্ষত বুকে নিয়েই পৃথক হয়ে গেল ভারত পাকিস্তান আলাদা দুটি রাষ্ট্রে। পাকিস্তানের একাংশ হয়ে পড়ল সুবে বাংলা যার নাম হল পূর্ব পাকিস্তান। ধর্মের ভিত্তিতে বিভক্ত হয়ে যাওয়া পূর্ব পাকিস্তানে হাজার হাজার মাইল দূরত্বের রাষ্ট্র ভাষা উর্দুকে চাপিয়ে দেওয়ার পরিকল্পনা করেন পাকিস্তান প্রধান জিন্না। ১৯৪৮ এর ২১শে মার্চ রেসকোর্সে জিন্নার যে ভাষণ তাতে প্রকাশ পেল বাংলা ভাষার প্রতি তার অপরিসীম অবহেলা ও গভীর অনীহা। একই সঙ্গে তিনি ঘোষণা করেন ‘উর্দু হবে পাকিস্তানের রাষ্ট্রভাষা’। এমনকি ১৯৫২ খ্রিস্টাব্দের ২৬শে জানুয়ারি ঢাকায় পাকিস্তানী প্রধান মন্ত্রী জনাব নাজিমউদ্দীন ঘোষণা করেন পাকিস্তানের “একমাত্র ভাষা হবে উর্দু” আরো বলা হয় “উর্দু মুসলমানের ধর্মীয় ভাষা যে এই ভাষার বিরুদ্ধে কথা বলবে সে কাফের” এমন উদ্ধত ঘোষণার সঙ্গে সঙ্গে ক্ষোভে ফেটে পড়ল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রেরা। গঠন করা হল এক “সর্বদলীয় ছাত্র সংগ্রাম পরিষদ” অনড় সরকারকে আঘাত দেবার জন্য সর্বদলের রাজনৈতিক কর্মী, জনগণ, ছাত্রেরা, শিক্ষক-অধ্যাপক, বুদ্ধিজীবী সম্মিলিত হয়ে প্রাদেশিক পরিষদের বাজেট অধিবেশনের দিন ২১শে ফেব্রুয়ারি, ১৯৫২ ডাক দিলেন সাধারণ ধর্মঘটের। শ্লোগান উঠলো ‘রাষ্ট্র ভাষা বাংলা চাই।’ সরকার জারি করল ১৪৪ ধারা, ছাত্রেরা তা অমান্য করে এগিয়ে গেল—শুরু হল শাসকশক্তির সাথে ছাত্র সমাজের প্রবল সংঘর্ষ। পুলিশের হিংস্র আক্রমণ, কাঁদুনে গ্যাস, গুলিতে আহত হল বহুজন। শহিদ হলেন জব্বার, রফিক, বরকত, সালাম। এই আত্মদানের ফলে পাকিস্থান সরকার বাধ্য হলেন বাংলাকে রাষ্ট্রভাষা হিসাবে স্বীকৃতি দিতে। বাংলা পেল আন্তর্জাতিক ভাষার মর্যাদা।

কবিতায় কি প্রভাব ফেলল একুশের আন্দোলন তা দেখা যাক। ওপার বাংলার ভাষা আন্দোলন বাংলা কবিতা কে যে একটি নতুন মাত্রা দিয়েছিল, তার বাঁক বদল ঘটিয়েছিল সে বিষয়ে কোনও দ্বিমত নেই। মাতৃভাষা ও মাতৃভূমি কবিদের কাছে সমার্থক হয়ে গেছে। তাই বাংলা ভাষাকে ঘিরে যে আবেগ, অনুরাগ, অভিমান-উচ্ছ্বাস উদ্ভাসিত হয়েছে তা প্রকাশ পেয়েছে কবি সাহিত্যিকদের রচিত গান, কবিতা, নাটক প্রভৃতি রচনায়। অধ্যাপক সাঈদ-উর-রহমান তাঁর 'পূর্ব বাংলার রাজনীতি-সংস্কৃতি ও কবিতা' গ্রন্থে পূর্ব বাংলার কবিতাকে পাঁচটি পর্বে বিভক্ত করেছেন—

ক) ১৯৪৭-৫৪ খ্রিঃ

খ) ১৯৫৪-৫৮ খ্রিঃ

গ) ১৯৫৮-৬৫ খ্রিঃ

ঘ) ১৯৬৫-৬৯ খ্রিঃ

ঙ) ১৯৬৯-৭১ খ্রিঃ

১৯৫২ থেকে ১৯৫৪ পর্যন্ত পূর্ব বাংলায় যে দেশপ্রেমের জাগরণী গীতি গীত হয় সে উন্মাদনা জাগিয়ে দিয়ে যায় সমগ্র বাঙালিকে। এই সময়কার আন্দোলনের চরিত্রটা অনেকটা ১৯০৫ এর বঙ্গভঙ্গের মতো। ১৯৫২-র ২১শে ফেব্রুয়ারি ভাষা আন্দোলনের রক্তাক্ত শহীদ দিবস আরো গাঢ় ও জোরদার করে তোলে কবিতার অবয়ব। এসময়ে রচিত কবিতায় কালিপ্রসন্ন, সরলাদেবী চৌধুরাণী, রবীন্দ্রনাথ ও নজরুলের কবিতার ভাব ও ভাষা এমনকি উচ্চারণ ভঙ্গিতেও নিকট সাদৃশ্য লক্ষ করা যায়। ভাষার প্রশ্নে কবিরা অনুভব করেছেন তাদের দেশীয় স্বরূপ, সাহিত্য কী হবে। বাংলা দেশের জনজীবন সংস্কৃতি ইতিহাস সমাজ সংসার তুলে ধরেছেন তাঁদের কবিতায় ও লেখায় ভাষা শহীদদের স্মরণে ও শ্রদ্ধায় নির্মিত ভাষাপ্রীতির অন্যতম স্মারক শহিদমিনার, যা কী না বর্বর সরকারের রোষ দৃষ্টির কারণে ধ্বংসপ্রাপ্ত হয় তার এহেন মর্মান্তিক পরিণতিতে বেদনার্ত হয়ে কবি আল-আজাদ **'স্মৃতিস্তম্ভ'** কবিতায় লেখেন—

"স্মৃতির মিনার ভেঙেছে তোমার? ভয় কি বন্ধু?
আমরা এখনো চারকোটি পরিবার
খাড়া রয়েছি তো।
যে ভীত কখনো কোনো রাজন্য পারেনি ভাঙতে"

এ প্রসঙ্গে অধ্যাপক হারুন-উর-রশিদ যথার্থই বলেছেন—'শহীদ মিনার, বাংলা ভাষা, মা, একুশে ফেব্রুয়ারি এই চারটি শব্দ ভাষা আন্দোলনের কবিতায় প্রতীক হয়ে উঠেছে।'

৫২'র ভাষা আন্দোলনের প্রধান দাবিই ছিল মাতৃভাষা বাংলায় কথা বলার অধিকার, স্বাধীন উচ্চারণ। তাই পশ্চিম-পাকিস্তান সরকার জোরপূর্বক উর্দুকে রাষ্ট্রভাষা ঘোষণা করলে সাধারণ মানুষের মতো কবিদের কলমও প্রতিবাদে গর্জে ওঠে। তার ছাপ লক্ষ করি কবি সৈয়দ শামসুল হকের লেখনীতে—

'এসো ছিনিয়ে নি আমাদের কথা বলার স্বাধীনতা,
কথা বলবার স্বাধীনতা, অক্ষরের
ডানপাশে অক্ষর বসিয়ে শব্দগুলো
তৈরি করবার স্বাধীনতা...'

কবি মাহমুদ আল জামান লেখেন—

'ফের পাবো
স্বর
উচ্চারণ
নিবিড় ছায়াময় পাতা'

শামসুর রহমান তাঁর '**বর্ণমালা আমার দুঃখিনী বর্ণমালা**' কবিতায় লেখেন—

'হে আমার আঁখিতারা তুমি উন্মীলিত সর্বক্ষণ জাগরণে,
তোমাকে উপড়ে নিলে, বলো তবে, কি থাকে আমার?
উনিশশো বাহান্নোর, কতিপয় তরুণের খুনের পুষ্পাঞ্জলি
বুকে নিয়ে আছো সগৌরবে মহীয়সী।
সে-ফুলের একটি পাপড়িও আজ ছিঁড়ে নিতে দেবো না কাউকে।...
বর্ণমালা, আমার দুঃখিনী বর্ণমালা।'

কবি দাউদ হায়দার কখনই অন্য ভাষাকে মেনে নেননি, তাই 'যা আমার নয়, যা আমি বুঝি না' কবিতায় বলেন—

'যা আমার কোন কালের ভাষা নয়,
যা আমি কক্‌খনো বুঝি না।'

ভাষা মা'কে ভালোবেসে, ভাষাপ্রেমে যাঁরা প্রাণ উৎসর্গ করেছিলেন সেই রফিক, বরকত, সালাম সহ নাম-না-জানা আরও অনেকেই যাঁদের রক্তে রঞ্জিত হয়েছিল সেদিনের রাজপথ, সেই সব বীর শহীদের স্মরণে কবিদের কলম-রক্ত-চোখের জলে ভিজে উঠেছিল। কবি হাসান হাফিজুর রাহমান '**চোখের জলে ধোয়া**' কবিতায় লেখেন—

'বরকতের রক্তাক্ত শার্টের জ্বলজ্বলে রঙ
অবিনাশী সূর্য।'

শামসুর রহমান লেখেন—

'জ্বলন্ত মেঘের মতো
আসাদের শার্ট উড়ছে হাওয়ায়, নীলিমায়'

অথবা,

'দেখলাম সালামের হাত থেকে নক্ষত্রের মতো
ঝরে অবিরত অবিনাশী বর্ণমালা।'

কবি আল মাহমুদ লেখেন—

'ফেব্রুয়ারির একুশ তারিখ
দুপুর বেলায় অক্ত
বৃষ্টি নামে, বৃষ্টি কোথায়?
বরকতের রক্ত।'

'কাঁদতে আসিনি ফাঁসির দাবি নিয়ে এসেছি' কবিতায় কবি মাহবুব-উল আলম চৌধুরী অন্যায় অত্যাচারী শাসকের প্রতি সরাসরি ফাঁসির দাবি নিয়ে এসেছেন—

'এখানে যারা প্রাণ দিয়েছে
রমনার উর্ধ্বমুখী কৃষ্ণচূড়ার তলায়
যেখানে আগুন ফুলকির মতো
এখানে ওখানে জ্বলছে অসংখ্য রক্তের ছাপ
সেখানে আমি কাঁদতে আসিনি।...
আমি তাদের ফাঁসির দাবি নিয়ে এসেছি
যারা আমার অসংখ্য ভাইবোনেদের
নির্বিচারে হত্যা করেছে।'...
ভাষার জন্য মাতৃভাষার জন্য বাংলার জন্য
যারা প্রাণ দিয়েছে ওখানে...'

'একুশে ফেব্রুয়ারি' কবিতায় স্মৃতি বেদনায় ভারাক্রান্ত আবদুল মান্নান সৈয়দ লেখেন—

'অজস্র দিনের মধ্যে জ্বলছে একুশে ফেব্রুয়ারির সালাম-বরকত-শফি-
রফিক-জব্বার-আত্মায় আহত হয়ে তুলেছে উদ্দীপ্ত তরবারি।'

আসলে একুশে ফেব্রুয়ারি বিদ্রোহের প্রতীক। অন্যায় অত্যাচারের এক প্রতিবাদী কণ্ঠস্বর, বহ্নিত প্রেরণা। তাই কি কবিতা, কি গান সব কিছুতেই ঘুরে ফিরে এসেছে একুশ। শামসুর রহমান তাঁর **'বাংলা ভাষা উচ্চারিত হলে'** কবিতায় ভাষা মায়ের প্রতি অসীম শ্রদ্ধা ও ভালোবাসা নিবেদন করে লিখেছেন—

'বাংলা ভাষা উচ্চারিত হলে নিকানো উঠোনে ঝরে
রোদ, বারান্দায় লাগে জ্যোৎস্নার চন্দন।...
বাঙলা ভাষা উচ্চারিত হলে চোখে ভেসে ওঠে কত
চেনা ছবি; মা আমার দোলনা দুলিয়ে কাটছেন
ঘুম-পাড়ানিয়া ছড়া কোন সে সুদূরে;....'

আর এভাবেই ওপার বাংলার কবিদের কাছে একুশে ফেব্রুয়ারি হয়ে ওঠে **'একুশের প্রথম প্রভাত ফেরি—অলৌকিক ভোর'।**

তথ্যসূত্র ঃ

১। 'ভাষা আন্দোলনের ইতিকথা' - ডঃ মিজান রহমান সম্পাদিত (কথা প্রকাশ)।
২। 'ওপার বাংলার কবি ও কবিতা'-তরুণ মুখোপাধ্যায় (বঙ্গীয় সাহিত্য সংসদ)।
৩। 'বাঙলা দেশের কবিতা' - দাউদ হায়দার সম্পাদিত (এম.সি. সরকার অ্যাণ্ড সন্স প্রাইভেট লিমিটেড)।
৪। 'একুশের সঙ্কলন' ৭৭'-ডক্টর আশরফ সিদ্দিকী সম্পাদিত (বাঙলা একাডেমি ঃ ঢাকা)
৫। 'আধুনিক বাংলা কবিতার রূপরেখা'-ডঃ অশোক কুমার মিশ্র (দে'জ পাবলিশিং)

বহুভাষিক রাষ্ট্রে মাতৃভাষা চর্চা

শঙ্কর মণ্ডল

স্নাতকোত্তর বাংলা, প্রথম বর্ষ

প্রতিটা মানুষের কাছে তার মাতৃভাষা প্রাণের সম্পদ। আমাদের মাতৃভাষা বাংলা। আমাদের এই মাতৃভাষা বাংলাকে কেন্দ্র করে ওপার বাংলা ও এপার বাংলা আজ সর্বত্রই ভাষা দিবস পালিত হচ্ছে। কিন্তু আমার মনে হয় আজকের দিনে দাঁড়িয়ে দুই দেশের মাতৃভাষা দিবসের তাৎপর্য কোথাও আলাদা হয়ে যায়।

পূর্ববঙ্গের মানুষেরা কেবল মাতৃভাষাকে ভালোবেসে ১৯৫২'র সেই রক্তিম পুষ্পাঞ্জলি দিয়েছিলো। এই মাতৃভাষাকে কেন্দ্র করেই ১৯৭১ এর বাংলাদেশের মুক্তির দাবী, মুক্তিযুদ্ধ, অবশেষে স্বাধীনতা প্রাপ্তি। এবং এই মাতৃভাষা বাংলাকে কেন্দ্র করেই রাষ্ট্রের নাম 'বাংলাদেশ'। আবার ইউনেস্কো প্রবর্তিত আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের নেপথ্যেও আছে ১৯৫২'র সেই রক্তাক্ত স্মৃতি যা বাংলাদেশের মানুষের কাছে পরম গৌরবের।

বাঙালি হিসেবে সেই গৌরবের অংশীদার আমরাও বটে। মাতৃভাষা বাংলাকে নিয়ে আমরাও গর্বিত। কিন্তু মনে রাখতে হবে বর্তমানে বাংলাদেশ থেকে আমাদের অবস্থা স্বতন্ত্র। বাংলাদেশ এক ভাষা, এক জাতি, এক রাষ্ট্র। কিন্তু ভারতবর্ষ নানা ভাষা, নানা জাতির দেশ। সেখানে দাঁড়িয়ে কেবল ভাষাগত ক্ষেত্রেই আমরা বাঙালি নই, বাঙালি সংস্কৃতি আমাদের মর্মে ও মজ্জায়। কিন্তু এর বাইরেও আমাদের আরো এক বৃহত্তর পরিচয় আছে, আমরা ভারতবাসী।

ভারতে স্বীকৃত জাতীয় ভাষার সংখ্যা আঠারোটি। ছোট-বড় মিলিয়ে মাতৃভাষা ২৬০ এরও বেশি। তাই ভারতের মত বহুভাষিক রাষ্ট্রে অতিরিক্ত মাতৃভাষাপ্রীতি এক মারাত্মক খেলা। তার সাক্ষী আমাদের অতীত ইতিহাস ও বর্তমান। উদাহরণ স্বরূপ বলা যেতে পারে আসামের বঙ্গাল খেদা আন্দোলন। আবার আঠারোটি ভাষা যেখানে জাতীয় ভাষারূপে স্বীকৃত, সেখানে হিন্দিকে উন্নত করার জন্য কোটি কোটি টাকা খরচ করা হচ্ছে। অহিন্দিভাষীদের হিন্দি শিখলে কেন্দ্রীয় সরকারের চাকরীগুলিতে তাদের আগাম বেতন বৃদ্ধি করা হচ্ছে।

আমাদের মাতৃভাষা প্রেমীরা মাতৃভাষার প্রতি আনুগত্য দেখাতে গিয়ে এতটাই অন্ধ হয়ে যাই যে, আমাদের মাতৃভাষা যে সংখ্যালঘু মানুষের মাতৃভাষাগুলিকে ধ্বংস করছে সেটা একেবারেই খেয়াল রাখি না। বিহারে হিন্দিকে একচ্ছত্র করে তোলার ফলে মৈথিলির মত এক সমৃদ্ধিশালী ভাষা আজ হারিয়ে যেতে বসেছে। আবার যদি বাংলাকে বিচারের কাঠগড়ায় দাঁড় করানো যায়, দেখা যাবে সে একই সঙ্গে শিকার ও শিকারী। ইংরাজি ও হিন্দির ক্রমবর্ধমান প্রসারের ফলে অদূর ভবিষ্যতে পশ্চিমবঙ্গের বুকেই যে বাংলা ভাষার নাভিশ্বাস উঠবে না, একথা নিশ্চিত করে বলা যায় না। এর মূলে যেমন আছে বিশ্বায়ন,

তেমনি দেশের অভ্যন্তরীণ রাজনীতি। যেখানে এত মানুষ বাংলায় কথা বলে, সেখানে প্রশাসনিক ক্ষেত্রে বাংলার গুরুত্ব কোথায়?

আবার এই বাংলা ভাষার কারণেই সাঁওতালি ভাষা আজ অনেকটাই বিপন্ন। পড়াশুনা বা কর্মসূত্রে যেসব সাঁওতালরা নগরমুখী হচ্ছে তারা ধীরে ধীরে ভুলতে বসেছে তাদের নিজস্ব ভাষা ও সংস্কৃতি। তবে তাদের মধ্যে এখনো যতটুকু টিকে আছে কয়েক প্রজন্ম পরে তা কতোটা টিকে থাকবে তা নিয়ে সংশয় আছে। সাংবিধানিক ক্ষেত্রে এই সংখ্যালঘু সম্প্রদায়গুলির যে অধিকার ও সুযোগসুবিধা দেওয়া হয়েছে, সেগুলি কতোটা বাস্তবক্ষেত্রে কার্যকর তা নিয়েও প্রশ্ন উঠতে পারে।

ভাষার এই আগ্রাসন কেবল তুলনামূলক কম শক্তিশালী ভাষাকেই বিপন্ন করছে না, ডেকে আনছে রাষ্ট্রীয় বিচ্ছিন্নতাবাদ। কংগ্রেসী মুখ্যমন্ত্রী সিদ্ধার্থ শঙ্কর রায় দার্জিলিং সন্নিহিত নেপালি উপজাতি গুর্খাদের গুর্খালি নামক উপভাষা ভিত্তিক স্বাতন্ত্র্যের দাবিকে প্রশ্রয় দিয়ে পশ্চিমবঙ্গের ভৌগোলিক সত্তায় স্থায়ী আঘাত হেনেছেন। সেখান থেকে লেপচারা আজ উৎখাত। অধুনা উত্তরবঙ্গে কামতাপুরী নামক উপভাষাভাষীরা স্বতন্ত্র রাজ্য চাইছেন। হিন্দিভাষী ঝাড়খণ্ডীরা পশ্চিমবঙ্গ থেকে এলাকা কেড়ে নিতে চাইছেন। মোট কথা মাতৃভাষাকে অতিরিক্ত গুরুত্ব দিতে গিয়ে এই বিচ্ছিন্নতাবাদ কি জাতীয় সংহতির অন্তরায় নয়? তবে একথাও ঠিক যে, রাষ্ট্রীয় নিয়মনীতি যদি প্রত্যেকটা ভাষাভাষী মানুষের সর্বাঙ্গীন বিকাশের সহায়ক না হয়, তাহলে তাদের পক্ষে রাষ্ট্রের প্রতি আনুগত্য দেখানো মুশকিল হয়ে পড়ে।

মনে প্রশ্ন জাগে আমরা কি আমাদের মাতৃভাষা বাংলাকে সত্যি ভালোবাসতে পেরেছি! আমরা যারা বাংলা সাহিত্যের ছাত্র তাদের অনেকের কাছে এই ভাষাটি কামধেনুর মত। দুধ দিতে পারলে ভাল, না দিতে পারলে খারাপ। গ্রাম বা শহরে এরকম অনেক মানুষকেই দেখছি, যারা হয়ত বাংলা ভাষার বাইরে আর অন্য কোনো ভাষা জানেই না, অথচ বাংলা সাহিত্য আমাদের চর্চার বিষয় শুনলে তাদের ঠোঁটের কোণে খেলে যায় বিদ্রূপের হাসি। তারা বাংলাকে বিষয় কেন্দ্রিক ভাবে দেখে, ভুলে যায় বাংলা তাদেরও মাতৃভাষা। আবার একই মাতৃভাষার সত্ত্বেও ঊনবিংশ শতাব্দীর কলকাতায় বাঙাল-ঘটির দ্বন্দ্ব স্মরণ করার মতো। ভাষাই যদি একতার বাণী হবে তাহলে আমরা এ বঙ্গে নজরুলকে যথাযথ মর্যাদা দিতে পারিনি কেন? ইতিহাসের পরিহাস এই যে, যে বঙ্গ তাঁর মাতৃভূমি নয়, রাষ্ট্রের ঘোষিত ধর্ম যেখানে ইসলাম, সেখানেই তিনি জাতীয় কবি।

এটাও চর্চার বিষয় হতে পারে, আমরা যে মাতৃভাষার উত্তরাধিকার বহন করছি, তা কি সাধারণ মানুষের মুখের ভাষা! নাকি কোনো শীলিত মার্জিত কৃত্রিম ভাষা। সাধারণ মানুষের ভাষা সম্পর্কে স্বয়ং রবীন্দ্রনাথই অসহিষ্ণু ছিলেন। সেইসময় ঠাকুর বাড়ীকে কেন্দ্র করে চলছে ভাষার ভদ্রায়ন প্রক্রিয়া। হুতোমের নকশাকে বঙ্কিম অপছন্দ করছেন। মধুসূদন আলালের ভাষাকে বলছেন "জেলেদের ভাষা।" প্রমথ চৌধুরী 'কলকেত্তাই' ভাষার কথা বললেও, সে বাবু বাংলা, কৃত্রিম কলাকৌশল ও বুদ্ধিদীপ্তির মারপ্যাঁচে ঘেরা। এঁদের বিপরীত মেরুতে দাঁড়িয়ে ছিলেন স্বামীজি। তিনি ভাষার পরিশীলিত রূপের বিরোধী ছিলেন। তিনি কলকাতার মানুষের আটপৌরে মুখের ভাষার উপর গুরুত্ব দিয়েছেন। 'বর্তমান ভারত' গ্রন্থে তিনি লিখছেন—

যে ভাষায় ঘরে কথা কও, তাতেই তো পাণ্ডিত্য গবেষণা মনে মনে কর। তবে লেখবার সময় একটা কিম্ভুতকিমাকার উপস্থিত কর। যে ভাষায় নিজের মনে দর্শন, বিজ্ঞান চিন্তা কর, দশ জনে বিচার কর সে ভাষা কি দর্শন বিজ্ঞান লেখবার ভাষা নয়?

কিন্তু সেদিন সেই অভিজাত মণ্ডলীর কাছে স্বামীজির এই গভীর মননশীল যুক্তি ধোপে টেকেনি।

এত কিছু সত্ত্বেও বলব, আমরা আমাদের মাতৃভাষাকে ভালোবাসি। এই ভাষা তো কেবল আমাদের ভাব বিনিময়ের মাধ্যম নয়, আমাদের প্রাত্যহিক দিনযাপনের সঙ্গী। আমাদের সর্বাঙ্গীন বিকাশ তথা অস্তিত্বের সঙ্গে যুক্ত। তাই কবি শামসুর রহমান যখন বলেন—

হে তোমার আঁখিতারা তুমি উন্মীলিত সর্বক্ষণ জাগরণে।
তোমাকে উপড়ে নিলে, বলো, তবে কী থাকে আমার।

এই উচ্চারণ তো কেবল নির্দিষ্ট যুগপ্রেক্ষাপটে কিংবা ব্যক্তিক সীমানায় আবদ্ধ থাকে না। তা হয়ে ওঠে সর্বকালের, সর্বজনের। কারণ এই মাতৃভাষাই জাতির অস্তিত্ব থেকে ব্যক্তিত্ব, ইতিহাস থেকে ঐতিহ্য নির্মাণে সহায়ক।

“জীবের অহঙ্কারই মায়া। এই অহঙ্কার সব আবরণ করে রেখেছে। আমি মলে ঘুচিবে জঞ্জাল। যদি ঈশ্বরের কৃপায় ‘আমি অকর্তা’ এই বোধ হয়ে গেল, তাহলে সে ব্যক্তি তো জীবন্মুক্ত হয়ে গেল। তার আর ভয় নাই।”

—শ্রীরামকৃষ্ণ

“আমি সতেরও মা, অসতেরও মা, সব সময় ভাববে আর কেউ না থাক, তোমাদের একজন মা আছে।”

—শ্রীমা সারদাদেবী

কান্টের ভাবনায় পরার্থ-দর্শন

সৌমেন পাল
অতিথি অধ্যাপক, দর্শন বিভাগ

সমাজকে টিকিয়ে রাখতে গেলে সমাজে বসবাসকারী মানুষদের আচরণ কোন পথে চালিত হওয়া উচিত তা নির্ধারণের একটি শাস্ত্র থাকা দরকার। নীতিবিদ্যা হল সেই শাস্ত্র। এখানে প্রধানত নানা নৈতিক মানদণ্ডের গুণাগুণ বিচার করে কোনটি গ্রহণযোগ্য হতে পারে তা খতিয়ে দেখা হয়। এই নীতিবিদ্যা যে সমস্ত মানদণ্ড নিয়ে আলোচনা করে সেগুলির মধ্যে যেমন পরবাদী মানদণ্ড আছে তেমনি আত্মবাদী মানদণ্ডও আছে। যদিও মনস্তাত্ত্বিক প্রকৃতি অনুসারে মানুষ সর্বদাই নিজের সুখ বা কল্যাণ কামনা করে। তথাপি শুধুমাত্র আত্মসুখের সন্ধানে ব্যাপৃত থাকলে পরের স্বার্থের সঙ্গে সঙ্গে নিজের স্বার্থও বিঘ্নিত হবে সে কথা বুঝেছিলেন নীতিবিদ্‌দের অনেকে। তাই অহংবাদের গণ্ডি অতিক্রম করে সকলের কল্যাণ বা মঙ্গলের জন্য সার্বিকভাবে সমাজের স্বার্থ রক্ষার লক্ষ্যে বেশ কিছু নৈতিক মতবাদ গড়ে তোলেন তারা। এই মতবাদগুলির মধ্যে যেমন কর্তব্যবাদী কিছু মতবাদ আছে তেমনি আছে কিছু উদ্দেশ্যবাদী মতবাদও। কাজের ফলের উপর গুরুত্ব না দিয়ে নৈতিক গুণাগুণ বিচার করে কর্তব্য নির্ধারণের কথা বলেছেন কর্তব্যবাদীরা। তাদের মধ্যে ইমানুয়েল কান্ট অন্যতম।

জার্মান সাহিত্য থেকে সংস্কৃতি সর্বত্রই যেমন কান্টের প্রভাব লক্ষ করা যায় তেমনি অধিবিদ্যা, জ্ঞানতত্ত্ব থেকে নীতিতত্ত্ব দর্শনের প্রায় সব অঙ্গনেই কান্টের নিজস্ব অবদান লক্ষণীয়। কান্টের মতে নৈতিক আদর্শ অবশ্যই শর্তহীন, ব্যক্তিনিরপেক্ষ এবং সর্বজনীন হবে। শর্তহীনতা, ব্যক্তিনিরপেক্ষতা, সর্বজনীন এই সকল বৈশিষ্ট্য দ্বারা নিয়ম গঠিত হবে।[১] কান্টের দর্শনে আমরা যে নৈতিকতার ধারণা পাই সেখানে মানুষকে কর্তব্যের জন্যই কর্তব্য করতে বলা হয়েছে। এই কর্তব্যের ধারণা থেকেই মানুষ তার সমাজের প্রতি, অন্যান্য মানুষদের প্রতি দায়িত্ব পালন করে থাকে। কান্টের নৈতিক মতবাদকে অবলম্বন করে একজন মানুষ অন্যের হিতার্থে কেন কাজ করবে সেই উত্তর খোঁজার চেষ্টা করব।

কান্ট আমাদের নৈতিক জীবনে তিনটি মূল ভিত্তির কথা বলেছেন। কান্টের মতে মানুষের নিজের ইচ্ছার স্বাধীনতা আছে তাই সে যখন স্বেচ্ছায় কোন কাজ করে থাকে তখন সেই কাজের পূর্ণ নৈতিক দায়িত্ব তার নিজের। কান্ট আত্মার অমরতার কথা স্বীকার করে বলেছেন নৈতিক আদর্শকে পরিপূর্ণ রূপে গড়ে তুলতে গেলে এক জীবনে তা সম্ভব নয়। জন্মান্তরের মাধ্যমেই আমরা নৈতিক আদর্শকে সত্য করে তুলতে পারি। কান্ট আরও বলেছেন ভগবানের অস্তিত্বে আস্থাবান না হলে আমরা ন্যায়পরায়ণতার সাথে সুখ, আনন্দের সম্বন্ধকে প্রতিষ্ঠা করতে পারি না। কান্টের বিশ্বাস নৈতিক শক্তির চূড়ান্ত জয় অনিবার্য।[২]

কান্টের মতে মানুষ বিচার-বুদ্ধিশীল জীব। তিনি মানুষ সম্পর্কে বলতে গিয়ে বলেছেন—Man is a creature who is half sensual, half rational.[৩] মানুষ একটি প্রাণী যে অংশত ইন্দ্রিয়বৃত্তিসম্পন্ন এবং অংশত বুদ্ধিবৃত্তি সম্পন্ন। এই মানুষের প্রকৃতি বিশ্লেষণ করলে আমরা দেখি মানুষের মধ্যে দুই প্রকার বৃত্তি আছে—জীববৃত্তি এবং বুদ্ধিবৃত্তি। সুখ, দুঃখ, আবেগ, অনুভূতির মধ্যে দিয়ে তার জীববৃত্তি

প্রকাশ পায়। মানুষের জীববৃত্তি বা ইন্দ্রিয়বৃত্তির কাজ মানুষকে সুখ দেওয়া। এই সুখ হল ইন্দ্রিয়জ সুখ। ইন্দ্রিয়ের স্বভাব হল বিষয়ের মধ্যে সুখের অন্বেষণ করা। তাই বিষয়ের মতো ইন্দ্রিয়সুখও পরিবর্তনশীল। মানুষের বুদ্ধিবৃত্তি প্রকাশ পায় জ্ঞান, বিচার, যুক্তি প্রভৃতির মাধ্যমে। মানুষের বুদ্ধিবৃত্তি হল তার উচ্চতর বৃত্তি। বুদ্ধি বলতে কান্ট বুঝিয়েছেন—Man really finds in himself a faculty by which he distinguishes himself from every thing else, even form himself as affected by objects, and that is Reason.[৪] অর্থাৎ মানুষ প্রকৃতপক্ষে তার মধ্যে এক ক্ষমতা আবিষ্কার করে যার সাহায্যে সে নিজেকে প্রত্যেক বস্তু থেকে পৃথক করতে পারে, এমন কি বিষয় দ্বারা প্রভাবিত নিজের থেকেও পৃথক করতে পারে এবং এই ক্ষমতাটি বুদ্ধি। মানুষ তার বিচার শক্তির জন্যই অন্যান্য জীব থেকে পৃথক। এই বিচার শক্তির সাহায্যেই মানুষের কর্তব্য কর্ম নির্ধারিত হয়। এই বিচার শক্তিকে কান্ট আবার দুই ভাগে ভাগ করেছেন — বিশুদ্ধ বিচার শক্তি এবং ব্যবহারিক বিচার শক্তি। মানুষের বিবেক হল তার ব্যবহারিক বিচার শক্তি। বিবেক যে নৈতিক নিয়মকে আমাদের কাছে ব্যক্ত করে কান্ট তাকে বলেছে শর্তহীন অনুজ্ঞা বা আদেশ। প্রসঙ্গত উল্লেখ্য সাধারণ উক্তি এবং আদেশের মধ্যে পার্থক্য আছে। তুমি করতে পার এবং তোমার করা উচিত এই দুটি বাক্য এক নয়। এদের মধ্যে প্রভেদ আছে। দ্বিতীয়টির মধ্যে একপ্রকার বাধ্যতাবোধ আছে। কান্ট যে নৈতিক নিয়মের কথা বলেছেন সেটি হল একধরনের শর্তহীন আদেশ (Categorical imperative)। শর্তাধীন (Hypothetical imperative) আদেশের ক্ষেত্রে আদেশ শর্তের উপর নির্ভরশীল। শর্তহীন আদেশ কোন কিছুর উপর নির্ভরশীল নয়। কান্টের মতে শুধু কর্তব্য পালন করার জন্যই কিন্তু আমরা নৈতিক নিয়ম পালন করব। কান্ট যে নৈতিক নিয়মের কথা বলেছেন সেই নিয়মের মধ্যে নিঃশর্ত ব্যক্তিনিরপেক্ষ আবশ্যিকতার ধারণাটি নিহিত থাকে। সেই জন্য এই নিয়মটা সর্বজনীন। এই শর্তহীন নৈতিক অনুজ্ঞাকে অনুসরণ করেই একজন মানুষ অন্যের জন্য করবে। এক্ষেত্রে বিবেকের আদেশকে সে মান্যতা দিয়ে অন্যের মঙ্গল বা কল্যাণ সাধনের জন্য সর্বতোভাবে চেষ্টা করবে।

মানুষের একটি বিশেষ বৈশিষ্ট্য হল সে কর্তব্যবোধ সম্পন্ন প্রাণী। কান্টের অভিমত হল মানুষের কর্তব্যের জন্যই কর্তব্য করা উচিত। অন্য কোন উদ্দেশ্য সাধনের জন্য নয়। এই কর্তব্য অনুভূতি বা আবেগের উপর নির্ভর করে না। কান্টের ভাষায়—...Duty, does not rest at all on feelings, impulse, or inclinations...[৫] কিন্তু বাসনা এবং ইন্দ্রিয় প্রবণতাগুলি দেহ নির্ভর হওয়ায় প্রাণী রূপে সে এগুলি থেকে কখনই সম্পূর্ণ রূপে মুক্ত হতে পারে না। কান্টের ভাষায়—...being a creature ...he can never be quite free from desires, inclinations, as these rest on physical cause...[৬] অর্থাৎ সৃষ্ট হিসাবে মানুষ ইচ্ছা, প্রবণতা ইত্যাদি থেকে মুক্ত হতে পারে না, কেননা দৈহিকতার মধ্যেই এদের মূল নিহিত। আবার মানুষ কিন্তু অন্যান্য প্রাণীর মতো ইন্দ্রিয় সর্বস্ব নয়। মানুষের মধ্যে ইন্দ্রিয়ের অতিরিক্ত আর একটি বৃত্তি আছে, সেটি হল বুদ্ধিবৃত্তি। অন্যান্য প্রাণীর মতো মানুষ বুদ্ধিবৃত্তির প্রতি উদাসীন থাকতে পারে না। কান্ট মনে করেছেন এই বুদ্ধিবৃত্তির জন্যই মানুষ অন্যান্য পশু থেকে উচ্চ আসনে আসীন। তাই এই বুদ্ধির কাজ শুধুমাত্র ইন্দ্রিয়ের তৃপ্তি সাধন নয়। এই বুদ্ধিবৃত্তির উপযুক্ত একটি কাজ হল সঙ্কল্প গঠন করা যা নিজে নিজেই সৎ। কান্টের মতে নৈতিক জীবনে বিচার বুদ্ধির স্থান অপরিসীম। একমাত্র বিচার বুদ্ধি বা ব্যবহারিক বুদ্ধি আমাদের কর্তব্য নির্ণয় করে দিতে পারে অর্থাৎ

মানুষের নৈতিক জীবন একমাত্র বিচারশক্তি বা ব্যবহারিক বুদ্ধির দ্বারা নিয়ন্ত্রিত হওয়া আবশ্যক। অনুভূতিকে সম্পূর্ণ নির্মূল করে বিশুদ্ধ চিন্তার অনুশীলন করা মানুষের কর্তব্য।[৭] নৈতিক নিয়ম হল শর্তহীন আদেশ। বিনা শর্তে কেবল মাত্র কর্তব্যবোধের দ্বারা উদ্বুদ্ধ হয়েই মানুষকে নৈতিক কাজ করতে হবে। কান্ট কর্তব্যের জন্যই কর্তব্য করতে বলেছেন। তাই এখানে বিবেকের মধ্যে কোন প্রকার কামনা বা প্রেরণা বা অনুশোচনা থাকাটা সমীচীন নয়। কান্ট কর্তব্যের ক্ষেত্রে বিবেকের মধ্যে অনুভূতিকে কোন গুরুত্ব দিতে চাননি। তিনি বলেছেন আমরা যেমন বিনা প্রচেষ্টায় আমাদের নিজেদের অস্তিত্ব অনুভব করতে পারি, তেমনি বিনা প্রচেষ্টাতেই কাজের সৎ বা অসৎ গুণ বিচার করতে পারি।[৮] কান্টের কাছে কর্তব্যবোধ হল বাধ্যতাবোধ। কান্ট কর্তব্যের মহত্তম আদর্শের কথা বলেছেন। ব্রাডলি তার My *station and its duty* গ্রন্থে বলেছেন আমার সামাজিক অবস্থা আমার কর্তব্যের নির্ণায়ক।[৯] শাসনের ভয়ে বা পুরস্কারের লোভে যে কাজ করা হয় সেই কাজকে নৈতিক কাজ বলা যায় না। কর্তব্যের জন্যই কর্তব্য করতে হবে। কান্টের বক্তব্য হল নৈতিক আদেশের জন্যই মানুষকে অন্যের জন্য করতে হবে। নৈতিক কর্তব্যের মধ্যে কোন বিকল্প বা উদ্দেশ্য থাকতে পারে না। এই কর্তব্যবোধ অন্তরের জিনিস। কর্তব্যের প্রেরণা ভেতর থেকে আসে। কান্ট নৈতিক কাজের ক্ষেত্রে বিবেকের দায়বদ্ধতার কথা বা বিবেকের অনুশাসনের কথা বলেছেন। এই বিবেক হল স্বতঃস্ফূর্ত জ্ঞান, এটি হল ঐশ্বরিক অবদান।[১০] মানুষের জীবনে এক চিরন্তন প্রতিদ্বন্দ্বিতা বর্তমান — একদিকে আছে বিবেকের আকর্ষণ আর অন্যদিকে আছে কামনার প্রলোভন। কামনার যখন জয় হয় তখন সে মুক্ত হয়ে উচ্চ জীবনের সন্ধান করে।[১১] কৃচ্ছতাবাদ হল একধরনের জীবন দর্শন যেখানে নৈতিক জীবনের আদর্শ হিসাবে আত্ম অবদমনের কথা বলা হয়। এই মতবাদের মুখ্য বক্তব্য হল প্রবৃত্তিপ্রেরিত হয়ে কাজ করলে হবে না। আত্মস্বার্থ বিসর্জন দিয়ে কাজ করলে সেই কাজ ন্যায্য কাজ।

কান্টের মতে সৎ ইচ্ছাবশত কাজ করলে সেই কর্ম নৈতিক কর্ম বলে বিবেচিত হয়। এমন অনেক কাজ আছে যেগুলোকে আমরা ভালো বলে মনে করি কিন্তু সেইগুলো ভালো নাও হতে পারে। তিনি বলেন ভালো প্রধানত দুই প্রকার — কিছু ভালো শর্ত সাপেক্ষ ভালো আর কিছু ভালো হল নিঃশর্ত ভালো। সৎ ইচ্ছাকে কান্ট নিঃশর্ত ভালো বলেছেন। সৎ ইচ্ছা বলতে মানুষের বৌদ্ধিক ইচ্ছাকে বুঝিয়েছেন। এই বৌদ্ধিক ইচ্ছা নৈতিক ভালোত্বকে নিরূপণ করে। এই সৎ ইচ্ছা মানুষের বুদ্ধিবৃত্তির ফসল। কান্টের মতে বুদ্ধিবৃত্তির উপযুক্ত কাজ হল একটি সঙ্কল্প গঠন করা। এই সঙ্কল্প হল সৎ সঙ্কল্প। কান্টের ভাষায়— "...its true destination must to be produce a will not merely good as means to something else. But good in itself... ।"[১২] অর্থাৎ বুদ্ধিবৃত্তি এমন সঙ্কল্প গঠন করে যা নিজে সৎ কিন্তু কোন কিছুর উপায় রূপে যা সৎ নয়।

কান্ট তার নীতি তত্ত্বে কোনরূপ উদ্দেশ্যবাদকে সমর্থন করেননি। তার নৈতিক মতবাদ হল কর্তব্য ভিত্তিক। কান্ট মনে করেন কোনরূপ লক্ষ্য বা উদ্দেশ্যকে সামনে না রেখে কেবল কর্তব্যের জন্য কর্তব্য করতে হবে। কর্তব্যের জন্য কর্তব্যই হল সৎ ইচ্ছা। এই সৎ ইচ্ছা কোন লক্ষ্য বা লক্ষ্যের অধীন নয়। সৎ ইচ্ছা হল সক্রিয় নৈতিক নির্দেশ। এই নৈতিক নির্দেশ অনুসারে নৈতিক কাজ করা হয়। সৎ ইচ্ছার সাথে কর্তব্যের একটা সম্পর্ক আছে। সৎ ইচ্ছা প্রসূত আচরণই হল নৈতিক কর্তব্য। কান্টের মতে

বুদ্ধিবৃত্তি ও ইচ্ছাবৃত্তি নামে মানুষের মনে দুটি বৃত্তি আছে। কোন বিশেষ উদ্দেশ্য সাধনের জন্য প্রকৃতি এগুলো আমাদের দান করেছে। কেবলমাত্র কামনায় পরিতৃপ্ত বুদ্ধির কাজ হতে পারে না। কেননা মানুষের সহজাত প্রবৃত্তি এই কাজের জন্য যথেষ্ট সক্ষম। তাই বুদ্ধিবৃত্তির কাজ হল মানুষের কর্তব্য কর্মের সাথে। কান্টের ভাষায় — বুদ্ধিবৃত্তি হল সেই পরম অবস্থা গঠনকারী ক্ষমতা যার কাছে মানুষের ব্যক্তিগত স্বার্থসমূহ অত্যন্ত তুচ্ছরূপে গণ্য হয়। কান্টের মতে এই চরম অবস্থা মানুষের জীবনের মহত্তর লক্ষ্য।

বিবেকবান ব্যক্তি তার কর্তব্যের নির্দেশ মেনে চলে স্বেচ্ছায়। কান্টের মতে একমাত্র কর্তব্য—এর জন্যই আমরা কোন কাজ করব। যে ইচ্ছা কোনরূপ ফলাকাঙ্ক্ষা ছাড়া আমাদের কর্তব্যবোধে উৎসাহিত করে তাই হল সৎ ইচ্ছা। আর এক্ষেত্রে আমার ইচ্ছাকে পরিচালিত করতে হবে একটি নির্দিষ্ট নিয়ম অনুযায়ী। কান্ট মনে করেছেন যে ইচ্ছাটা আমাদের কোন ফলের আকাঙ্ক্ষা ছাড়াই আমাদের কোন কিছু করতে প্রেরণা যোগায় তাই হল সদিচ্ছা। এই সৎ ইচ্ছাই হল একমাত্র কল্যাণকর। এই সৎ ইচ্ছাই নৈতিক নিয়মগুলিকে নিজের উপর প্রয়োগ করে। এখানে কান্ট ইচ্ছার স্বাধীনতার ধারণাটিকে বিশ্লেষণ করেছেন। তিনি বলেছেন মানুষের ইচ্ছা যখন বিচার বুদ্ধি দ্বারা প্রণোদিত হয়ে কর্মে প্রবৃত্ত হয় তখন সেই ইচ্ছা হল স্বাধীন। অন্য কোন উদ্দেশ্যের কথা না ভেবে কেবল মাত্র কর্তব্যের জন্যই কর্তব্য করা হল স্বাধীন ইচ্ছার ধর্ম। অন্যদিকে আবেগের বশে কামনা বাসনার দ্বারা চালিত হয়ে সুখ দুঃখ প্রভৃতি অনুভূতির দ্বারা অভিভূত হয়ে যখন কোন কাজ করা হয় তখন সেই ইচ্ছা হল পরাধীন। সৎ ইচ্ছা সবসময় স্বাধীন। ইচ্ছা তখনই সৎ হয় যখন বিচার বুদ্ধির নিয়ম অনুযায়ী ইচ্ছা করা হয়। মানুষ যখন বিচার ও বিবেচনা অনুযায়ী কাজ করে তখন সে প্রকৃত মানুষ। অনুভূতির বশীভূত হয়ে যখন সে কাজ করে তখন সে পশুতুল্য।[১৩] তাই অনুভূতির বশীভূত না হয়ে বিচার বিবেচনা করে সবসময় কাজ করতে হবে। বিচার বিবেচনার সাহায্যেই মানুষ অন্যের জন্য কিছু করার কথা ভেবে থাকে এবং সেই ভাবনার বশীভূত হয়েই একজন মানুষ অন্যের মঙ্গল বা কল্যাণ সাধনার কথা ভেবে থাকে।

তথ্যসূত্র ঃ

১। সরকার, প্রহ্লাদ কুমার, (সম্পা.), কান্টের দর্শন, দর্শন ও সমাজ ট্রাস্ট, বালি, হাওড়া, ১৯৯৭, পৃ.১৩৭

২। নন্দী, সুধীর চন্দ্র, নীতিবিদ্যা, পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ, কলকাতা, ১৯৭৫, পৃ.-১৬৪

৩। The Encyclopidia of philosophy, reprint edition, 1972, vol-4, p-317

৪। Abott T.K, Kants critique of practical reason and other works on the theory of ethics, Longmans Gteen and co, Bombay, 1898 p-71

৫। Ibid, p-52

৬। Ibid, p-166

৭। মুন্সি, রমেশ চন্দ্র, নীতি বিজ্ঞান, বৈকুণ্ঠ বুক হাউস, কলকাতা, ১৯৮০ পৃ-৯৫

৮। মজুমদার, ইন্দ্রভূষণ, নীতিবিজ্ঞান, সাউথ ক্যালকাটা এডুকেশনাল পাবলিশার্স, কলকাতা, ১৯৬৪, পৃঃ ১০৬

৯। নন্দী, সুধীর চন্দ্র, নীতিবিদ্যা, পশ্চিমবঙ্গ রাজ্য পুস্তক পর্ষদ, কলকাতা, ১৯৭৫, পৃঃ ১৭৫

১০। মজুমদার, ইন্দ্রভূষণ, নীতিবিজ্ঞান, সাউথ ক্যালকাটা এডুকেশনাল পাবলিশার্স, কলকাতা ১৯৬৪ পৃঃ১০৭

১১। তদেব, পৃ-৭৮

১২। Abott T.K., kants critique of practical reason and other works on the theory of ethics, Longmans Gteen and co, Bombay, 1898, p-12

১৩। সেনগুপ্ত, প্রমোদবন্ধু মুখোপাধ্যায়, মতিলাল, নীতিবিজ্ঞান, ব্যানার্জী পাবলিশার্স, কলকাতা, ১৯৬১, পৃ-১৬৩

গল্প

সম্মান-অসম্মান

শুভঙ্কর ঘোড়ুই

স্নাতকোত্তর বাংলা, প্রথমবর্ষ

(১)

বাস থেকে নামবার সময়েই হারান খুড়োর সঙ্গে বোকার চোখাচোখি হয়ে গেলো। 'কি হে বোকা, বলি খবরখানা কি?'—প্রশ্নটা হারান খুড়োই করল।

'এই আজই পড়াশুনো শেষ করে গ্রামে ফিরে এলাম।'

'তাহলে শহরের কাজ শেষ?'

'হ্যাঁ। আপাতত আর পড়াশুনোর জন্য শহরে না গেলেও চলবে।'

বাসস্ট্যান্ড থেকে বোকাদের বাড়ি চার মিনিটের হাঁটা পথ। মরামের রাস্তা দিয়ে হাঁটতে হাঁটতে অনেক প্রতিবেশিদের সঙ্গে দেখা হয়ে গেলো। তাই চার মিনিটের পথ অতিক্রম করতে তার সময় লেগে গেলো প্রায় পঁয়ত্রিশ মিনিট।

চিঠি মারফত আগেই সে আসবার কথা জানিয়ে দিয়েছিল।

বোকা বাড়িতে ঢুকে হাতের ভারি জিনিসপত্রগুলো নামিয়ে রেখে ঘাম মুছতে থাকে। বড্ড বেশি গরম পড়েছে।

বোকার মা ছেলের জন্য পছন্দের খাবার রান্না করছিল। বোকাকে দেখে তিনি রান্না ঘর থেকে ছুটে এসে এক গ্লাস জল হাতে দিয়ে বললেন, 'গরমে চোখ মুখ একদম লাল হয়ে গেছে। রাস্তায় আসতে তোর কোনো অসুবিধা হয়নি তো?'

বোকা জলের খালি গ্লাসটা নামিয়ে রেখে বলে, 'না'।

'বোকা, তুই আগের থেকে অনেক রোগা হয়ে গেছিস। খাওয়া-দাওয়া করিস না নাকি?'

'করি', তারপর একটু থেমে কি জেনো একটা চিন্তা করে সে বলে, 'মা, তোমাকে একটা কথা বলবো?'

'কথা বলার জন্য আবার অনুমতি নিতে হবে নাকি? তুই তো এরকম ছিলিস না—কি বলবি তাড়াতাড়ি বল।'

বোকা ধীরে-সুস্থে বলে, 'মা, তোমরা আমাকে আর 'বোকা' বলে ডেকো না। হাজার হোক আমি শহর থেকে এমএ ডিগ্রি নিয়ে এসেছি। তাই আমাকে আজ থেকে বিকাশ বলেই ডেকো—আজ আমি দেখলাম পাড়ার সবাই আমাকে বোকা বলেই ডাকছে, ওদেরও আমি কাল বারণ করে দেবো।'

ছেলের মুখে এই কথা শুনে বোকার মা বলে, "কোথা থেকে লাটসাহেব এলেন রে। উনি শহর থেকে পড়াশুনো করে ফিরেছেন বলে ওনাকে 'বিকাশবাবু' বলে ডাকতে হবে—সেটি চলবে না। তুই আমার কাছে আজও সেই ছোটোটিই আছিস।"—এই বলে তিনি পুনরায় রান্নাঘরে চলে গেলেন।

বোকা আর কোনো কথা বলল না। পোশাক পরিবর্তন করে সে এসে দাঁড়ালো আলমারির বড়ো আয়নাটার সামনে।

পরদিন বোকার সঙ্গে যার যার দেখা হলো, সে সবাইকে আলাদা আলাদা করে বলে দেয়, তাকে যেনো সবাই বোকা না বলে বিকাশ বলে ডাকে। কিন্তু কে কার কথা শোনে!

এমন কর্মটি করতে গিয়ে সে সবার কাছে আরও হাসির পাত্র হয়ে উঠলো। আর তাকে খ্যাপাবার জন্য আরও বেশি করে 'বোকা', 'বোকাদা', 'বোকাভাইপো' ছাড়াও 'লাটসাহেব', 'ফুলবাবু' ইত্যাদি সম্বোধনগুলোও বাড়তিভাবে তার কপালে এসে জুটে গেলো।

২

রাত্রে বিছানায় শুয়ে শুয়ে বোকা ভাবতে লাগলো, এর কি প্রতিকার করা যায়। চট করে তার মাথায় একটা প্ল্যান চলে এলো। সে ঠিক করলো আগামীকাল থেকে তার পাণ্ডিত্য সকলের কাছে উজার করে দেখাবে।

সকালে ঘুম থেকে উঠে বোকা দেখলো তার খাটিয়ার মাথার দিকে একটা ঝাঁটা রাখা আছে। তার মা সেই সময় তাকে চা দিতে এসেছিল। বোকা চায়ের কাপটি হাতে নিয়ে বলল, 'মাতৃদেবী, আমার পালঙ্কের শিয়রে সম্মার্জনীটি রাখিয়াছো কেনো, তাহা কি জানিতে পারি? ইহা যে অত্যন্ত অমঙ্গলের সূচকবাহী।'

ছেলের মুখে এই উদ্ভট, কিম্ভূত কথাগুলো শুনে তার মার প্রায় কাঁদো কাঁদো অবস্থা। তিনি বললেন, 'ও বোকা, তুই আবার এ সমস্ত কথাবার্তা কোথা থেকে শিখিছিস? এর মানে কি? তোর মাথাটা খারাপ হয়ে গেলো না তো?'

বোকা নিশ্চিন্তে চায়ের কাপে একটা চুমুক দিয়ে বলল, 'না মাতা। আমার কিছুই হয় নাই। আমি এতদিন যাবৎ শহরে থাকিয়া যে উচ্চশিক্ষা প্রদত্ত হইয়াছি, ইহা যে তাহারই ফসল। এখন নিশ্চই বুঝিতে পারিতেছ, আমার জ্ঞানের পরিধি কত বৃহৎ। অতএব, আমার সহিত এরপর কোনো কথা বলিলে উপযুক্ত সম্মান দিয়ে কথা বলিবে।'

ছেলের মুখে এই কথা গুলোর অর্ধেক অর্থ বুঝতে পেরে এবং না পেরে তার মা কপালে হাত দিয়ে ধপ করে মাটিতে বসে পড়লো।

ঐ দিন সকালে বোকার সঙ্গে তার নিবারণ কাকার দেখা হয়ে গেলো। নিবারণ কাকা তাকে জিজ্ঞাসা করে, 'তাহলে বোকা, এখন কি করবি ভাবছিস?' বোকা একটুও রাগ দেখালো না। সে সহজ ভাবেই উত্তর দেয়, 'এখনও কি করিব ভাবি নাই, তবে কিছু একটা করিব ইহা নিশ্চিত—আর খুল্লতাত, আপনার মস্তকের কেশগুলি যে সব পাকিয়া গেলো। আপনি বৃদ্ধ হইয়া যাইতেছেন—আর আমার কথাবার্তা শুনিয়া নিশ্চয়ই বুঝিতে পারিতেছেন আমি কি রূপ সম্মানীয় ব্যক্তি। অতঃপর, আমার সহিত কোনো কথা বলিলে সম্মানের সহিত বলিবেন।'

বোকার মুখে এই রকম কথা শুনে নিবারণের চোখ গোল গোল হয়ে গেলো। সে বললো, আমি না হয় বুড়ো হয়ে যাচ্ছি, কিন্তু তুই শহর থেকে আসার পর যে সম্পূর্ণ পাগল হয়ে গেছিস তাতে আমার বিন্দুমাত্র সন্দেহ নেই।' কথাটা বলেই নিবারণ হনহন করে নিজের কাজে চলে গেলো।

ইতিমধ্যে এই খবরটা গোটা গ্রাম রাষ্ট্র হয়ে গেলো। আর তার ফলে বোকার লজ্জায়, অপমানে গ্রামের আর কারোর কাছে মুখ দেখাবার অবকাশটুকুও রইলো না।

বোকার এই কীর্তির কথা ক্রমে ক্রমেই তার মায়ের কানেও পৌঁছেছিল। শুধু তাই নয়, বোকার এই মূর্খামির জন্য তার মাকেও ভালো মন্দ অনেক কিছু পাড়া প্রতিবেশিদের কাছ থেকে শুনতে হয়েছে। তাই তিনিও বোকার উপর প্রচন্ড রেগে গেলেন, 'ঢের হয়েছে। আপনার আর গ্রামে থেকে কোনো কাজ নেই। বাবু সম্মান পাবার জন্য একেবারে মরিয়া হয়ে উঠেছেন। আপনি রুজি-রোজগারের জন্য বরং আবার শহরেই ফিরে যান। সেখান থেকেই আপনি টাকা পাঠাবেন। গ্রামে আর লোক হাসাতে আসবেন না।'

লজ্জায় ও অপমানে, দুঃখে ও কষ্টে বোকা পুনরায় ফিরে গেলো শহরে—কাজের খোঁজে।

৩

বোকা শহরে গিয়ে একটা বেসরকারি কোম্পানিতে কাজের জন্য ইন্টারভিউ দিতে গেলো—

'আপনার নাম কি?'

'বোকা! থুড়ি, বিকাশ মজুমদার।'

'আপনার বাড়ি কোথায়?'

'পূর্ব মেদিনীপুর জেলার চন্ডীপুর গ্রামে।'

'ও, গ্রামে বাড়ি। তা অবশ্য দেখেই বোঝা যাচ্ছে।—তা পড়াশুনো কতদূর?'

'এমএ পাশ।'

'এমএ পাশ' কথাটা ইন্টারভিউ কর্তা বিড়বিড় করে দু'বার উচ্চারণ করলো, তীক্ষ্ণ দৃষ্টিতে একবার দেখে নিল বোকাকে। তারপর বললো, আপনি এতদূর পড়াশুনো করে শেষ পর্যন্ত টাইপিং আর ফাইল বইবার কাজ করতে আসছেন—এতে আপনার সম্মানে লাগবে না?

বোকা মনে মনে চিন্তা করে, "গ্রামে এর আগে তার সঙ্গে কেউ 'আপনি' বলে কথা বলেনি। মা যদিওবা একবার 'আপনি' বলেছিল—তাও আবার তার উপর রাগ করে—হোক না ছোটো কাজ, এখানে তবুও তো আত্মসম্মানের সঙ্গে কাজ করতে পারবে।"—এই ভেবে সে বললো, 'না। ছোটো কাজে আমার কোনো অসুবিধা নেই।'

'ঠিক আছে। আপনি গতকাল থেকেই কাজে লেগে যান। মাইনে প্রতি মাসে পাঁচ হাজার টাকা পাবেন। এখন মাসের আধাআধি। তাই এই মাসে অর্ধেক মাইনেই পাবেন...চলবে?'

'দৌড়োবে।'

বোকা কাজে লেগে গেলো। তবে স্বল্প চেষ্টাতেই বোকার ভাগ্যে যে কাজটি জুটেছিলো, তাতে সে মোটেই দক্ষ নয়। কম্পিউটার সে আগে কলেজে দেখেছে, কিন্তু এর আগে সে এই যন্ত্রটির সামনে কোনোদিনই বসেনি, আর টাইপিংয়ের কাজ তো তার কাছে দূরস্থ। আবার একদিন শিবনাথ বাবুর টেবিলে কিছু ফাইল রাখতে গিয়ে জলভর্তি কাচের গ্লাসটা তার কনুইয়ে লেগে মেঝেতে পড়ে চুরমারা হয়ে যায়। এরজন্য 'গাঁইয়া', 'গেঁয়োভূত', 'অকম্মার ঢেঁকি', 'হাঁদারাম'—ইত্যাদি হরেক রকম নতুন নতুন বিশেষণ তার ভাগ্যে জুটেছিল।

প্রথম প্রথম তাকে সবাই 'বিকাশ' বলেই ডাকত, কিন্তু তার কাজে বিস্তর গলদের জন্য কখন সে যে কবে বিকাশ থেকে পরবর্তী বিশেষণগুলির দ্বারা চিহ্নিত হয়ে গেছে তা বুঝতেই পারেনি।

যখন তার হুঁশ হলো তখন সে ভাবলো পুনরায় গ্রামে ফিরে যাওয়াই ভালো, কিন্তু শহরে আসবার সময় শহরে তার মায়ের কথাগুলো বারবার মনে পড়তে লাগলো। তবুও সে ভাবলো, ঘরের লোকের চেয়ে বাইরের লোকের কাছে অপমানিত হওয়া আরোও বেশি অপমানজনক।

অগত্যা সে সবদিক ভেবে শেষ পর্যন্ত গ্রামে ফিরে যাওয়াই স্থির করে ফেললো।

৪

হাজার হোক মায়ের মন। তাই বোকাকে দেখে তার মা প্রথমেই বলে উঠলেন, 'বাবা তুই এসেছিস। শহরে মন টিকছিলো না বুঝি, আমাদের জন্য মন কেমন করছিল?' বোকা কি বলবে ভেবে পেলো না। কিছুক্ষণ পর ধরা গলায় বললো, 'হ্যাঁ মা। তাই ফিরে এলাম।' তার মা বললো, 'তা ভালোই করেছিস।'

মধুর সম্ভাষণে কথাবার্তা শুরু হলেও তা আর বেশিক্ষণ মধুর থাকলো না।

বাড়িতে অর্থাভাব। বোকার বাবার পক্ষে আর বাইরে বাইরে কাজ করে উপার্জন করা প্রায় সম্ভবই হচ্ছে না। তাই যোগ্য ছেলে হয়ে তাকেই কিছু একটা করতে হবে।

গ্রামে একটি প্রাইমারি স্কুল আছে। বোকা ভাবলো সেখানে যদি আংশিক সময়ের জন্যও শিক্ষকতার কাজ করা যায় তাতে অন্তত কিছু উপার্জন হতে পারে।

পরদিন বোকা স্কুলের হেডমাস্টার মাধব চট্টোপাধ্যায়ের সঙ্গে এই বিষয়ে কথা বললো।

সচরাচর, বিশেষত গ্রামে এমএ পাশ ছেলে দেখা যায় না। তাও আবার সে যখন নিজে থেকে এসেই পড়াতে চাইছে তখন তাঁকে ফিরিয়ে দেওয়া ঠিক হবে না ভেবে বোকাকে তিনি আংশিক সময়ের জন্য বাংলা শিক্ষকের পদে নিয়োগ করে দিলেন। তাতে বোকা মাইনে যা পাবে সেই টাকাতে অন্তত নিজের হাতখরচা বাদ দিয়ে গ্রামে একটা ছোটো সংসার অনায়াসেই চলে যাবে।

কিছুদিন পর বোকাকে প্রাইমারি স্কুলের শিক্ষক হিসেবে দেখা গেলো। এতে অবশ্য বোকার কিছুটা পদোন্নতি হয়েছে। সে 'বোকাদা', 'বোকাভাইপো' ছাড়াও 'বোকা মাস্টার' হতে পেরেছে। এমনকি ছাত্র ও শিক্ষকরাও তাকে আড়ালে ঐ নামেই ডাকে। বোকা একবার বলেছিল, 'আমি তো এই স্কুলের একজন শিক্ষক, অন্তত সেই সূত্রে আমাকে আমার প্রাপ্য সম্মানটুকু দাও।' বিশেষ করে ছাত্ররা তো তার কথা শোনেইনি, বরং তাকে নিয়ে আরোও বেশি হাসি-মসকরা করেছে।

৫

বোকা আজ স্কুলে ছাত্রদের কাজ দিয়ে চোখ বুজিয়ে এই সমস্ত কথাগুলোই ভাবছিল। সত্যিই তার কোনো পরিবর্তন হলো না। হাজার চেষ্টা করে এখন সে ক্লান্ত। বরং একটা সহজ উপায় আছে, নিজেকে কি পরিবর্তন করে নেওয়া যায় না?

হঠাৎ একজন ছাত্র এসে বললো, 'স্যার, কাজ হয়ে গেছে'—এই বলে সে নিজের খাতাটা বোকার টেবিলের উপর রাখলো। বোকা নেতানো শরীরটাকে কোনো রকমে চেয়ার থেকে তুলে চোখ দুটি রাখলো ছাত্রটির খাতায়। আজ তার মন ভালো নেই। শেষ পর্যন্ত সে নিজের পকেট থেকে কলমটি তুলে নিয়ে ছাত্রটির খাতাটি ভালোভাবে দেখে তার নীচে স্বাক্ষর করে দেয়। স্বাক্ষরটি কতকটা এইরকম—'বোকা মজুমদার', তার তলায় আজকের তারিখ—২৭/বৈশাখ/১৪২৩।

ছাত্রটি 'বিকাশ বাবু'-র দিকে তাকিয়ে দেখলো স্যারের শরীরটা পরাজিত সৈনিকের মতো আবার চেয়ারে নেতিয়ে পড়েছে। ডান হাতের কনুইটা ভাঁজ করে কপালের উপর রাখা। বাঁ-হাতটি কোলের উপর। আধবোজা দুই চোখ দিয়ে নিঃশব্দে গড়িয়ে পড়ছে জলের ধারা।

আজ 'বিকাশবাবুর' এই অবস্থা দেখে ছাত্রটিরও খুব কষ্ট হলো।

"টাকায় কিছুই হয় না, নামেও হয় না, যশেও হয় না, বিদ্যায়ও কিছু হয় না, ভালবাসায় সব হয়—চরিত্রই বাধা-বিঘ্নের বজ্রদৃঢ় প্রাচীরের মধ্যে দিয়ে পথ করে নিতে পারে।"

—স্বামী বিবেকানন্দ

'বর্ণপরিচয়'

সুরজিৎ দাস
স্নাতকোত্তর বাংলা, প্রথমবর্ষ

'কে রে? কী করছিস?' বাড়ির ভিতর থেকে আওয়াজ এলো।

'আমি।'

'আমিটা কে?' বলতে বলতে বেঁটেখাটো, মোটাসোটা গোছের এক ভদ্রলোক বেরিয়ে এল। তাকে অনেকটা জালার মতোন দেখতে। নাকের কাছে মাছিগোঁফ, আর মাথায় ফুটবল খেলার গ্রাউণ্ডের মতো বিস্তীর্ণ জায়গা জুড়ে টাক। গম্ভীর গলায় অর্ণবের দিকে তাকিয়ে বললো—'কী করছিস এখানে?'

নীল সাদা চেককাটা ময়লা জামা আর একটি হাফ-প্যান্ট পরা বছর আটেকের ছেলে অর্ণব। তার হাতে একটা মাঝারি গোছের বস্তা। অর্ণব বলল—'এই তো প্ল্যাস্টিক কুড়ুচ্ছি।'

'প্ল্যাস্টিক কুড়ুচ্ছি!' দাঁত খিঁচিয়ে উঠল বেঁটে লোকটা 'যা যা এখান থেকে চলে যা। এরা সব বেটা এক-একটা চোর, প্ল্যাস্টিকের নাম করে যা পারে তাই বস্তায় ঢুকুবে।'

'না কাকু তা নয়।'

'তা নয়, বললেই হলো। দেখা দেখি বস্তার ভিতর কী আছে।'

অর্ণব বস্তার মুখটা খুলে ধরে। সেখানে কিছু পলিথিনের ব্যাগ ও কিছু প্ল্যাস্টিকের গ্লাস দেখা যাচ্ছে, তাছাড়া আর কিছুই দেখা যাচ্ছে না।

ভদ্রলোকটি কিছুক্ষণ ভেবে মাথা খাটিয়ে বললো, 'এতো উপরে প্ল্যাস্টিক ছাড়া কিছুই দেখা যাচ্ছে না, তুই বস্তার ভিতর লুকিয়ে নিশ্চয়ই কিছু রেখেছিস। কী ভেবেছিস, আমি কিছুই বুঝি না?'

অর্ণব বললো—'না, কাকু, আমি চুরি করিনি, আমি এগুলো নিয়ে গিয়ে বিক্রি করে পয়সা রোজগার করি।'

'পয়সা রোজগার করি, 'এতে কত টাকা হয় রে?' কৌতূহল ঝরে পড়ে গলায়। 'বস্তার ভিতর যে চোরাই জিনিসপত্রগুলো আছে তাই বিক্রি করিস, ওতেই তোদের চলে। বেটা একটা চোর।'

'না...না কাকু', বলে অর্ণব রাগে সব জিনিসপত্র ঢালতে যায়।

'আরে আরে করিস কী, করিস কী? যতসব ময়লা কাগজ কুড়িয়ে এনে জায়গাটাকে নোংরা করবি নাকি। যা-যা এখান থেকে, মানে মানে কেটে পড় দেখি।' এই বলে ভদ্রলোকটি চলে যায়।

অর্ণব মাথা নিচু করে বস্তা নিয়ে হাঁটতে হাঁটতে গলির রাস্তা ছেড়ে মেন রাস্তায় ওঠে। রাস্তার ধারে বড়ো বড়ো বাড়ি। কোনো কোনো বাড়ি থেকে বই পড়ার শব্দ আসছে—

"রাখাল গরুর পাল নিয়ে যায় মাঠে।।
শিশুগণ দেয় মন নিজ নিজ পাঠে।"

কিছুক্ষণ দাঁড়িয়ে থাকে অর্ণব। তারপর আবার কাগজ কুড়নোর কাজে পায়ে পায়ে এগিয়ে যায়। রাস্তার ধারে একটা ডাস্টবিনের পাশে কিছু কাগজ পড়ে থাকতে দেখে সে। কুড়োতে গিয়ে দেখতে

পায় একটা বই। মুখ থেকে আশ্চর্যরকম ভাবে বেরিয়ে এল 'বই'। কয়েকটা পাতা উল্টোতেই অর্ণবের চোখে পড়ল কীসব আঁকা, আর কী সব হিজিবিজি লেখা। সবই অস্পষ্ট।

অর্ণব কোনো দিনই বই পড়েনি। পাঠশালার দরজায় সে পৌঁছাতে পারেনি। তার মনে পড়ে দু-একবার বাবার সঙ্গে গলা মিলিয়ে বলেছিল, 'অ-এ অজগর আসছে তেড়ে। 'আ'-এ আমটি খাব পেড়ে।' এসবই তার কাছে এখন অতীত, অস্পষ্ট। বাবা মারা যাবার পর আর হয়ে ওঠেনি, গালের উপর গড়িয়ে পড়ে দু'ফোঁটা জল।

হঠাৎই কাঁধে বস্তা আর হাতে বইটা নিয়ে ছুটতে থাকে অর্ণব বাড়ির দিকে। ছুটতে ছুটতে তিরপল দিয়ে ছাওয়া জায়গায় এসে চিৎকার করে, 'মা, ও-মা বাড়িতে আছো।'

'কিরে, এত ডাকছিস কেন?' বাইরে বেরিয়ে এসে মা জিজ্ঞাসা করে, 'কী হয়েছে?'

অর্ণব হাঁফাতে থাকে। মায়ের হাতে বইটা দিয়ে বললো, 'মা দেখতো, এটা কীসের বই?' সুপর্ণা হাতে নিয়ে উল্টে পাল্টে দেখে বললো, 'বাবা, আমি তো পড়াশোনা কোনোদিন শিখিনি। আর বুঝতেও পারছি না।' বইটা হাতে নিয়ে দেখতে দেখতে ছেলের হাতে ফিরিয়ে দেয়। কাঁপা কাঁপা হাতে অর্ণব বইটা নিয়ে কিছুক্ষণ ভাবে। তারপর হঠাৎই সে বস্তা রেখে আবার ছুটতে থাকে।

সুপর্ণা পিছন থেকে ডাকে, 'এই শোন, কোথায় যাচ্ছিস।' মায়ের কথা অর্ণবের কানে পৌঁছায় না।

পাশ দিয়ে ছুটে চলেছে মোটরগাড়ি, অর্ণব যেন তাদের থেকেও জোরে ছুটতে থাকে। যত এগোয় ততই ভিড় বাড়ে। অর্ণব একটা চায়ের দোকানে গিয়ে বললো, 'দাদু, দেখতো এটা কীসের বই।'

'এটা তো বর্ণপরিচয়!'—বইটার মলাট দেখে বললো।

'তুমি এটা পড়তে পারবে?'

'কেন রে, আমার পড়ার সঙ্গে তোর সম্পর্ক কী?'

'না দাদু, আমাকে একটু পড়িয়ে দেবে?'

'ওঃ, আমার দোকানের খদ্দের কে সামলাবে। তোর বাবা কী আমায় তোর মাস্টার রেখেছে?'

'দাও না দাদু, একটু পড়িয়ে দাও না।'

'যা বলছি—যা। যেটা করলে হবে করগে যা। কাগজ কুডুলে খেতে পাবি। পড়াশোনা করে কিছু হবে না। ও সব বড়োলোকের জন্য বুঝলি?'

দোকানে কোনো কোনো লোক হাসতে থাকে। 'যা বলেছেন, এখন যা দিনকাল পড়েছে—'

অর্ণব চলে আসে। আজ তার যেন কোনো কিছুতেই মন নেই। সে আপন মনে হাঁটতে থাকে। তখন বেলা এগারোটা। রোদে খাঁ-খাঁ করছে। ক্লান্ত অর্ণব বসে পড়ে এক বটগাছের তলায়। কতক্ষণ কেটে গেছে সে জানে না। সে তার সর্বশক্তি দিয়ে পড়ার চেষ্টা করে। কিন্তু শেষ পর্যন্ত—'না হল না!'

তখন রোদ কমে এসেছে। বাড়ি ফিরতেই সুপর্ণা বললো, 'কীরে সেই বেরিয়ে গেলি, আর ফিরলি না, কাগজও কুড়ুতে গেলি না। চলবে কী করে?'

অর্ণব কোনো কথা না বলে ভাঙা তক্তাপোশের উপর বসে পড়ে; অনেকক্ষণ পরে বললো 'কাল যাব, মা। আজ ভালো লাগছিল না, তাই আর যাইনি।'

'ঠিক আছে।' বলে সুপর্ণা চলে গেল।

পরের দিন সকাল হতে না হতেই অর্ণব বেরিয়ে পড়ল কাগজ কুড়োতে। আজ তার সঙ্গে শুধু বস্তা নয়, বইটাও রয়েছে। জামার ভিতরে তা লুকানো।

আজ সকাল থেকে সে কাগজ কুড়িয়ে প্রায় এক বস্তা করে ফেলেছে। তখন বেলা দশটা বাজছে। এমন সময় সামনের স্কুলের ঘন্টা বেজে উঠল। দাস পাড়া প্রাইমারি স্কুল। ভিতর থেকে গলার শব্দ আসছে। স্কুলের চারপাশটা ঘুরতে ঘুরতে একটা নিচু জানালা অর্ণবের চোখে পড়ল। সেখানে যেতেই দেখতে পেল বেশ কয়েকজন তারই সমবয়সি ছেলে বসে বসে পড়ছে, কেউবা হাসছে, কেউ মজা করছে।

তা দেখে অর্ণবের মুখও হাসিতে ভরে গেল। সে হাত নাড়িয়ে একজনকে ডাকল। ছেলেটি এগিয়ে এসে বললো—'কী হয়েছে, ডাকছ কেন?'

ছেলেদের মধ্যে কেউ একজন বলে উঠল, 'এই কৃষ্ণ, ওর কাছে যাস্ না। ও রাস্তার ছেলে।'

কৃষ্ণ দূরে দাঁড়িয়ে বলল—'কী হয়েছে?' অর্ণব কাঁপা কাঁপা হাতে বইটা জামার ভিতর থেকে বের করে বললো, 'এটা একটু পড়িয়ে দেবে?' কাছে এসে কৃষ্ণ দেখে বললো, 'এটা এখনও তুমি পড়তে পার না? আমাদের তো পড়া হয়ে গেছে।'

অর্ণবের মুখ ফ্যাকাশে হয়ে যায়। সে বললো, 'না; আমাকে একটু পড়িয়ে দেবে।'

আবার কেউ একজন বললো, 'কৃষ্ণ, তুই বললে কথা শুনিস না তো। আমার মা বলেছে এখন প্রচুর ছেলে ধরা বেরিয়েছে, কেউ ডাকলে, যেতে আমার মা নিষেধ করেছে। যাস্ না। ও-নিশ্চয় ছেলেধরার চর। বন্ধু করে আমাদের নিয়ে যাবে ওদের ডেরায়। যাস না কৃষ্ণ।'

কৃষ্ণ আর এগুতে পারল না। ফিরে গেল নিজের জায়গায়। একজন জানলা বন্ধ করে দেয়। ভিতর থেকে পড়ার শব্দ ভেসে আসে। অর্ণব কাঁদতে কাঁদতে বাড়ি চলে আসে।

'কী হল রে, অর্ণব আজ চুপচাপ যে।'

'না মা। কিছু নয়।'

'হ্যাঁ রে আজও এত কম প্ল্যাস্টিক কেন?'

'এই করে কদিন চলবে। আমিও আজ বেরুতে পারিনি।'

'ঠিক আছে মা, কাল আরো দূরে গিয়ে নিয়ে আসব।'

অর্ণব ঘরে একা বসে। বারবার পড়তে চেষ্টা করে, পারে না। একসময় ঘুমিয়ে যায়। যখন সে উঠল তখন আবার নতুন সূর্য উঠেছে। পাখিরা ডেকে উঠেছে। অর্ণবও আবার চলেছে বস্তা ও বই নিয়ে। কীসের নেশায় দশটার ঘন্টা বাজার সঙ্গে সঙ্গে আবার সে এসে হাজির হয় 'দাস পাড়া প্রাইমারি স্কুলে।'

আজও ভেতর থেকে আওয়াজ আসছে। অর্ণব দাঁড়াতেই কৃষ্ণ বলে ছেলেটি যেন আর একটু কাছে আসে। অন্যরা ততক্ষণ চ্যাঁচামেচি করতে ব্যস্ত।

'কী হয়েছে, আবার আজকে কী দরকার?'

'এইটা একটু পড়িয়ে দেবে?' অর্ণব বইটা দেখায়।

'ঠিক আছে দেব? কিন্তু তোমার নাম কী? থাকো কোথায়?'

'আমার নাম অর্ণব। আমি ঐ সামনের বস্তিতেই থাকি।'

আমাকে একটু পড়িয়ে দেবে তো?'

'হ্যাঁ দেব, ছুটির পর তুমি দেখা কর—আমি তোমায় পড়িয়ে দেব।'

এমন সময় অর্ণবের কাঁধে কে যেন চেপে ধরল। সে তাকিয়ে দেখল সাদা জামা-প্যান্ট পরা এক ভদ্রলোক। অর্ণব পালাবার চেষ্টা করল কিন্তু ছেলেরা ধরে ফেলল। সকালে হৈ-হৈ করে উঠল। ভদ্রলোক বললেন—'ওকে তোরা সকলে মিলে রুমে নিয়ে আয়। তারপর ওকে শাস্তি দেওয়া যাবে।'

সকলে মিলে ধরে নিয়ে এল। অর্ণব বলতে লাগল, 'আমাকে ছেড়ে দাও? আমি কিছু করিনি। আমি শুধু পড়তে চেয়েছিলাম।'

ছেলেদের মধ্যে কয়েকজন বললো—'পড়তে চেয়েছিলাম, পড়তে চল এবার মাস্টার মশায়ের কাছে বেতের মার খা...'

কৃষ্ণ তখন ভয় পেয়ে গেল, ছুটে গেল সেকেণ্ড মাস্টারের কাছে। 'মাস্টার মশাই আমি সত্যি বলছি। ও শুধু আমার কাছে বর্ণপরিচয় পড়তে চেয়েছিল।'

সেকেণ্ড মাস্টার গম্ভীর স্বরে বললে, 'ক্লাসে যাও আমরা দেখছি।'

ক্লাসের ছেলেরা হৈ-হৈ করতে করতে অর্ণবকে ধরে নিয়ে আসে।

ফার্স্ট মাস্টার গম্ভীর স্বরে বললেন, 'এই তোমার নাম কী?'

'অর্ণব'।

'বাড়ি কোথায়?'

'ওই বস্তিতে।'

'এখানে কী করছিলে?'

'আমি কাগজ, প্ল্যাস্টিক কুড়িয়ে বিক্রি করি। এই বইটা কুড়িয়ে পাই। কিন্তু পড়তে না পারায় এখানে পড়তে এসেছি।'

অর্ণবের চোখ জলে ভরে গেল। আবার মাস্টার মশাই বললেন, 'কেন, বাবা-মা পড়িয়ে দেয়নি?'

'না, বাবা ছোটোবেলায় মারা গেছে। আমার মা, লেখাপড়া শেখেনি, আমারও শেখা হয়নি।'

সেকেন্ড মাস্টার বললেন—'এখানে পড়বি?'

অর্ণব একটু অবাক হয়ে গিয়ে বললো—'হ্যাঁ পড়বো।'

'ঠিক আছে। কিন্তু আমাদের এখানে পড়া না পারলে আমরা প্রচুর পেটাই। তা এই পেটানি খেয়ে পালাবি না তো?'

'না-না পালাব না, আমাকে পড়াবেন?'

অর্ণবের দু-চোখ দিয়ে জল গড়িয়ে পড়ে।

'আচ্ছা, তোর কিছু খাওয়া-দাওয়া হয়েছে?'

'না।'

'সেকেণ্ড মাস্টার ডাকলেন—'মালিনী—মালিনী'।

'কী স্যার।'

'একে কিছু ভাত-তরকারি দেতো। এ খাবে;' অর্ণবকে দেখিয়ে বললেন।

বেশ কয়েকঘন্টা কেটে গেল। ছাত্ররা অবাক। কৃষ্ণের মুখে-চোখে হাসি ফুটে উঠেছে।

এদিকে সুপর্ণা অস্থির হয়ে যাচ্ছে। সে মনে মনে ভাবছে, 'একি এখনো ছেলেটা বাড়ি এলো না কেন? কতদূরে গেছে যে এত বেলা হয়ে গেল অর্ণব এখনও ফিরল না।'

হঠাৎ বাইরে মোটর বাইক থামবার শব্দ শোনা গেল। সুপর্ণা অবাক, অর্ণব দাঁড়িয়ে, তার দুপাশে দুই ভদ্রলোক দাঁড়িয়ে।

'নমস্কার, আমরা দাসপাড়ার প্রাইমারি স্কুলের মাস্টার।'

সুপর্ণা নমস্কারের ভঙ্গিতে ভয়ে ভয়ে বললো, 'কী হয়েছে অর্ণবের?'

অর্ণব মায়ের পাশে এসে দাঁড়ায়।

'আমরা অর্ণবকে লেখাপড়া শেখাতে চাই। আপনি কি রাজি আছেন?'

সুপর্ণার মুখ কালো হয়ে যায়। সে বললো, 'লেখাপড়া! লেখাপড়ার খরচ এত টাকা কোথায়?'

'সে কথা আপনাকে ভাবতে হবে না।'

সুপর্ণা কিছুই বুঝতে পারছে না। কোথা থেকে কী হয়ে গেল। বোঝাই যাচ্ছে না।

সুপর্ণা অনেক ভেবে বলে—'আচ্ছা আমাদের খাবার দাবার কী করে চলবে? আমরা দুজনে যা রোজগার করি তা দিয়ে কোনো ক্রমে সংসার চলে আমাদের।'

অর্ণবের মুখ ফ্যাকাশে হয়ে যায়। সে বলে ওঠে, 'মা আমি লেখাপড়া শিখব।'

সুপর্ণার এ ভারি বিপদ, কী করবে ভেবে পাচ্ছে না। ফার্স্ট মাস্টার বলে উঠলেন 'ঠিক আছে আপনি আমাদের বাড়িতে কাজ করে যা পাবেন তা দিয়ে সংসার চালাবেন। আর অর্ণব আমাদের কাছে থেকেই লেখাপড়া করবে।'

মাথা নেড়ে সায় দেয় অর্ণবের মা সুপর্ণা। মায়ের পাশে জলে ভেজা হাসি মুখে দাঁড়িয়ে আছে অর্ণব।

"পবিত্র আর নিঃস্বার্থ হতে চেষ্টা কর—তার মধ্যেই সমস্ত ধর্ম, চরিত্রই প্রকৃত শক্তি। আধ্যাত্মিকতার অর্থ সেই চরিত্র শক্তি অর্জন করা।"

—স্বামী বিবেকানন্দ

গাঁইতি

শুভম সরেন

স্নাতক গণিত, প্রথমবর্ষ

অনেকদিন পর বেশ কাজ জুটলো যাইহোক। রাম কিছুদিন আগেই এই মফস্বল শহরে এসে খবর পেয়েছিল, একজন ব্যবসায়ী তার বিল্ডিং কমপ্লেক্স বানাবার জন্য কয়েকজন মজুর চায়। ঠিকানায় গিয়েই কাজ পেয়ে গেল সে।

উঠতি বয়সের কিশোর। কিছু বেশিই কাজ করতে পারে। তাছাড়া এই বয়সে কাজ করার স্বাভাবিক ইচ্ছেটা মারা যায় না। বেশ পোক্ত কাজ করতে পারে রাম। মূলত সিমেন্টের বস্তা বওয়া, ইট বওয়ার কাজ। দিনমজুরি চলনসই।

রাম যখন কাজে যোগ দেয়, তখন বাড়ির একতলা ছাদটা ঢালাই হয়ে গেছে। লোকজনকে জিজ্ঞাসা করে বাড়ির মালিকের সাথে কথা হল।

'কোথায় বাড়ি তোমার?'

একবার চোখ তুলে আবার ব্লুপ্রিন্টার দিকে মনোযোগ দিলেন মোটাসোটা চেহারার, চোখে চশমা আঁটা ব্যবসায়ী মৃদঙ্গবাবু।

'আজ্ঞে হরিণঘাটা, মানিকতলার পাশে।'

বিবর্ণ জামাপ্যান্ট পরনে রাম আস্তে আস্তে বলে।

'ঠিক আছে', মৃদঙ্গবাবু বললেন, 'তবে রাতের কাজ, পারবে তো?...আচ্ছা, শ্রীকুমারের কাছে নাম ঠিকানা দিয়ে যাও। কাল থেকে আসবে।'

দিন পনের কুড়ি বেশ চলছে কাজ। দোতলা ছাদ ঢালাই হবে, তার তড়িঘড়ি চলছে। রাত্রে কাজ, দিনে বিশ্রাম। রাত্রে সোডিয়াম লাইটের আলোয় চারিদিক দিনের আলোর মতো স্বচ্ছ। রামের এখন বাড়তি কাজ ঢালাই মেশিনে পিচ ও সিমেন্ট ঢালা। অন্য মজুরেরা তার থেকে বয়সে বড়ো। সকলে যে যার মতো কাজ করে। সেদিন হঠাৎ তার গাঁইতিটা চোখে পড়ে গেল।

ঘরবাড়ি তৈরির জায়গায় গাঁইতি থাকা অস্বাভাবিক নয়, তবু গাঁইতিটা দেখে রামের কিছুটা যেন অস্বস্তিবোধ হল। কাজের পরে সেই গাঁইতিটার কথা ভুলে গেল ঠিকই, কিন্তু পরের দিন আবার সে গাঁইতিটা দেখতে পেল।

সে অন্যমনস্ক হয়ে পড়লো।

'কীরে দাঁড়িয়ে পড়লি যে!'

শ্রীকুমার চেঁচিয়ে উঠলে রাম সম্বিৎ ফিরে পায়। সে কাজ শুরু করে।

দোতলা ঢালাই প্রায় শেষ। রাম ভোর ভোর বসতিতে ফিরে ঘুমিয়ে পড়েছিল।

হরিণঘাটাতে তার নিজের বলে কেউ নেই।

একদিন ছিল। মা ওর যখন দশ বছর, কুয়োয় পড়ে মারা যায়। তারপর সে ভবঘুরে, স্কুল পালিয়ে খিদের তাড়নায় মজুরের কাজ করে।

বেলা দশটায় উঠে রাম পাচন নিয়ে দাঁত মাজে। কাছের চায়ের দোকানে চপ-মুড়ি খায়। তারপর এখানে সেখানে বেড়াতে থাকে। যেখানে মফস্বলের নতুন বাড়িগুলো তৈরি হচ্ছে, সেই দিকটাতেই একটা ফাঁকা মাঠ আছে। রাম সেদিকটায় বেড়াতে যায়। আজ তার আবার সেই বাড়িটার ছাদে পড়ে থাকা গাঁইতিটার কথা হঠাৎ মনে পড়ল।

আচ্ছা, সে এতদিন কাজ করছে। কই, একদিনও তো কেউ গাঁইতিটা নিয়ে কাজ করেনি? রাম অন্তত দেখেনি কাউকে। তাহলে ওখানে ওটা পড়ে আছে কেন? কেউ কি দেখেনি?

অন্যকিছু ভাবতে গিয়ে তার মনে হল, আজ ঢালাই-এর কাজ শেষ। সঙ্গে মজুরের কাজও। মৃদঙ্গবাবু বলে দিয়েছেন যে, ঢালাই-এর পর আর মজুর লাগবে না।

ঢালাই-এর শেষ কাজ। পুরোদমে কাজ চলছে। মাঝে মাঝে চা বিরতি। প্লাস্টিকের কাপে চা খেতে খেতে রাম আবার গাঁইতিটা লক্ষ করলো। এবারে সে পাশের একজন লোককে ডেকে না জিজ্ঞাসা করে পারলো না।

'আচ্ছা, ওই গাঁইতিটা কি মালিকের?'

'কোনটা বলো দেখি?' লোকটা অন্যমনস্ক।

রাম আঙুল তুলে দেখালো।

কাজ শুরু হয়ে গেছে। লোকটা তাকে পাত্তাই দিল না। হাতের প্লাস্টিক কাপটা ফেলে কাজ করতে চলে গেল।

ভোরের দিকে ঢালাই-এর কাজ শেষ। অন্যান্য মজুরদের মতো রামেরও আজ গায়ে সিমেন্টের ধুলো একটু বেশি। শ্রীকুমার সবাইকে তাদের শেষ পারিশ্রমিক দিতে থাকে। রাম পারিশ্রমিক পেলে, শ্রীকুমারকে বলে, 'আচ্ছা, একতলায় যে গাঁইতিটা রাখা আছে, ওটা কার?'

'কোন গাঁইতিটা বলো দেখি?' শ্রীকুমার ঈষৎ অবাক হয়।

তখন অন্যান্য মজুররা যে যার চলে যাচ্ছে।

রাম বলল, 'আরে, একতলায় ছাদে আছে, দেখেননি?'

'নিয়ে এসো তো।'

রাম গাঁইতিটা নিয়ে আনার জন্য একতলার ছাদে যায়। শ্রীকুমারের ব্যবহারে সে অবাক হয়। যে মজুরদের 'তুই' ছাড়া কিছু বলতো না, সেই কিনা রামকে 'তুমি' দিয়ে কথা বলছে। আর এভাবে ভাবতে গিয়ে সে কখন যে একতলার ছাদে পৌঁছে যায়, বুঝতে পারে না। সামনে সে গাঁইতিটা দেখতে পায়।

ছাদে সে একা! ভোরের আলো এখনও ততটা স্পষ্ট হয়নি। গাঁইতিটার কাছে সে যত যেতে থাকে, তার কেন জানি হৃৎস্পন্দন বাড়তে থাকে। কোনো কারণ নেই, একটা সামান্য গাঁইতি—অথচ কেমন যেন তার একটা অজানা ভয়। সে গাঁইতিটার একেবারে কাছে এসে পড়েছে। গাঁইতিটা মেঝেতে শুয়ে। সে সেটাকে হাত বাড়িয়ে তুললো। তুলতেই সে শিহরিত হয়ে উঠলো! দেখলো গাঁইতিটার ঠিক মাঝখানে স্পষ্ট খোদাই করা আছে দুটি অক্ষর—'রাম'! সে খোদাই করা অক্ষর দুটির উপর হাত বোলালো আস্তে আস্তে। আশ্চর্য, তার নাম গাঁইতিতে লেখা কেন?

সে কিছুক্ষণ স্তম্ভিত হয়ে পড়েছিল বোধ হয়। শ্রীকুমারের হাঁকে সম্বিৎ ফিরে পেল রাম। সে গাঁইতিটা নিয়ে নিচে নেমে এল। শ্রীকুমারকে সেটা সে দিল। শ্রীকুমার দেখে বলল, 'দেখি মৃদঙ্গবাবুকে দেখাবো।'

রাম কিছুটা যেন অস্বাভাবিক ভাবে হেঁটে রাস্তায় উঠে চলে গেল, শ্রীকুমারকে কিছু না বলে।

সে সময় হঠাৎ অন্ধকার ছিঁড়ে শ্রীকুমারের পাশে মৃদঙ্গবাবু এসে দাঁড়ালো। শ্রীকুমার মৃদঙ্গবাবুর দিকে তাকালো, মৃদঙ্গবাবু শ্রীকুমারের দিকে। শ্রীকুমার নীরবে গাঁইতিটা মৃদঙ্গবাবুকে দেখালো। আজ তাদের কেমন যেন যান্ত্রিক দৃষ্টি, যান্ত্রিক ভঙ্গী। ভোরের আলো এসে পড়েছে প্রায়। সেই আবছায়ার নৈঃশব্দে শ্রীকুমার ও মৃদঙ্গবাবু দুজনেই কেমন যেন পিশাচের মতো হেসে উঠল। মৃদঙ্গবাবু বললেন, 'কিহে? তা ভালোই তো বাইপাসে মোড় নিলে। একেবারে ট্রাফিক জ্যাম ছাড়িয়ে ভোঁ ভোঁ...'

পরের দিন মফস্বলে শোনা গেল দুটো অদ্ভুত খবর। দুটো নয়, তিনটে। মফস্বলের এক প্রবীণ ব্যবসায়ী ও তার সহকারীর গাঁইতির আঘাতে মৃত্যু। ফাঁকা মাঠে সদ্যখোদাই করা এক কুয়োয় পড়ে এক কিশোরের মৃত্যু। সকালবেলা হঠাৎ ধসে যাওয়া এক বৃহৎ বিল্ডিং কমপ্লেক্সের একতলা ছাদের অংশটিতে একটি অজ্ঞাত সিমেন্টজমা মৃতদেহ আবিষ্কার।

সবচেয়ে অবাক কথা, সে গাঁইতির আঘাতে ওই প্রবীণ ব্যবসায়ীও তার সহকারীর মৃত্যু হয়েছে, সম্ভবত তারই আঘাতে দেওয়ালের একাংশে খোদাই অক্ষরে লেখা আছে ঃ 'আমাকে ফাঁসাবার জন্য তোমরা উঠে পড়ে লেগেছিলে। কিন্তু পারোনি, পারবে না। কারণ আমি মায়ের কাছে যাচ্ছি।'

গাঁইতিটাতে তেমনই খোদাই করে লেখা ঃ 'রাম'।

"সত্যিকারের কিছু শিক্ষা চাই, খালি বই পড়া শিক্ষা হইলে চলিবে না। যাহাতে চরিত্র গঠন হয়, মনের শক্তি বাড়ে, বুদ্ধির বিকাশ হয়, নিজের পায়ে নিজে দাঁড়াইতে পারে, এইরকম শিক্ষা চাই।"

—স্বামী বিবেকানন্দ

নাটক

সম্ভবামি যুগে যুগে

স্বামী শাস্ত্রজ্ঞানন্দ
অধ্যক্ষ, রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির
সৌম্যদীপ দাস
স্নাতক বাংলা, তৃতীয় বর্ষ

আজ থেকে বহুদিন আগে ভারতবর্ষের উত্তরাপথ ব্যাপ্ত করে সংঘটিত হয়েছিল এক মহাযুদ্ধ। মহাভারতের পাতায় সেই যুদ্ধের ইতিহাস ও পরিণাম লেখা আছে। সেই মহাযুদ্ধেরই সূচনার ঠিক আগে পাণ্ডবদের সেরা বীর অর্জুনের মধ্যে দেখা যায় বিচিত্র এক অবসাদ। অর্জুনকে তাঁর আত্মসম্বিৎ ফিরিয়ে আনার জন্যে তাঁরই রথসারথী ভগবান শ্রীকৃষ্ণ দীর্ঘ সময় ধরে উপদেশ প্রদান করেন। তারই অপূর্ব পরিণাম শ্রীমৎ-ভগবৎ-গীতা। আমাদের আজকের নাটক-কাহিনিটি মুখ্যত গীতা ও মহাভারত থেকে নেওয়া। গীতায় ভগবান অর্জুনকে বারবার তাঁর স্বধর্মে নিষ্ঠ থাকার কথা বলেছিলেন। আর মহাভারতে একাধিকবার ভ্রাতৃঘাতী এই দ্বন্দ্বকে বলা হয়েছে অধর্ম ও অন্যায়ের বিপক্ষের ধর্ম ও ন্যায়ের সংগ্রাম। আমাদের কাহিনিতে এই দুটি দিকই গুরুত্ব পেয়েছে। নাটকের স্বার্থে আমরা একটু স্বাধীনতা নিয়েছি কাহিনিটিকে রূপান্তরিত করার। গীতার সূচনার অংশটিকে ধরতে গিয়ে আমরা ফ্ল্যাশব্যাকে দর্শককে পৌঁছে দিতে চেয়েছি মহাভারতের তিনটি বিখ্যাত ঘটনায় যেখানে কৌরবদের অন্যায় আকাশ ছুঁয়েছিল। ভগবান কৃষ্ণ যেন অর্জুনকে এই জন্যেই স্বধর্মে প্রতিষ্ঠিত থেকে আহ্বান করে বললেন, 'যুদ্ধায় কৃতনিশ্চয়'। দর্শকমণ্ডলীর কাছে নিবেদন নাটকের প্রয়োজনে কাহিনিতে গৃহীত এই স্বাধীনতাটুকু অনুগ্রহ করে আপনারা আশা করি মেনে নেবেন। স্বামী বিবেকানন্দ চেয়েছিলেন পার্থসারথীর পূজা। অর্জুনকে স্বধর্মে নিযুক্ত করতে পার্থসারথীর দৃপ্ত আহ্বান আমাদের সেই পূজায় নিশ্চয়ই অনুপ্রাণিত করবে। (আবহ সঙ্গীত)

নেপথ্যে ঃ

ধর্মক্ষেত্রে কুরুক্ষেত্রে সমবেতা যুযুৎসবঃ।
মামকাঃ পাণ্ডবাশ্চৈব কিমকুর্বত সঞ্জয়।।
সেনয়োরুভয়োর্মধ্যে রথং স্থাপয় মেঽচ্যুত।
যাবদেতান্ নিরীক্ষেঽহং যোদ্ধুকামান্ অবস্থিতান্।
কৈর্ময়া সহ যোদ্ধব্যমস্মিন্ রণসমুদ্যমে।
যোৎস্যমানানবেক্ষেঽহং য এতেঽত্র সমাগতাঃ।।
ধার্তরাষ্ট্রস্য দুর্বুদ্ধের্যুদ্ধে প্রিয়চিকীর্ষবঃ।
এবমুক্তো হৃষীকেশো গুড়াকেশেন ভারত।
সেনয়োরুভয়োমর্ধ্যে স্থাপয়িত্বা রথোত্তমম্।।

(আবহ)

প্রথম দৃশ্য

কৃষ্ণ ঃ এসো অর্জুন, এবার আরো ভালো করে দেখো চারদিকে চেয়ে। দেখতে পাচ্ছ সব?

অর্জুন ঃ হ্যাঁ সে তো দেখতে পাচ্ছি। ধর্মক্ষেত্রে কুরুক্ষেত্রে আজ সমবেত হয়েছে কৌরব ও পাণ্ডবরা যুদ্ধের জন্যে।

কৃষ্ণ ঃ ঠিক কথা। সুতরাং আর দেরী করা দরকার বলে তো মনে হচ্ছে না। ধর্মভূমি কুরুক্ষেত্রে তোমার প্রতিপক্ষ যখন যুদ্ধের জন্য প্রস্তুত, তুমিও তাহলে তৈরী হও।

অর্জুন ঃ আমিও তৈরী। কেবল—

কৃষ্ণ ঃ দ্বিধা? কিজন্যে অর্জুন?

অর্জুন ঃ না দ্বিধার কথা নয়। আমি আসলে যুদ্ধ শুরুর আগে যুদ্ধক্ষেত্রে উপস্থিত বিপক্ষের যোদ্ধাদের ভালো করে চিনে নিতে চাই।

কৃষ্ণ ঃ আচ্ছা আচ্ছা বুঝেছি। ওইতো দেখো, দুর্বুদ্ধি দুর্যোধনের হিতাকাঙ্ক্ষী সকল রাজারা তোমার বিপক্ষে আজ যুদ্ধক্ষেত্রে সমবেত। তাদের প্রত্যেককে তুমি স্পষ্ট করে দেখে নাও অর্জুন। এরা অবশ্য তোমারই ভাই—দুর্যোধন, দুঃশাসন, অশ্বত্থামা, বিকর্ণ...

অর্জুন ঃ আরো আছেন দেখছি অস্ত্রগুরু দ্রোণাচার্য, পিতামহ ভীষ্ম, মামা শকুনি...

কৃষ্ণ ঃ কর্ণ, যুদ্ধজয়ী কৃপাচার্য, সোমদত্তের পুত্র ভুরিশ্রবা। এঁরা সবাই যুদ্ধে কৃতবিদ্য।

অর্জুন ঃ ঠিক কথা। এদেরই সঙ্গে যুদ্ধ করতে হবে আমাকে।

কৃষ্ণ ঃ নিশ্চয়ই। কিন্তু আমার দৃঢ় বিশ্বাস, এঁরা সকলেই তোমার শক্তির কাছে নতি স্বীকারে বাধ্য হবেন। গাণ্ডীবীর সঙ্গে যুদ্ধে...

অর্জুন ঃ প্রশংসার দরকার নেই সখা। আমি কিন্তু ভাবছি অন্য কথা।

কৃষ্ণ ঃ অন্য কথা? কিরকম শুনি।

অর্জুন ঃ আমার চিনতে কোথাও ভুল হচ্ছে না তো?

কৃষ্ণ ঃ না না, চিনতে তোমার কোনো ভুল হচ্ছে না অর্জুন।

অর্জুন ঃ কিন্তু ওরা যে আমার পরমাত্মীয়।

কৃষ্ণ ঃ সংসারে পরমাত্মীয় তো সবাই অর্জুন। কিন্তু যুদ্ধক্ষেত্রে একটাই তাদের পরিচয়—তারা তোমার প্রতিপক্ষের যোদ্ধা।

অর্জুন ঃ কিন্তু তারাই যে আবার আমার পিতামহ, আমার আচার্য, আমার মামা, আমার সন্তানের মত, আমার বন্ধু! বলতে পারো কৃষ্ণ, এদের সঙ্গে যুদ্ধ করে কোন্ পরম সিদ্ধি লাভ হতে পারে আমার—স্বজনের রক্তে নিজের হাতকে কলুষিত করা ছাড়া? বলতে পারো কৃষ্ণ কী হবে আমার সেই রাজ্যের অধিকার পেয়ে, যে রাজ্য নির্মিত হবে আমারই পরিজনদের শ্মশানশয্যার উপরে? বল তুমি সখা, কোন মহত্ত্ব লুকিয়ে আছে এই জয়ে? কোন আনন্দ পাব আমরা এই নিধনযজ্ঞে আহুতি দিয়ে?

কৃষ্ণ ঃ আশ্চর্য? পার্থ। এই যুদ্ধক্ষেত্রে সমাসন্ন মহারণের প্রাক্‌লগ্নে দাঁড়িয়ে তোমার এই কথার কোন স্বাভাবিক অর্থ তো আমি খুঁজে পাচ্ছি না। হঠাৎ করে এমন সব কথা কেন বলছ তুমি? কোনো মানসিক অবসাদে আজ কি অবসন্ন বোধ করছ?

অর্জুন ঃ তা আমি জানি না সখা। কিন্তু এই যুদ্ধার্থী স্বজনদের সামনে দেখে আমার সারা শরীর কেমন জানি করছে, মুখ শুকিয়ে যাচ্ছে, শরীরের শিরায় শিরায় এক জ্বালা অনুভব করছি। মন যেন এই মুহূর্তে...

কৃষ্ণ ঃ অর্জুন! এমন সঙ্কটকালে তোমার এই বিচলিত হওয়া সাজে না। এসো, ওঠো তোমার রথে, আকর্ষণ করো গাণ্ডীব। তার ঝঙ্কারে কেঁপে উঠুক তোমার শত্রুরা। তীর বর্ষণ করো তোমার প্রতিপক্ষের বিরুদ্ধে।

অর্জুন ঃ না-না আমি তা পারব না কেশব। তুমি বুঝতে পারছ না...।

কৃষ্ণ ঃ আ-আ-আঃ, আমি যথার্থই বুঝতে পারছি...

অর্জুন ঃ না কেশব, যাদের জন্য লোকে রাজ্য ও সুখ কামনা করে তারাই আজ যুদ্ধে প্রাণ বিসর্জন করতে এসেছে। তাই আমি এই যুদ্ধ চাই না। এই রাজ্যলাভ, এই সুখভোগ আমার কিচ্ছু চাই না।

কৃষ্ণ ঃ অর্জুন। তুমি কাদের আত্মীয় বলে যুদ্ধ থেকে বিরত হচ্ছ? যারা তোমাকে, পঞ্চ পাণ্ডবকে বিনাশ করতে সদা প্রস্তুত। তুমি কি জানো না যে তারা...

অর্জুন ঃ জানি, লোভের বশে তারা নিজের বংশের বিনাশ করতে, মিত্রদের সঙ্গে বিরোধ করার মধ্যে কোনো পাপ দেখতে পাচ্ছেন না। কিন্তু সখা, আমরাও কি সেই পাপ থেকে মুক্তি পেতে পারি না?

কৃষ্ণ ঃ অর্জুন তোমার ভুল হচ্ছে।

অর্জুন ঃ হোক্ ভুল। তারা যদি আমাকে নিরস্ত্র অবস্থায় বধ করতেও আসে তাহলে আমি আমার মৃত্যু স্বীকার করে নেব। কিন্তু নিজের স্বজনদের বিনাশ করতে এই যুদ্ধাস্ত্র আমি গ্রহণ করতে পারব না।

কৃষ্ণ ঃ তোমার এই শোক জ্ঞাপন বৃথা অর্জুন। তোমার মত পণ্ডিতের মৃত বা জীবিত কারোর জন্যই শোক সাজে না।

অর্জুন ঃ কিন্তু এ তো মানুষের স্বধর্ম?

কৃষ্ণ ঃ ক্ষত্রিয়ের পক্ষে ধর্মযুদ্ধ ছাড়া আর কোনো বড় স্বধর্ম আছে কী? তুমি যদি সেই ধর্মযুদ্ধ থেকে বিরত থাক তাহলে স্বধর্মচ্যুত হয়ে তুমি পাপের অংশদারী হবে। তোমার অনুগত মহারথীগণ মনে করবেন তুমি ভয়বশত যুদ্ধ থেকে বিরত হয়েছ।

অর্জুন ঃ যুদ্ধ ভয়? (আবহ হঠাৎ জোরালো হয়)

কৃষ্ণ ঃ তুমি কি শুনতে পাচ্ছ না অর্জুন? রণবাদ্যের শব্দ ক্রমশই আমাদের দিকে এগিয়ে আসছে। এমন সংকটের মুহূর্তে তোমার মত এমন শ্রেষ্ঠ ব্যক্তির এ মোহ কেন?

অর্জুন ঃ কিন্তু আমি যে দ্বিধাগ্রস্ত। আমি যে বুঝতে পারছি না...

কৃষ্ণ ঃ ক্লৈবং মাস্ম গমঃ পার্থ নৈতত্ত্বয্যুপপদ্যতে
ক্ষুদ্রং হৃদয়দৌর্বল্যং তক্তোত্তিষ্ঠ পরন্তপ।
হৃদয়ের তুচ্ছ দুর্বলতা পরিত্যাগ করে যুদ্ধের জন্য মাথা তুলে উঠে দাঁড়াও। ভুলে যেও না তোমার স্বধর্মকে। ন্যায় আর ধর্ম প্রতিষ্ঠাই যে আমাদের সভ্যতার লক্ষ্য। যেখানে অধর্ম, সেখানে অন্ধকার। মনে রেখো, সেই অধর্মের বশেই মোহাবিষ্ট হয়ে একদিন কৌরবরা চক্রান্ত করে ঘটিয়েছিল জতুগৃহ দাহের ঘটনা?

দ্বিতীয় দৃশ্য

(মঞ্চে আলো জ্বলে উঠল। পাণ্ডববিনাশের কুমতলবে শলা পরামর্শ করছেন মামা শকুনি ও কর্ণ)

কর্ণ ঃ অনেক সময় তো কেটে গেলো মামা। কি ব্যাপার বলুন তো। এখনো তো বন্ধু আমার এলো না?

শকুনি ঃ ঠিক, আমারও একই চিন্তা হচ্ছে বাবা। আচ্ছা তোমার কি মনে হয় বলো তো কর্ণ? বাবার সম্মতি আদায়ে ভাগ্নে কি আমার সফল হবে?
(দুর্যোধনের প্রবেশ)

দুর্যোধন ঃ ভাগ্নে তোমার সফল হয়েছে মামা।

শকুনি ঃ হয়েছে। তাই নাকি। তাহলে তো দারুণ ব্যাপার। সুতরাং আর বিলম্ব কেন? শুভস্য শীঘ্রম। ঠিক যেমন যেমন পরিকল্পনা করা হয়েছে সেই মতো তোমার কাজ শুরু করে দাও। শত্রুর বিনাশে দেরি করতে নেই।

কর্ণ ঃ কিন্তু আমার একটা সংশয় আছে।
(বিরোচকের প্রবেশ)

বিরোচক ঃ আজ্ঞে আমার কিন্তু একশত-একটি সংশয় আছে।

শকুনি ঃ এই রে যষ্টিধারী নির্বোধটি আবার এসে উপস্থিত হয়েছে।

দুর্যোধন ঃ (হেসে) রাগ করবেন না মাতুল...

বিরোচক ঃ যথার্থ বললেন না যুবরাজ। আপনি যতই বলুন মাতুল আপনার রাগ করবেনই। ভগবানকে দেখলে যেমন ভক্তের জন্ম-জন্মান্তরের ভক্তি উথলে ওঠে, আমাকে দেখলেই আপনার মাতুলের জন্ম-জন্মান্তরের ক্রোধ উথলে ওঠে।

শকুনি ঃ দুর্যোধন, তুমি ওকে থামাবে।

দুর্যোধন ঃ বিরোচক, তুমি একটু সংযত হও।
(বিরোচক মুখে আঙ্গুল দিয়ে চুপ করে দাঁড়িয়ে থাকে)

দুর্যোধন ঃ হ্যাঁ, কর্ণ কোন্ সংশয়ের কথা তুমি যেন বলছিলে?

কর্ণ ঃ হ্যাঁ সংশয়। তোমার পিতা ধৃতরাষ্ট্র এই পরিকল্পনার প্রকৃত উদ্দেশ্য জেনেও তোমায় সম্মতি দিলেন? কোনো আপত্তি করলেন না?

দুর্যোধন ঃ না বাবার কোনো আপত্তি নেই।

কর্ণ ঃ কিন্তু কি উপায়ে এই অসাধ্যসাধন করলেন?

দুর্যোধন ঃ মামা শকুনির পরামর্শে।

বিরোচক ঃ (মুখে আঙ্গুল রেখেই) ওরেব্বা,

দুর্যোধন ঃ বিরোচক...

বিরোচক ঃ ঐ নামটা শুনলেই...

দুর্যোধন ঃ আঃ বিরোচক।

আসলে বাবা জানেন যে কেবল অন্ধ হওয়ার কারণে তিনি এই রাজ্য পাননি। পেয়েছিলেন পাণ্ডু। এমনকি নগরবাসীও তাঁকে এবং আমার পিতামহ ভীষ্মকে অনাদর করে যুধিষ্ঠিরকে রাজা করতে চান। কিন্তু পাণ্ডব পুত্ররাই যদি বংশানুক্রমে রাজ্য পায় তবে আমাদের বংশ অজ্ঞাত হয়ে থাকবে।

কর্ণ ঃ তাই রাজি হলেন?

দুর্যোধন ঃ না হয়ে উপায়? আমি তাঁকে আশ্বাস দিয়েছি যে সমুদয় সাম্রাজ্য পেয়ে গেলে কুন্তী ও তাঁর সন্তানগণ পুনরায় এই হস্তিনানগরে ফিরে আসবেন।

শকুনি ঃ অসাধারণ, চমৎকার। আমার সুবুদ্ধির যথার্থ প্রয়োগে তোমার সাফল্য দেখে আমার বড়ো আনন্দ বোধ হচ্ছে ভাগ্নে। কিন্তু তোমার প্রজারা?

বিরোচক ঃ যুবরাজ, আমি কি এবার একটা কথা বলতে পারি?

দুর্যোধন ঃ (হেসে) নিশ্চয়ই, কতক্ষণ আর কথা বন্ধ করে তুমি থাকবে বিরোচক?

কর্ণ ঃ পেটটা ফেটেও যেতে পারে।

বিরোচক ঃ হেঃ হেঃ, না আমি মানে বলছিলাম কি, মামার আমাদের এত সুবুদ্ধি কোথা থেকে এলো যুবরাজ? আমি তো চিরকালই ওনাকে দুর্বুদ্ধির মাথা বলেই জানি।

শকুনি ঃ দুর্যোধন, তুমি যদি এই অর্বাচীনটিকে এক্ষুণি বিদায় না করো, তাহলে আমি কিন্তু...

দুর্যোধন ঃ আঃ মামা...

বিরোচক ঃ কোন চিন্তা করবেন না যুবরাজ। প্রথমত, উনি কিছুই করতে পারবেন না, কারণ ওনার যত শক্তি সব বাক্যে, শরীরে কিছুই নেই। দ্বিতীয়ত, আমি সত্যিই চলে যাবো, কারণ, যেখানে মাতুল শকুনি, সেখানে সর্বনাশ—আমি বাপু বেঁচে থাকতেই ভালোবাসি, যত বুড়োই হই কেন? ঠিক না, মাতুল? প্রণাম হই গো যুবরাজ, হেঃ হেঃ হেঃ (প্রস্থান)

দুর্যোধন ঃ বিরোচক আর যাই বলুক, কথাগুলি কিন্তু বেশ মজা করেই বলে।

কর্ণ ঃ কেন জানি মনে হয়, অনেক সময় ভবিষ্যদ্‌বাণীর মত করে কিছু কথা বলে চলে যায়।

দুর্যোধন ঃ যাই হোক। হ্যাঁ যা, বলছিলাম, আমার প্রজারাও তোমার কৌশলেই অর্থ আর সম্মানের লোভে এখন আমার অনুগত।

শকুনি ঃ বাঃ বেশ বেশ।

কর্ণ ঃ তাছাড়া অমাত্যগণ ও সকল ধনদারও তো এখন আপনারই অধীন।

দুর্যোধন ঃ দুশ্চিন্তা কেবল একজনকে নিয়ে...।

শকুনি ঃ কে পিতামহ ভীষ্ম?

দুর্যোধন ঃ না তিনি কৌরব পাণ্ডব উভয় পক্ষেই সমপক্ষপাতী।

কর্ণ ঃ অস্ত্রগুরু দ্রোণাচার্য?

দুর্যোধন ঃ না তিনিও নন। দ্রোণপুত্র অশ্বত্থামা আমার অনুগত। সুতরাং তিনিও পুত্রের বিপক্ষ না হয়ে আমারই পক্ষ নিতে বাধ্য হয়েছেন।

শকুনি ঃ তাহলে কে ভাগ্নে?

দুর্যোধন ঃ কাকা বিদুর।

শকুনি ঃ হা হা হা (বিদ্রূপের হাসি)

দুর্যোধন ঃ হাসবেন না মামা? তিনি আমাদের অর্থে পুষ্ট হয়েও গোপনে পাণ্ডবদেরই পক্ষপাতী।

শকুনি ঃ কিন্তু ভাগ্নে, তিনি একলা কি আর আমাদের সুবৃহৎ কৌরব বংশকে বাধা দিতে সক্ষম হবেন? (বিদ্রূপের সঙ্গে)

কর্ণ ঃ সত্যই। তাঁর একার পক্ষে এই বিশাল প্রতিপক্ষের বিরুদ্ধাচরণ অসম্ভব।

দুর্যোধন ঃ তা বলতে পারব না।

শকুনি ঃ দুশ্চিন্তা কোরো না ভাগ্নে। যাও অতি দ্রুত কুন্তী ও পঞ্চপাণ্ডবকে সাদরে বারণাবতে পাঠানোর সুব্যবস্থা করো। আর দেখো, বারণাবতের রাত পার হলেই, ভাগ্নে, হাঃ হাঃ হাঃ...

তৃতীয় দৃশ্য

(মঞ্চে আলো জ্বলে উঠল। বারণাবতের দৃশ্য। যুধিষ্ঠির, ভীম, নকুল ও অর্জুনের প্রবেশ। আবহে বাঁশীর সুরমূর্চ্ছনা। দূর থেকে ভেসে আসছে শিববন্দনার সুর।)

ভীম ঃ সত্যি কি রমণীয় এই বারণাবত নগর। আকাশে বাতাসে সব কিছুর মধ্যে কি এক মনোরম সৌন্দর্যের আবেশ।

নকুল ঃ সত্যি। ঐ দেখ দাদা। ঐদিকে দেবাদিদেব মহাদেবের উৎসব উপলক্ষ্যে এক মহোৎসবের আয়োজন শুরু হয়েছে। শুনতে পাচ্ছ গায়কের দল কি অসাধারণ সুরে মহাদেবের বন্দনা সঙ্গীত গাইছে।

অর্জুন ঃ আর কাতারে কাতারে মানুষ এসে হাজির হয়েছে ঐ উৎসবের প্রাঙ্গণে। আলোর ঝলকানিতে উৎসবের মঞ্চ যেন মায়াময় হয়ে উঠেছে।

নকুল ঃ তবে চলো আমরাও সেই উৎসব মঞ্চে হাজির হই। আগত ব্রাহ্মণ ও গায়কদের ধন দান করে কিছুটা সময় আনন্দ উপভোগ করি। (প্রস্থানোদ্যত হলে সহদেবের প্রবেশ, সঙ্গে এক অজ্ঞাত ব্যক্তি। সকলেই তার আগমনে হতবাক)

যুধিষ্ঠির ঃ এ কি সহদেব তোমায় এত বিচলিত দেখাচ্ছে কেন?

অর্জুন ঃ ইনি কে ভাই? পূর্ব পরিচিত বলে তো মনে করতে পারছি না।

দূত ঃ আমি বিদুরের দূত।

নকুল ঃ দূত?

ভীম ঃ কিন্তু এখানে কি প্রয়োজনে?

দূত ঃ বিদুরের আজ্ঞায়।

যুধিষ্ঠির ঃ কেন তিনি কি কোনো ভয়ানক বিপদের সম্মুখীন?

দূত ঃ না, তাঁর বিষয়ে দুশ্চিন্তার কোনো কারণ নেই।

অর্জুন ঃ তবে?

দূত ঃ তাঁর দুশ্চিন্তার কারণ হলেন কৌরব বংশ।

ভীম ঃ কৌরব বংশ!

দূত ঃ হ্যাঁ কৌরব বংশ। দুর্যোধন, শকুনি ও কর্ণের কুকৌশলেই ধৃতরাষ্ট্র আপনাদের এই নগরে পাঠিয়েছেন।

সহদেব ঃ কিন্তু তাদের উদ্দেশ্য?

দূত ঃ উদ্দেশ্য একটাই। যেন তেন প্রকারেণ এই পঞ্চপাণ্ডবকে বিনাশ করা।

নকুল ঃ কিন্তু কি উপায়ে?

দূত ঃ পুরোচন নামে এক বিশ্বস্ত মন্ত্রী দুর্যোধনের আদেশে আপনাদের এই গৃহ নির্মাণ করেছেন।

ভীম ঃ এই মনোরম শিব গৃহ?

দূত ঃ হ্যাঁ, শিবগৃহই বটে। মাটিতে প্রচুর পরিমাণে ঘি, তেল, ধুনো, বসা, লাক্ষা প্রভৃতি দাহ্য পদার্থ মিশিয়ে এই গৃহের দেওয়াল তৈরি হয়েছে। যাতে কৃষ্ণপক্ষের চতুর্দশীর রাত্রিতে এই যতুগৃহে আগুন লাগিয়ে আপনাদের প্রাণে বিনাশ করতে পারা যায়। আর তাহলেই কৌরব বংশের স্বপ্নপূরণ হবে।

অর্জুন ঃ স্বপ্নপূরণ!

ভীম ঃ চলো দাদা, এই মুহূর্তে মাকে সঙ্গে নিয়ে আমরা এই নগর থেকে অন্যত্র পালিয়ে যাই।

যুধিষ্ঠির ঃ এই মুহূর্তে তা আর সম্ভব নয়।

নকুল ঃ কিন্তু কেন?

যুধিষ্ঠির ঃ কারণ আমরা সন্দেহ করছি বুঝতে পারলেই দুর্যোধনের চরেরা আমাদের হত্যা করবে।

দূত ঃ তাছাড়া দুর্যোধনের আদেশে মন্ত্রী পুরোচন নানা ভয়াবহ অস্ত্র গোপন করে রেখেছে এই গৃহের মধ্যেই।

অর্জুন ঃ তাহলে আমাদের পরিত্রাণের পথ কি কিছুই নেই?

যুধিষ্ঠির ঃ অবশ্যই আছে। আমরা মৃগয়ার ছলে নগরের সর্বত্র ঘুরে ঘুরে নগর থেকে বেরানোর পথ সন্ধান করব, তারপর...

সহদেব ঃ কিন্তু দাদা, তাতে লাভ কী?

নকুল ঃ না না সহদেব, লাভ আছে। এতে করে দুর্যোধনেরা ভাববে, আমরা নিশ্চিন্তেই আছি।

অর্জুন ঃ সুতরাং, এবার যতুগৃহে আগুন লাগানোর বন্দোবস্ত করা যাক।

যুধিষ্ঠির ঃ ইতোমধ্যে আমরা এই যতুগৃহের মাটিতে সবার গোপনে সুড়ঙ্গ পথ তৈরি করব। আর একসময় সঠিক সুযোগ বুঝে সুড়ঙ্গ পথ ধরে এই নগর থেকে বেরিয়ে আমরা অন্য পথে চলে যাব। দূত, আপনার কাছে আমার একটি বিশেষ অনুরোধ আছে।

দূত ঃ বলুন ধর্মরাজ, আপনাদের কল্যাণের জন্যে আমি সবসময় প্রস্তুত।

যুধিষ্ঠির ঃ আপনাকে এই সুড়ঙ্গ নির্মাণে আমাদের সাহায্য করতে হবে।

দূত ঃ যথা আজ্ঞা।

অর্জুন ঃ আমি স্পষ্ট দেখতে পাচ্ছি ধর্মরাজ, হস্তিনাপুর-ইন্দ্রপ্রস্থের ভাগ্যাকাশে এক দুর্যোগের রাত নেমে আসছে। আসন্ন ভ্রাতৃঘাতী দ্বন্দ্বের ক্ষেত্র তৈরী হচ্ছে ধীরে ধীরে। অনেক দুঃখের মূল্যে, রক্তের স্নানে এই দেনা শোধ করতে হবে আমাদের।

চতুর্থ দৃশ্য

(কুরুক্ষেত্রের যুদ্ধ প্রাঙ্গণ। অর্জুন ও শ্রীকৃষ্ণের প্রবেশ)

অর্জুন ঃ এইভাবে গোপনে কেটে গেল একটা বছর। মন্ত্রী পুরোচন মনে করলেন, পাণ্ডবদের মনে নিশ্চয়ই এখন আর কোন সন্দেহ নেই।

কৃষ্ণ ঃ ঠিক সেই সময়েই যুধিষ্ঠিরের আদেশে, গভীর রাত্রির অন্ধকারে ভীম মন্ত্রী পুরোচনের গৃহে, জতুগৃহের দ্বারে আগুন লাগিয়ে দিলেন। প্রবল বাতাসে সে আগুনের লেলিহান শিখা ছড়িয়ে পড়ল চারদিকে।

অর্জুন ঃ হ্যাঁ, মুহূর্তের মধ্যে ভস্ম হয়ে গেল সারা জতুগৃহের প্রাঙ্গণ। আর তার আগেই সবার অলক্ষ্যে পঞ্চপাণ্ডব মা কুন্তীকে নিয়ে সুড়ঙ্গ দিয়ে বেরিয়ে গেল বারণাবত নগর থেকে। রাতের শেষে আগুন নিভে গেলে বারণাবতবাসীরা দেখল মন্ত্রী পুরোচনের দগ্ধ-মৃত শরীর।

কৃষ্ণ ঃ এক নিষাদী ও তার পাঁচ পুত্রের দগ্ধ দেহ দেখে সবাই সিদ্ধান্ত করলেন এই মৃত দেহ আদতে কুন্তী ও তাঁর পাঁচ সন্তানের।

অর্জুন ঃ কিন্তু মাটি দিয়ে চাপা দেওয়া সেই গোপন সুড়ঙ্গ পথ কারও চোখে পড়ল না।

কৃষ্ণ : তাই জীবিত পঞ্চপান্ডব ও তাঁদের মাতা কুন্তীকে মৃত ভেবে তর্পণ আয়োজন করলেন ওই প্রবঞ্চক কৌরব বংশ। তোমার কাকা ধৃতরাষ্ট্র, পিতামহ ভীষ্মও তার সমর্থন করেছেন।

অর্জুন : কিন্তু পিতামহ ভীষ্ম তো প্রকৃত সত্য জানতেন না।

কৃষ্ণ : জানলে?

অর্জুন : তিনি তো মেনে নিতেন না কখনোই, কারণ তিনি তো...

কৃষ্ণ : উভয় পক্ষেরই সমপক্ষপাতী।

অর্জুন : তবুও

কৃষ্ণ : তবুও?

অর্জুন : তাঁরা আমার গুরুজন, শ্রদ্ধেয়। তাঁদের আশীর্বাদে আমার যা কিছু কল্যাণ। আজ তাঁদের বিরুদ্ধেই আমি অস্ত্রধারণ করব! এই ভাবনাও যে আমার পাপ। না...না...না...

কৃষ্ণ : যারা তোমার, তোমার বংশের প্রাণাঘাতে সদা উদ্যত, তারা তোমার গুরুজন, শ্রদ্ধেয়? তারা নানান কৌশলে তোমাদের পৃথিবী থেকে দূরে সরিয়ে দিতে চেয়েছে, কেবল রাজ্যসুখের উদগ্রীব বাসনা থেকে, তবুও তুমি আজ তাদের প্রতি এতো দয়াশীল? এতো মূর্খের থেকেও হীন কাজ।

অর্জুন : হীন কাজ!

কৃষ্ণ : এ তোমার দুর্বলতা।

অর্জুন : দুর্বলতা!

কৃষ্ণ : হ্যাঁ, হ্যাঁ, দুর্বলতা। তুমি স্মৃতি ভ্রান্ত হয়েছো।

অর্জুন : না আমি স্মৃতি ভ্রান্ত হইনি। সব মনে আছে আমার।

কৃষ্ণ : মনে আছে?

অর্জুন : স্পষ্ট। ১২ বছর বনবাসে থাকার পর শেষ ১ বছর, অজ্ঞাতবাসের কালে আমরা হাজির হয়েছিলাম বিরাট রাজার মৎস্যদেশে। তবে ছদ্মবেশে—প্রকৃত পরিচয় নয়। দাদা যুধিষ্ঠির হলেন কঙ্ক নামে তাঁর সভাসদ। দাদা ভীম হলেন বল্লভ নামে রাজার পাকশালার অধ্যক্ষ। ভ্রাতা নকুলের পরিচয় হল রাজার অশ্বরক্ষক গ্রন্থিক, ভ্রাতা সহদেব হলেন রাজার গোসমূহের তত্ত্বাবধায়ক তন্ত্রিপাল।

কৃষ্ণ : আর তুমি?

অর্জুন : বৃহন্নলার পরিচয়ে রাজভবনের স্ত্রীদের নৃত্য-গীত-বাদ্যের শিক্ষক। কিন্তু...

কৃষ্ণ : কিন্তু, পার্থ, শেষ রক্ষা হল না তো পঞ্চপাণ্ডবের। অজ্ঞাতবাসের শেষ লগ্নে তোমাদের সম্মুখীন হতে বাধ্য হল কৌরবদের কাছে। মামা শকুনির এক নতুন কৌশলে পা দিলে তোমরা সবাই।

(আস্তে আস্তে মঞ্চে আলো ক্ষীণ হয়ে যায়। ঘটনা ফ্ল্যাশব্যাকে ফিরে যায়)

পঞ্চম দৃশ্য

(মঞ্চে আলো জ্বলে ওঠে। দুর্যোধন, দুঃশাসন, শকুনি ও কর্ণের প্রবেশ। নতুন পরিকল্পনায় তারা চিন্তিত)
(সুশর্মার প্রবেশ)

দুর্যোধন ঃ কী সংবাদ সুশর্মা? পঞ্চপাণ্ডবদের কোনো সন্ধান পাওয়া গেল?

সুশর্মা ঃ মহারাজ, আমরা সমস্ত দুর্গম বনে-পর্বতে, জনাকীর্ণ দেশে-নগরে বহু সন্ধান করেও পঞ্চপাণ্ডবের এখনও কোনো সংবাদ পাইনি।

কর্ণ ঃ নাহলে নিশ্চিত পঞ্চপাণ্ডবের বিনাশ হয়েছে।

শকুনি ঃ না, ভুল করছো কর্ণ, পঞ্চপাণ্ডবদের মতো বীর এবং বুদ্ধিমান পুরুষদের এতো সহজে বিনাশ হয় না।
(বিরোচকের প্রবেশ)

বিরোচক ঃ দেখেছো কি বুদ্ধি! বয়স যত বাড়ছে, বুদ্ধিও তত লাফিয়ে লাফিয়ে বাড়ছে। সত্যি মামা, ধন্যি তুমি।

শকুনি ঃ (হেসে) এ যে দেখি জলে ভাসে শিলা। বিরোচক আজ আমার প্রশংসা করছে। আমার এমন সৌভাগ্য তো আমি কল্পনাও করতে পারছি না।

দুর্যোধন ঃ তাহলে দেখুন মামা, আপনি কেবলই ওর উপর ক্রোধ প্রকাশ করেন।

বিরোচক ঃ তাহলে বলুন যুবরাজ। আমি মামারও কতই না ভাল চাই। আর সেইজন্যেই তো সকাল থেকে খালি ভগবানকে ডাকছি আর বলছি, মামা আমার কবে মরবে, ও ভগবান—

শকুনি ঃ দেখছো ভাগ্নে, আমার ভালো চাওয়ার নমুনা দেখলে।

বিরোচক ঃ আহা রাগেন কেন? আমি আপনার ভাল চাইছি না? আপনি যত তাড়াতাড়ি মরেন, ততই আপনার ভাল, কারণ তাতে আর অন্যের ক্ষতির চিন্তা করে আপনার পাপ বাড়বে না। তাহলে অন্তত আপনি পরবর্তীকালে মুষিক হয়ে জন্মাতে পারবেন; না হলে যে আপনার কি জন্ম হবে,

শকুনি ঃ বিরোচক। ভাগ্নে, তুমি এই অপদার্থটাকে...

বিরোচক ঃ দূর করে দাও। যাতে অন্তত সে আরো ভেবে পরে এসে আবার ঠিক কথাটা বলতে পারে।

দুর্যোধন ঃ আঃ, বিরোচক, এবার তুমি এসো।

বিরোচক ঃ যথা আজ্ঞা। আমার একটা শুধু অনুরোধ যুবরাজ, আমাকে একবার খবরটা দেবেন।

দুঃশাসন ঃ কিসের খবর?

বিরোচক ঃ ওই যাতে শবযাত্রায় যেতে পারি।

দুর্যোধন ঃ বিরোচক, তুমি যাবে?

বিরোচক ঃ নিশ্চয়ই। শুধু মনে রাখবেন যুবরাজ, রাতে আর দিনে, সাদায় আর কালোয় গুলিয়ে ফেলবেন না। নাহলে শেষযাত্রার সংখ্যাটাই কেবল বাড়বে। (প্রস্থান)

শকুনি ঃ মাঝখান থেকে সব গোলমাল করে দিয়ে গেল।

কর্ণ ঃ আসলে ও একটু বেশী মজা করে ফেলে।

দুর্যোধন ঃ থাক ওসব কথা। মামা কিন্তু ঠিকই বলেছেন যে, পাণ্ডবরা এত সহজে বিনাশ হওয়ার নয়।

দুঃশাসন ঃ তাহলে?

শকুনি ঃ আমার মনে হয় তারা অতি গোপনে সঠিক সময়ের জন্য প্রতীক্ষা করছে।

কর্ণ ঃ সঠিক সময়!

শকুনি ঃ হ্যাঁ, পঞ্চপাণ্ডবদের অজ্ঞাতবাসের আর অল্পদিনই বাকি আছে, এই কয়েকটা দিন যদি তারা সাবধানে অতিক্রম করে যেতে পারে, তবে প্রকৃত সত্য প্রকাশ পেয়ে যাবে।

দুর্যোধন ঃ কিন্তু সে ফল কৌরবদের পক্ষে অত্যন্ত খারাপ, যথেষ্ট দুঃখজনক।

শকুনি ঃ নিশ্চয়ই।

দুর্যোধন ঃ তাহলে এখন আমাদের করণীয়?

শকুনি ঃ (কিছুক্ষণ ভেবে) আর একদল অতি ধূর্ত গুপ্তচর পাঠাও, তারা সর্বত্র তন্ন তন্ন করে পঞ্চপাণ্ডবের সন্ধান করুক। সময় কিন্তু অতি অল্প।

দুর্যোধন ঃ উত্তম। সেনাপতি সুশর্মা তুমি একদল বিশ্বস্ত গুপ্তচর নিয়োগ করে তাদের পাঠিয়ে দাও পঞ্চপাণ্ডবের সন্ধানে।

সুশর্মা ঃ যথা আজ্ঞা মহারাজ। (সুশর্মার প্রস্থান)

দুঃশাসন ঃ আমার কিন্তু মনে হয়, পঞ্চপাণ্ডবরা সকলেই মারা গেছে।

শকুনি ঃ ভিত্তিহীন অনুমান রাজকার্যের প্রতিবন্ধক কুমার।

দুর্যোধন ঃ আর বারণাবতের জতুগৃহের কথাও ভুলে গেলে চলবে না।

কর্ণ ঃ কিংবা হয়তো এমন কোন স্থানে তারা আত্মগোপন করে আছে যা আমাদের পক্ষে বোঝা কোনদিনই সম্ভব হবে না।

শকুনি ঃ অঙ্গরাজ, রাজশাসনে এত সহজে হার মানলে চলে না। পাণ্ডবরা নিঃসন্দেহে বুদ্ধিমান, কিন্তু শকুনির মস্তিষ্কও এখনো শুকিয়ে যায়নি। মনে রেখো, একবার যদি তাদের সন্ধান মেলে, তাহলেই...হা হা হা (উল্লাসের হাসি)

(সুশর্মার প্রবেশ)

সুশর্মা ঃ সুসংবাদ আছে মহারাজ।

দুর্যোধন ঃ কী সুসংবাদ।

সুশর্মা ঃ (কিছুটা গম্ভীর হয়ে) মৎস্যরাজ বিরাটকে আপনার মনে আছে নিশ্চয় মহারাজ।

দুর্যোধন ঃ মনে আছে, কারণ তিনি বহুবার আমার রাজ্যে অত্যাচার করেছেন।

দুঃশাসন ঃ কারণ মহাবীর কীচক ছিলেন তাঁর সেনাপতি। তাঁর বলেই মৎস্যরাজ বিরাটের এত স্পর্ধা।

সুশর্মা ঃ সুসংবাদ তো সেখানেই। ওই মহাবীর কীচককে বধ করেছে গন্ধর্বরা, ফলে মৎস্যরাজ বিরাট এখন একা, সম্পূর্ণ অসহায়।

শকুনি ঃ আচ্ছা তাই নাকি। অদ্ভুত ব্যাপার তো। দাঁড়াও তো একটু ভাবি। কীচক...গন্ধর্ব...মৃত্যু...। সব কিরকম যেন ঠেকছে ভাগ্নে। ঠিক আছে, ঠিক আছে। আমাদের সেনাদলকে যুদ্ধযাত্রার আদেশ দাও।

দুঃশাসন ঃ ঠিকই বলেছেন মামা। এই মুহূর্তে বিলম্ব না করে অতিশীঘ্র মৎস্যরাজ বিরাটের বিপক্ষে আমাদের যুদ্ধ ঘোষণা করা উচিত।

কর্ণ ঃ কিন্তু রাজপুত্র উত্তর?

শকুনি ঃ উত্তর নাবালক, এই প্রবল পরাক্রমশালী শত্রুপক্ষের বিরুদ্ধে সে একা কিছুই করতে পারবে না।

দুর্যোধন ঃ তবে আর বিলম্ব কেন? সৈন্য সামন্ত নিয়ে বিনা চিন্তায় আমরা মৎস্য রাজ্য আক্রমণ করি। বিরাট রাজার ওই বিশাল গরুর দল আর ধনরত্নে আমার বহুদিনের লোভ।

শকুনি ঃ আজ তোমার সেই স্বপ্ন পূরণ হবে ভাগ্নে। কিন্তু আমি ভাবছি অন্য কথা।

দুর্যোধন ঃ অন্য কথা?

দুঃশাসন ঃ কিরকম?

কর্ণ ঃ মামা কি এর মধ্যে কোন...

শকুনি ঃ দাঁড়াও, অপেক্ষা করো। রাজকার্যে দ্রুত সিদ্ধান্ত অনুচিত। তার চেয়েও বেশ অনুচিত সন্দেহের বিষয়কে সন্দেহ না করা।

দুর্যোধন ঃ মানে?

শকুনি ঃ মানে, অজ্ঞাতবাস শেষ হতে তো মনে হয় এখনও কয়েকদিন বাকী আছে। ধরা যাক, যদি দেখা যায় গন্ধর্বরা রূপ পাল্টে পাণ্ডব হয়ে গেছে, কেমন হয় ভাগ্নে? (হাসতে হাসতে বিকৃত অট্টহাসিতে ফেটে পড়ে)

ষষ্ঠ দৃশ্য

(দুইদিক থেকে সুশর্মা ও বিরাট রাজের প্রবেশ)

সুশর্মা ঃ রাজা আর কেন যুদ্ধের শখ? এবার তো বন্দী হতে হবে?

বিরাট ঃ তুমি কি মনে করো সুশর্মা, বিরাটরাজ কোনো লুণ্ঠনকারীকে ভয় পায়?

সুশর্মা ঃ ভয়ের প্রশ্ন নেই রাজা। এবার প্রশ্ন সারাজীবন কৌরবের দাসত্ব করতে হবে কিনা।

বিরাট ঃ তার আগে যুদ্ধক্ষেত্রে মৃত্যুবরণ করবো, কিন্তু কখনই সেই দুরাত্মাদের বংশবদ হয়ে থাকবো না।

সুশর্মা ঃ বেশ তবে তাই হোক।

বিরাট ঃ হ্যাঁ আমি প্রস্তুত, সুশর্মা।

(যুদ্ধ চলতে থাকে) (যুদ্ধ করতে করতে পিছোতে থাকেন বিরাটরাজ)

সুশর্মা ঃ পালাচ্ছো কেন রাজা? পরাজয় তো তোমার নিশ্চিত। আমি তোমায় প্রাণে মারবো না। বন্দী করবো। (যুদ্ধ করতে করতে উভয়ের প্রস্থান)

(ছদ্মবেশে অর্জুন, ভীম ও সহদেবের প্রবেশ)

সহদেব ঃ পার্থ, বিরাট রাজ নাকি পরাজিত হয়েছেন।

ভীম ঃ শুনলাম, সুশর্মা তাঁকে বন্দী করে নিয়ে গেছে।

(দ্রুত যুধিষ্ঠিরের প্রবেশ)

যুধিষ্ঠির ঃ অর্জুন, তুমি দ্রুত যুদ্ধযাত্রা করো।

অর্জুন ঃ কিন্তু দাদা, এই ভাবে যুদ্ধে গেলে, কৌরবরা তো আমাদের চিনে ফেলবে।

ভীম ঃ তখন, আবার ১২ বছর বনবাস, ১ বছর অজ্ঞাতবাস।

সহদেব ঃ তাই তো, অজ্ঞাতবাসের সময় তো বোধহয় এখনো পূর্ণ হয়নি।

যুধিষ্ঠির ঃ আঃ তোমরা এখনো অযথা কালক্ষেপ কেন করছো? আমাদের কি হবে, তার চেয়ে বড় কথা আমাদের যিনি আশ্রয়দাতা তাঁকে রক্ষা করা। যাও পার্থ, আমার অনুরোধ এখনই যুদ্ধ যাত্রা করো। যেমন করে হোক, মুক্ত করো বিরাট রাজাকে। যাও।

অর্জুন ঃ আপনার আদেশ শিরোধার্য। আপনার সকলে উত্তরপাশে গিয়ে দ্বার রক্ষা করুন। আমি পূর্বপাশ দিয়ে দ্রুতগতিতে আক্রমণ করব কৌরবদের। আর নিশ্চিত থাকুন, ফিরিয়ে আনবোই বিরাট রাজাকে। (সকলের প্রস্থান)

(যুদ্ধবাদ্য বাজছে, বাইরে মাঝে মাঝে চিৎকার হচ্ছে।)

(সুশর্মা বিরাট রাজকে বন্দী করে দ্রুত নিয়ে যাচ্ছে, এমন সময় পিছন থেকে এসে উপস্থিত হয় অর্জুন। সুশর্মার সঙ্গে তার যুদ্ধ শুরু হয়ে যায়, পরাজিত হয়ে পালিয়ে যায়।)

অর্জুন ঃ রাজা, আপনি মুক্ত, আসুন আমার সঙ্গে।

বিরাট ঃ তুমি এত ভাল যুদ্ধ জানো বৃহন্নলা। অদ্ভুত ব্যাপার। সত্যি করে বল তো তোমার অন্য কোন পরিচয় আছে কিনা।

অর্জুন ঃ যুদ্ধক্ষেত্র এসব আলোচনার স্থান নয় রাজামশাই। দ্রুত চলুন। মহামতি ভীষ্ম আর আচার্য দ্রোণকে দেখতে পাচ্ছি। দ্রুত চলুন। আপনাকে অন্তরালে রেখে আমাকে এখুনি আবার আসতে হবে। (দ্রুত প্রস্থান)

(ভীষ্ম ও দ্রোণের প্রবেশ)

ভীষ্ম ঃ কারা পালিয়ে গেলে, সাহস থাকে তো এক্ষুনি ফিরে এসো, যুদ্ধ করো আমাদের সঙ্গে। হস্তিনাপুরের দুই বৃদ্ধ সেনানায়ক আজ তোমাদের সামনে।

দ্রোণ ঃ ভয় নেই, আমরা কাউকে প্রাণে মারব না। কেবল বন্দী করে নিয়ে যাব।
(হঠাৎ একটি করে তীর এসে পড়ে ভীষ্মের ও দ্রোণের পায়ের কাছে।)

ভীষ্ম ঃ আচার্য, বুঝতে পারছ কি এমন নিখুঁত শরযোজনা কার পক্ষে সম্ভব?

দ্রোণ ঃ ধনঞ্জয়।

ভীষ্ম ঃ অবশ্যই, অর্জুন ছাড়া এমন শরলক্ষ্য কারুর পক্ষেই সম্ভব নয়।

দ্রোণ ঃ আমি তাই ভাবছি, এমন করে সকলকে একা পরাজিত করার সামর্থ্য...

ভীষ্ম ঃ জানো দ্রোণ, খুব আনন্দিত, গর্বিত বোধ করছি। প্রথমত এতদিন পরে তাদের দেখা পেলাম। দ্বিতীয়ত, অর্জুনের কাছে পরাজয়। চলো আমরাও ফিরে যাই হস্তিনাপুরে।

সপ্তম দৃশ্য

(আলো জ্বলে উঠল। উদ্বিগ্ন ভীষ্ম ও দ্রোণাচার্যের প্রবেশ)

দ্রোণ ঃ বিরাট রাজার সঙ্গে যুদ্ধে কৌরবদের পরাজয় ঘটেছে।

ভীষ্ম ঃ অনিবার্য ভবিতব্য যা ছিল তাই হয়েছে আচার্য।

দ্রোণ ঃ যুদ্ধে প্রাণ গেছে অজস্র কৌরব সৈন্যের।

ভীষ্ম ঃ মূঢ়তার এই পরিণামও স্বাভাবিক।

দ্রোণ ঃ তাহলে কি এখনই আমাদের উচিত নয়, পুনরায় যুদ্ধের আগে দুর্যোধন, দুঃশাসনকে বিরত থাকার আদেশ দেওয়া।

ভীষ্ম ঃ সে সময় এখন অতিক্রান্ত। বহুদিন থেকে কৌরবদের যুদ্ধ থেকে বিরত থাকার পরামর্শ দিয়েছি। কিন্তু সে কথায় তাদের কোনো কর্ণপাত নেই। যুদ্ধের নেশায় তারা উন্মত্ত।

দ্রোণ ঃ তারা কি জানে না দেবগণেরও অনেক আগে নরনারায়ণ ঋষিদ্বয় অর্জুন ও কৃষ্ণরূপে জন্মগ্রহণ করেছেন, এঁরা সুরাসুরের অজেয়।

ভীষ্ম ঃ তারা সবই জানে আচার্য। এও জানে পঞ্চপাণ্ডবের মত এমন বীর, বুদ্ধিমান পুরুষরাই এই নগরের মহারাজ হওয়ার যোগ্য।

দ্রোণ ঃ তাহলে কি আপনি এই যুদ্ধে পাণ্ডবদের পক্ষে?

ভীষ্ম ঃ না দ্রোণাচার্য, আমি না কৌরব, না পাণ্ডব, কোনো পক্ষেরই সমর্থন করি না। এ যুদ্ধ আমার বড়ো বেদনার কারণ। কৌরব কিংবা পাণ্ডব এ যুদ্ধে পরাজয় যারই হোক, সবাই তো আমার স্বজন। তাই এ মুহূর্তে এই যুদ্ধের অবসান অত্যন্ত প্রয়োজনীয়। নইলে...
(ক্রোধের সঙ্গে দুর্যোধন, দুশাসন, শকুনি ও কর্ণের প্রবেশ)

ভীষ্ম ঃ এ কি এত ক্ষিপ্ত কেন সকলে?

দুর্যোধন ঃ কৌরবদের সঙ্গে যুদ্ধে বিরাট রাজা জয়লাভ করেছেন।

ভীষ্ম ঃ সেই জয়-পরাজয়ের খেলায় তো আমিও ছিলাম দুর্যোধন।

দুঃশাসন ঃ কিন্তু বিরাট রাজার এই জয়লাভের প্রকৃত কারণ কি আপনি জানেন?

ভীষ্ম ঃ জানি। এই জয়ের প্রধান হোতা ছিলেন অর্জুন, যুধিষ্ঠির, ভীম, নকুল, সহদেব।

দুর্যোধন ঃ কিন্তু আপনি কি ভুলে যাচ্ছেন, দ্যূতসভার প্রতিজ্ঞা অনুযায়ী পরাজিত পাণ্ডবদের ১২ বছর বনবাস ও ১ বছর অজ্ঞাতবাসের শাস্তি দেওয়া হয়েছিল।

ভীষ্ম ঃ শাস্তি, না অন্যায়?

শকুনি ঃ না শাস্তিই। আর সেই ১৩ বৎসরের শাস্তি এখনও শেষ হয়নি, তাই প্রতিজ্ঞা মতো পঞ্চপাণ্ডবকে আবার ১২ বছর বনবাস ও ১ বছর অজ্ঞাতবাসের শাস্তি মেনে নিতে হবে। (হাসি)

ভীষ্ম ঃ মূর্খ শকুনি। জ্যোতিষ গণনায় সপ্তমীর অপরাহ্নেই পঞ্চপাণ্ডবের ১২ বছর বনবাস ও ১ বছর অজ্ঞাতবাসের শাস্তি পূর্ণ হয়েছে এবং তা নিশ্চিত জেনেই বুদ্ধিমান অর্জুন আমাদের বিরুদ্ধে যুদ্ধে করতে প্রকাশ্যে উপস্থিত হয়েছেন।

দুর্যোধন ঃ ভুল বলছেন পিতামহ। পাণ্ডবদের পক্ষ নিয়ে এমন ভ্রান্তিতে আপনি দয়া করে আপনি আমাদের ফেলবেন না।

ভীষ্ম ঃ কোন পক্ষপাতের প্রশ্নই নেই। আমার গণনাকে ভুল বলে প্রতিপন্ন করতে চাওয়ার আগে নিজেরা ভাল করে গণনা করে এসো দুর্যোধন।

দুর্যোধন ঃ অবশ্যই তার করবো পিতামহ। কর্ণ, দুঃশাসন, তোমরা এখনই যাও, গণনাকারের কাছে। (দুঃশাসন ও করণের দ্রুত প্রস্থান)। মনে রাখবেন পিতামহ, যতই পাণ্ডবদের জন্যে আপনার হৃদয় বেদনায় উথলে উঠুক, আমার প্রাণ থাকতে কৌরব বংশ ওই পঞ্চপাণ্ডবের কাছে কোনদিন পরাজয় স্বীকার করবে না।

ভীষ্ম ঃ আর কত অসম্মান করবে আমায় দুর্যোধন। কেন বুঝতে পারছ না...

শকুনি ঃ আমরা সব কিছুই বুঝতে পারছি পিতামহ। কেন বিরাট রাজার সাথে যুদ্ধে পরাজয় ঘটল...

দ্রোণ ঃ সাবধান বাচাল। ভুলে যেও না, পিতামহ সমস্ত কটু কথা মেনে নিলেও এই বৃদ্ধ মহামতি ভীষ্মের কোন অপমান সহ্য করবে না।

দুর্যোধন ঃ আচার্য ক্রুদ্ধ হবেন না। কখনো কখনো মনের অভিমানে এই সব অনুযোগ বেরিয়ে আসে। আপনাদের উভয়ের প্রতিই আমাদের যথেষ্ট শ্রদ্ধা আছে। আমরা কখনই বিশ্বাস করি না যে, যে পক্ষে ভীষ্ম আর দ্রোণ আছে সে পক্ষকে সমগ্র পৃথিবীতে কেউ পরাজিত করতে পারে।

শকুনি ঃ কিন্তু তবুও আমরা পরাজিত হই, এটাই দুর্ভাগ্য।

ভীষ্ম ঃ যদি কোন পক্ষে অর্জুন থাকে, তবে কারো সাধ্য নেই সে পক্ষকে হার মানায়।

দ্রোণ : আর তাছাড়া, কেবল রাজ্যলোভে নিজের ভাইদের সঙ্গে এই ধূর্ততা, এই প্রতারণা কেন?

ভীষ্ম : বৎস দুর্যোধন, ধর্ম ও অর্থ থেকে তোমার বুদ্ধি চ্যুত হয়েছে। তাই যদি এই মুহূর্তে আমার পরামর্শ গ্রাহ্য না কর তবে কৌরব বংশের দুর্দিন আসন্ন।

দ্রোণ : পাণ্ডবগণ ধর্মজ্ঞ, তাঁরা লোভী নন, তাঁরা রাজ্য লাভের জন্য অন্যায়ের পথ অবলম্বন করবেন না, তাই তোমাদের কর্তব্য...

শকুনি : যুদ্ধ থেকে বিরত থাকা?

ভীষ্ম : হ্যাঁ, যুদ্ধ থেকে বিরত হওয়া। অর্ধেক রাজ্যই তোমাদের জীবিকা নির্বাহের পক্ষে যথেষ্ট, পাণ্ডবগণকে তাদের ন্যায্য অধিকার থেকে বঞ্চিত করো না এইভাবে।

দুর্যোধন : না না পিতামহ, এই অনুরোধ করবেন না। আবারো বলছি প্রাণ থাকতে এত সহজে আমি পাণ্ডবদের ফিরিয়ে দেব না।

(কর্ণ ও দুঃশাসনের প্রবেশ)

দুঃশাসন : হ্যাঁ দাদা, পিতামহের কথাই ঠিক। অজ্ঞাত বাসের সময় সদ্য শেষ হয়েছে।

শকুনি : আর সেটা একমাত্র জানতেন, পিতামহ।

দ্রোণ : স্তব্ধ হও শকুনি। বন্ধ করো তোমার ব্যঙ্গবাণ।

দুর্যোধন : ঠিক কথা পিতামহ, আচার্য। আমরা কথা বন্ধ করছি। কিন্তু কাজ আমরা করবই। বিনা যুদ্ধে পাণ্ডবরা সামান্য ভূমিখণ্ডও নিজেদের কাছে নিতে পারবে না।

শকুনি : অতএব, যুদ্ধ...(হাসি) (সকলের প্রস্থান)

ভীষ্ম : দ্রোণাচার্য, দেখতে পাচ্ছো।

দ্রোণ : হ্যাঁ দেখতে পাচ্ছি পিতামহ।

ভীষ্ম : অনিবার্য এক যুদ্ধ আজ আমাদের সামনে। অসংখ্য অসহায় মানুষের রক্তে ভেসে যাবে আর্যাবর্তের মাটি।

দ্রোণ : সন্তানহারা জননী, স্বামীহারা বধূর আর্তবিলাপে মুখর হবে আকাশ-বাতাস।

ভীষ্ম : মহাপ্রাণের এ এক ভয়ানক দুর্ভিক্ষ।

দ্রোণ : মানববিদ্বেষের এ এক চরম পরিণাম।

ভীষ্ম : আমরা দুই অসহায় বৃদ্ধ তাতেই অংশ নিতে যাচ্ছি।

দ্রোণ : আমাদেরই রক্তে অন্তত ধুয়ে যাক এর যাবতীয় কলঙ্করেখা।

ভীষ্ম : না আচার্য। আমরা তা করতে পারব না। আমি স্পষ্ট দেখতে পাচ্ছি, মহাযুদ্ধের এই রক্তাক্ত পথেই এসে দাঁড়াবেন এক যুগন্ধর পুরুষ। তিনিই মহাকাল। তিনিই আমাদের দিশারী। যুগে যুগে তিনি আসেন। আমরা তাঁকে চিনতে পারি না, বুঝতে পারি না; কিন্তু তিনি আসেন যুগে যুগে যুগান্তরের সম্ভাবনাকে নিয়ে। নিশ্চিত জেনো আচার্য এবারেও তিনি আসছেন। নতুন সকালের উদয়মন্ত্র শোনাবেন তিনি মহাযুদ্ধের ধর্মক্ষেত্রে।

অষ্টম দৃশ্য

(আলো জ্বলে উঠল। কুরুক্ষেত্রের যুদ্ধপ্রাঙ্গণে অর্জুন ও শ্রীকৃষ্ণ)

অর্জুন ঃ যুদ্ধ বড়োই পাপজনক, এতে তো দুই পক্ষেরই ক্ষতি।

কৃষ্ণ ঃ আমি তো তোমাকে বারবার বলছি পার্থ, অধর্মের বিরুদ্ধে, অন্যায়ের বিরুদ্ধে যুদ্ধ কখনোই পাপ নয়। যারা রাজ্যলোভে উন্মত্ত হয়ে নিজের স্বজনবর্গের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে, তাদের বিরুদ্ধে যুদ্ধ অন্যায় নয়, অধর্ম নয়।

অর্জুন ঃ কিন্তু এই সংকটকাল থেকে মুক্তি পেতে তবে যুদ্ধ ছাড়া কি আর কোনো বিকল্প পথ নেই?

কৃষ্ণ ঃ বিকল্প পথ।

অর্জুন ঃ হ্যাঁ, বিকল্প পথ। যুদ্ধের নৃশংসতায় যেখানে মানুষের রক্তপাত হবে না। নিজের ভাইয়ের হাতে আর এক ভাইকে মৃত্যুবরণ করতে হবে না।

কৃষ্ণ ঃ তুমি কি ভুলে যাচ্ছো অর্জুন, যুদ্ধ থেকে বিরত থাকার জন্যই একসময় পাণ্ডবগণ সন্ধি স্থাপনের পরিকল্পনা করেছিল, অথচ তা অস্বীকার করেছিল লোভী কৌরবরা?

অর্জুন ঃ হ্যাঁ ঠিক, মনে আছে। শান্তি স্থাপনের জন্য আমরা সন্ধিবদ্ধ হওয়ার সিদ্ধান্ত নিয়েছিলাম। পাঠিয়েছিলাম তোমাকেই সখা।

(ফ্রিজ। আলো বন্ধ। ফ্ল্যাশব্যাকে ফিরে যায় আবার)

নবম দৃশ্য

(আলো জ্বলে উঠল। পঞ্চপাণ্ডব ও শ্রীকৃষ্ণ প্রবেশ)

যুধিষ্ঠির ঃ অর্জুন, এখনো তো, সখা কৃষ্ণ এসে পৌঁছোলো না।

অর্জুন ঃ দুশ্চিন্তা করবেন না, মনে হয় এখনই তিনি এসে যাবেন।

ভীম ঃ কৌরবদের সঙ্গে এই পর্বে আমাদের আলোচনার ব্যাপারে তুমি কি তাঁকে আমাদের ইচ্ছার কথা জানিয়েছিলে?

নকুল ঃ আমিই পূর্বাহ্নেই সেকথার আভাস তাঁকে দিয়েছিলাম।

(শ্রীকৃষ্ণের প্রবেশ)

শ্রীকৃষ্ণ ঃ কী ব্যাপার প্রথম পাণ্ডব, এত উদ্বিগ্ন তোমরা সবাই?

নকুল ঃ উদ্বেগের কারণ তো তোমার অজানা নয় সখা।

শ্রীকৃষ্ণ ঃ জানি। দুরন্ত কৌরবরা এক দুর্যোগের বীজ বপন করতে চাইছে।

যুধিষ্ঠির ঃ কিন্তু, তুমি তো জানো বাসুদেব, আমরা সকলেই। সেই দুর্যোগ এড়িয়ে যেতে চাইছি।

অর্জুন ঃ সবচেয়ে দুর্ভাগ্যের এই যে, পিতৃব্য ধৃতরাষ্ট্র আমাদের রাজ্য ফিরিয়ে না দিয়েই শান্তি কামনা করছেন। পুত্র স্নেহে অন্ধ হয়ে তিনি নিজের স্ব-ধর্মকে বিসর্জন দিতে বসেছেন।

ভীম ঃ আসলে শকুনি, দুঃশাসন, দুর্যোধনরাই তাঁকে বিপথে পরিচালিত করছে।

যুধিষ্ঠির ঃ জনার্দন, কৌরবদের অত্যাচারে আমি আজ আমার মা ভাইদের নিরাপদে থাকার ভরসাটুকু দিতে পারছি না, এর চেয়ে বড়ো দুঃখ আর কি আছে বলুন।

কৃষ্ণ ঃ রাজ্যলোভে কৌরব বংশ এখন উন্মত্ত, তাই...

নকুল ঃ কিন্তু পাণ্ডবগণ কোনোদিনই রাজ্যলোভ করেনি। আমরা শুধু তাদের কাছে পাঁচটি গ্রাম প্রার্থনা করেছিলাম কিন্তু দুরাত্মা দুর্যোধন তাও দিতে রাজি হননি।

ভীম ঃ তবে পৈতৃক সম্পত্তির অধিকার তো আমরাও এতো সহজেই ছেড়ে দেব না। বরং তা উদ্ধারের চেষ্টায় যদি আমাদের সকলের মৃত্যু হয়, তবে তাও ভালো।

কৃষ্ণ ঃ শত্রুতার দ্বারা শত্রুতার নিবৃত্তি হয় না, বরং বৃদ্ধি হয়। যাঁরা সজ্জন ধীর ও দয়ালু তাঁরাই যুদ্ধে মরেন, আর বেঁচে থাকে শত নিকৃষ্টজন। তাছাড়া রাজ্যলোভে নিজ বংশ বিনাশের চেষ্টা? এতো অন্যায়।

যুধিষ্ঠির ঃ না, জনার্দন, আমরা রাজ্য ভোগ করতে চাই না, আর কুলক্ষয়ও চাই না। তাই আমরা সর্বতোভাবে সন্ধির চেষ্টা করব। আর সখা, সেই কাজের ভার তোমাকে নিতে হবে।

কৃষ্ণ ঃ আমাকে? বল কি যুধিষ্ঠির?

ভীম ঃ কিছু মনে কোরো না সখা। সখা বলেই তোমার উপর আমাদের এই দাবী।

অর্জুন ঃ আমাদের সকলের বিশ্বাস, তুমি যদি একবার হস্তিনাপুর উপস্থিত হও, তাহলে তোমাকে দেখে, পিতৃব্য ধৃতরাষ্ট্র, পিতামহ ভীষ্ম, আচার্য দ্রোণ সকলেই দুর্যোধনদের বাধ্য করবেন, আমাদের এই ক্ষুদ্র দাবীটুকু মেনে নিতে।

নকুল ঃ হ্যাঁ সখা, শুধু আমাদের দিকে নয়, এই সমগ্র ভারতবর্ষের দিকে তাকিয়ে আসন্ন রক্তক্ষয়ী সংগ্রাম বন্ধ করার জন্যেই, আজ তোমাকে এই ভার গ্রহণ করতে হবে।

কৃষ্ণ ঃ উত্তম। যদি তোমাদের মনে হয়, আমাকে দিয়ে এই কাজ সম্ভব হতে পারে, নিশ্চয়ই আমি যাব। যদি উভয়পক্ষের স্বার্থহানি না করে আমি শান্তি স্থাপন করতে পারি তবে আমারো মহাপুণ্য লাভ হবে।

অর্জুন ঃ কিন্তু!

কৃষ্ণ ঃ কিন্তু কি অর্জুন?

অর্জুন ঃ যদিও আমরা চাইছি, তুমিই যাও সখা এই কাজে, কিন্তু আবার এও মনে হচ্ছে যে, দুর্যোধন সন্ধি স্থাপনের প্রস্তাব অস্বীকার করে যদি আপনার প্রতি দুর্ব্যবহার করে তবে তা আমাদের কাছে অত্যন্ত কষ্টকর হবে।

কৃষ্ণ : অর্জুন, দুর্যোধন পাপী তা আমি জানি, কিন্তু আমি যদি সন্ধি স্থাপনের বার্তা নিয়ে তার কাছে যাই তবে অন্য কোন লাভ না হলেও মানুষ অন্তত আমাদের যুদ্ধপ্রিয় বলে দোষ দেবে না, আর আমাকে ক্রুদ্ধ করার দুঃসাহস নেই ওই কৌরবগণের।

যুধিষ্ঠির : তোমার যা অভিরুচি, তুমি সেই মতোই কাজ কোরো সখা। আর তুমি যে এতে কৃতকার্য হয়ে নিরাপদে ফিরে আসবে—সে আস্থা আমাদের সকলেরই আছে।

কৃষ্ণ : কিন্তু কৌরবগণ সন্ধি করবেন এমন আস্থা আমার নেই। পিতামহ ভীষ্ম, আচার্য দ্রোণাচার্যের ভরসায় তারা নিজেদের প্রবল শক্তিশালী বলে মনে করেছে। তাই পাণ্ডবগণের এই প্রস্তাব তারা মেনে নিতে রাজি হবে না কখনোই।

ভীম : তুমি এমনভাবে তাদের বোঝাবার চেষ্টা করবে, যাতে উভয়পক্ষেরই ভালো হয়। দুর্যোধন অসহিষ্ণু, ক্রোধী কিসে ভাল হয় তা বোঝে না। আমরা বরং হীনতা স্বীকার করব, কিন্তু ভরতবংশ যেন বিনষ্ট না হয়। তুমি পিতামহ ভীষ্ম ও সভাসদ্‌দের বোলো যে, তাঁরা যেন দুর্যোধন দুঃশাসন, মামা, শকুনিকে শান্ত করেন। উভয় পক্ষের মধ্যে সৌভ্রাতৃত্ব স্থাপিত হয়।

কৃষ্ণ : আশ্চর্য ভীম! একদিন তুমিই না, ভাইদের কাছে গদা স্পর্শ করে শপথ করেছিলে, গদাঘাতে দুর্যোধনকে বধ করবে? অথচ আজ যুদ্ধের মুহূর্তে তোমার মুখে এই মধুর বচন?

ভীম : না আসলে, অযথা হত্যা-হানাহানি, রক্তক্ষয় থামাতে আর সৌহার্দ্য ও ভরতবংশের রক্ষার জন্যই আমার এই শান্তিকামনা।

অর্জুন : আমার বোধ হয় যে, দুর্যোধন ও শকুনির লোভ এবং আমাদের বর্তমান দুরবস্থার জন্য শান্তিস্থাপন সুসাধ্য হবে না, তবে সম্যক যত্ন করলে যে কোনো কাজই তো সফলতা লাভ করতে পারে।

কৃষ্ণ : পুরুষকার ছাড়া কাজে সফলতা লাভ হয় না। তাই কথা ও কাজে যেটুকু সাধ্য, আমি তাই করব।

নকুল : সখা যা কালো চিত মনে করবে, তাই কোরো।

যুধিষ্ঠির : জনার্দন, তুমি কৌরব সভায় গিয়ে প্রথমে মৃদুবাক্যে বোঝাবে, প্রয়োজনে ভয় দেখাবে। আশা করি, সব দেখে শুনে কৌরববংশ অবশ্যই বুঝবে কিসে তাদের শ্রেয় হবে। (সহদেবের প্রবেশ)

সহদেব : আমার প্রণাম গ্রহণ করবেন আপনারা।

যুধিষ্ঠির : আরে এসো এসো কনিষ্ঠ পাণ্ডব। আমার তো মনেই ছিল না যে তুমি পাঞ্চালীর কাছে গিয়েছিলে। পাঞ্চালী এখন কুশল তো।

সহদেব : তিনি শারীরিক কুশলেই আছেন। কেবল সমস্ত পাণ্ডবদের উদ্দেশ্যে এবং সখা কৃষ্ণের উদ্দেশ্যে তিনি কিছু নিবেদন পাঠিয়েছেন; আমাকেই তা জানাতে বলেছেন আপনাদের।

অর্জুন : নিশ্চয়ই নিশ্চয়ই, তুমি তো প্রতিনিবেদন করো সহদেব।

সহদেব ঃ সখা পাঞ্চালী জানেন, আপনি সন্ধির প্রস্তাব নিয়ে যাচ্ছেন আজ কৌরব রাজসভায়। তিনি শুধু তোমাকে জানাতে বলেছেন যে আশা করি জনার্দন ভুলে যান নি, কেমন করে কৌরবরা তাঁর সম্মানহানি ঘটিয়েছিল রাজসভার সকলের সামনে।

কৃষ্ণ ঃ আমার তা খেয়াল আছে সহদেব?

সহদেব ঃ পাঞ্চালী জানিয়েছেন, তাই যখন আপনি দূত হয়ে তাঁদের আবেদন জানালেন পাঁচটি গ্রামের জন্যে অবশ্যই মনে করবেন দুরাত্মা দুঃশাসনের কথা, যে এক দাসীর মত কেশপাশ আকর্ষণ করে সেদিন পাঞ্চালীকে নিগ্রহ করেছিল।

ভীম ঃ তুমি কি বলছ সহদেব?

সহদেব ঃ আমায় ক্ষমা করবেন মধ্যম পাণ্ডব। একদিকে ক্রোধাগ্নিতে উজ্জ্বল আঁখি, আর একদিকে নিজের অতীত দুর্দশার চিন্তায় অশ্রুসজল পাঞ্চালী অবাক হয়ে গেছেন শুনে যে মহাবলশালী ভীমসেনও নাকি চাইছেন যুদ্ধ বন্ধ হোক, এই ত্রিভুবনের শ্রেষ্ঠ ধনুর্ধর গাণ্ডীবীও নাকি চাইছেন শান্তি আসুক। তাঁরা কি সকলেই ভুলে গেলেন, তাঁদেরই চোখের সামনে একদিন ঘটে যাওয়া সেই মহা ভয়ানক দৃশ্যটিকে? পঞ্চপাণ্ডবের মত স্বামী তাঁর, তিনিই আজ কিছুতেই ভেবে পাচ্ছেন না, তাঁর এ দুর্ভাগ্যের শেষ কোথায়? তিনি প্রস্তুত আছেন, নিজের পঞ্চপুত্র আর বৃদ্ধ পিতাকে নিয়ে পাপিষ্ঠ দুর্যোধন-দুঃশাসনদের শাস্তিবিধানের জন্যে। সখা শান্তির কথা বলার সময়ে সেই হতভাগিনী মহীয়সী নারীর কথা ভুলে যেও না কিন্তু। যুধিষ্ঠির ভুলতে পারেন, ভীমসেন ভুলতে পারেন, অর্জুন ভুলতে পারেন, কিন্তু পাঞ্চালীর গভীর বিশ্বাস, এই জগতের যিনি শঙ্কাহরণ, পতিতপাবন, যিনি যজ্ঞবেদী থেকে উত্থিতা দ্রুপদনন্দিনীর শেষ আশ্রয়, তিনি অন্তত এই নাথবতী অনাথবৎ সীমন্তিনীকে ভুলবেন না।

কৃষ্ণ ঃ বেশ তাই হবে সহদেব। পাঞ্চালীকে তুমি জানিয়ে দিও, মানবের কর্মের ধারা অজ্ঞাত, কর্মতত্ত্বও অজ্ঞাত। নরদেহে প্রারব্ধ স্বাভাবিক, সেই প্রারব্ধবশেই আমাকে যেতে হবে কৌরবসভায় সন্ধির প্রস্তাব নিয়ে। কিন্তু আমি কখনই ভুলে যাব না, সেই দুর্দিনের দৃশ্যটিকে আমি কখনোই ভুলে যাবো না, ভারত-ইতিহাসের এই মহীয়সী দ্রৌপদীকে, জানিয়ে দিও তাকে, তার সখা কৃষ্ণ বলছে তাকে বিনতি করে, কৃষ্ণা তুমি অশ্রুসংবরণ করো, নিশ্চিত জেনো অধর্মের বিনাশ অনিবার্য, শীঘ্রই তুমি দেখতে পাবে রাজ্যশ্রী তোমারই করতলগত।

দশম দৃশ্য

(কোনো একটি বিষয় আলোচনা করতে করতে মঞ্চে দ্রুত প্রবেশ করল শকুনি, দুর্যোধন, দুঃশাসন ও কর্ণ)

দুঃশাসন ঃ আপনি ঠিক জানেন মামা, যে আজকেই তিনি আসছেন?

শকুনি ঃ অবশ্যই ঠিক জানি।

দুর্যোধন ঃ হ্যাঁ, আমিও গুপ্তচরের মাধ্যমে খবরটা পেয়েছি।

কর্ণ ঃ কিন্তু বুঝতে পারছি না, খবরটা সোজাসুজি আমাদের কাছে কেন এসে পৌঁছুল না।

দুঃশাসন ঃ এর মধ্যে নিশ্চয়ই কোন দুরভিসন্ধি আছে।

কর্ণ ঃ অথবা ইচ্ছে করে অপমানের বাসনা।

দুর্যোধন ঃ জানে না যে, দুর্যোধন কোন ধাতুতে গড়া।

শকুনি ঃ বাছা, এইবার একটু বুঝিয়ে দেওয়ার সময় এসেছে। ওদের সমস্ত অহঙ্কারের মূলে তো এই লোকটাই।

কর্ণ ঃ কিন্তু মনে রাখবেন মামা, ও কিন্তু অত্যন্ত বুদ্ধিমান।

দুঃশাসন ঃ নানারকম দুর্বুদ্ধিও আছে ওর।

শকুনি ঃ শকুনির কাছে কিন্তু শিশু। যাক্ আর সময় নষ্ট করে লাভ নেই। তোমাদের যা বললাম মনে রইল তো?

দুর্যোধন ঃ হ্যাঁ, কর্ণ আর দুঃশাসন, তোমরা তাহলে প্রস্তুত থাকবে, আমি ডাকলেই যাতে কাজ হাসিল করা যায়।

শকুনি ঃ আমরাও কিন্তু এখন বাইরেই থাকব ভাগ্নে, যথাসময়ে প্রবেশ।

দুর্যোধন ঃ নিশ্চয়ই মামা। চল সবাই (সকলের দ্রুত প্রস্থান)

(অপরদিক দিয়ে ভীষ্ম ও দ্রোণের প্রবেশ)

দ্রোণ ঃ পিতামহ আপনি ঠিক জানেন যে কৃষ্ণ এখনই আসবেন?

ভীষ্ম ঃ অবশ্যই। রাজা ধৃতরাষ্ট্র তো আমাকে সেই কথাই জানিয়েছেন।

(কৃষ্ণের প্রবেশ)

কৃষ্ণ ঃ আমার অভিবাদন গ্রহণ করবেন পিতামহ, আচার্য দ্রোণ।

ভীষ্ম ঃ স্বস্তি।

দ্রোণ ঃ স্বস্তি।

কৃষ্ণ ঃ আপনাদের সব কুশল তো। হস্তিনাপুরের সকলে ভাল আছেন তো?

ভীষ্ম ঃ সব যে কুশল তা বলতে পারি না জনার্দন, তবে চলে যাচ্ছে।

দ্রোণ ঃ বাণপ্রস্থের সময় হল, তাই এখন রাজপ্রাসাদের চেয়ে অরণ্যই আকর্ষণ করে বেশী বাসুদেব।

কৃষ্ণ ঃ আপনারা যতদিন সুস্থ শরীরে কর্মক্ষম থাকবেন, ততদিনই জগতের কল্যাণ। কিন্তু কই, আমার কৌরব ভাইদের তো দেখছি না।

ভীষ্ম ঃ তারা নিশ্চয়ই এসে যাবে। আশা করি সকলেই তোমার আগমনের কথা জানে কেশব।

(দুর্যোধন ও শকুনির প্রবেশ)

দুর্যোধন ঃ না পিতামহ, এই আগমনের কথা আমাকে কেউ জানায়নি। তবে আমি জেনেছি।

শকুনি ঃ কিন্তু জানতে পারিনি, হঠাৎ করে এই আভীরসন্তান রাজপুরীতে কেন?

দ্রোণ ঃ শকুনি, আশা করি তোমার বুদ্ধিভ্রষ্ট হয়নি। অন্তত কীভাবে অতিথির সঙ্গে ব্যবহার করতে হয়, তা তুমি ভুলে যাওনি।

কৃষ্ণ ঃ দুশ্চিন্তা করবেন না আচার্য। আমি এতে কিছু মনে করিনি।

দুর্যোধন ঃ কিন্তু আমাদের প্রশ্নের উত্তর তো দিলে না কেশব।

ভীষ্ম ঃ আগে অতিথির সৎকারের আয়োজন করো দুর্যোধন।

শকুনি ঃ তাহলে তার আগে জানা দরকার উনি অতিথি কিনা।

দ্রোণ ঃ স্তব্ধ হও শকুনি। পিতামহের আদেশ লঙ্ঘন কোরো না।

শকুনি ঃ আমি তো জানি, পিতামহ এবং আচার্য—দুজনেই ভাগ্নে দুর্যোধনের অন্নে পুষ্ট।

ভীষ্ম ঃ সেটাই আমাদের একমাত্র পাপ।

দুর্যোধন ঃ বাজে কথায় আমি সময় নষ্ট করতে চাই না। আমার প্রশ্নের উত্তর দাও কেশব।

কৃষ্ণ ঃ ক্রুদ্ধ হোয়ো না ভাই। তোমার পাণ্ডব ভাইরা আমাকে তোমাদের কাছে পাঠিয়েছেন একটি ক্ষুদ্র অনুরোধ নিয়ে।

শকুনি ঃ ক্ষুদ্র অনুরোধ নিয়ে এমন একজন বড় লোককে পাঠালেন তাঁরা, বিচিত্র!

দ্রোণ ঃ পিতামহ, আমার আর সহ্য হয় না। কেশব তুমি চলে যাও এখান থেকে। কেন দাঁড়িয়ে আছ এই অসম্মান সহ্য করে?

কৃষ্ণ ঃ আপনি বিচলিত হবেন না আচার্য। আমি কিছুই মনে করছি না। পাণ্ডবরা প্রায় সকলেই আমাকে অনুরোধ জানিয়েছে যে আমি যেন কৌরবদের শান্ত ও মৃদুভাবে বোঝাবার চেষ্টা করি।

ভীষ্ম ঃ শুনছ দুর্যোধন, শুনছ শকুনি, এত অন্যায়-অত্যাচার সহ্য করেও পাণ্ডবরা তোমাদের প্রতি কত ক্ষমাশীল।

দুর্যোধন ঃ পিতামহ, আচার্য, আমি কিছুতেই বুঝতে পারছি না যে আপনারা এতটা পাণ্ডবদের প্রতি পক্ষপাত করছেন কেন?

কৃষ্ণ ঃ ভাই রাগ করো না। শান্ত হও।

শকুনি ঃ তোমার উপদেশ শোনার ইচ্ছা ও সময় কোনোটাই আমাদের নেই। তোমার আসল উদ্দেশ্যটা কী, সেটা জানাতে পারবে কী?

কৃষ্ণ ঃ মাতুল, আমাদের সবিনয় নিবেদন ভ্রাতা দুর্যোধনের প্রতি। ভাই দুর্যোধন, প্রথমপাণ্ডব যুধিষ্ঠির আন্তরিক ভালোবাসা নিবেদন করে এই অনুরোধ জানিয়েছেন যে, সমগ্র ইন্দ্রপ্রস্থ তাঁদের চাই না, তাঁরা তাঁদের পাঁচ ভাইয়ের জন্যে পাঁচটি গ্রামমাত্র পেলেই সন্তুষ্ট থাকবেন।

দুর্যোধন ও শকুনি ঃ (হাস্য)

ভীষ্ম ঃ এতটুকুতেই সন্তুষ্ট পাণ্ডবরা?

দ্রোণ ঃ দুর্যোধন, মনে হয়, এই প্রস্তাবে আমাদের সম্মতি জানানোই উচিত।

শকুনি ঃ অসম্ভব।

দুর্যোধন ঃ আমাদের অধিকার আমরা কোনমতেই ছাড়তে পারব না।

কৃষ্ণ ঃ ভাই, তারা তো মাত্র পাঁচটি গ্রাম চেয়েছে।

দুর্যোধন ঃ মনে রেখো কেশব, বিনা যুদ্ধে সূচ্যগ্র মেদিনীও পাণ্ডবরা পাবে না।

ভীষ্ম ঃ মূর্খ বালক, বুঝতে পারছ না কোন্ সর্বনাশ তুমি ডেকে আনছ।

দ্রোণ ঃ সাবধান হও দুর্যোধন, দুষ্ট লোকের দ্বারা ভুলপথে পরিচালিত হোয়ো না।

শকুনি ঃ আচার্য, পিতামহ, ভুলে যাবেন না, আপনারা কেবল পরান্নভোজী।

ভীষ্ম ঃ হতে পারি পরান্নভোজী, কিন্তু, কৌরববংশের আসন্ন বিনাশের দিকে তাকিয়েই আমরা সদুপদেশ দিতে চাই সন্তানতুল্য দুর্যোধনকে।

কৃষ্ণ ঃ আর একটিবার ভেবে দেখো সখা। আমাকে এভাবে শূন্য হাতে ফিরিয়ে দিও না।

দুর্যোধন ঃ ভাবা আমাদের হয়ে গিয়েছে কেশব।

শকুনি ঃ তবে তোমাকে শূন্য হাতে ফিরে যাওয়ার কষ্ট করতে হবে না।

দ্রোণ ঃ এর অর্থ?

শকুনি ঃ ভাগ্নে, ভুলে গেলে নাকি?

দুর্যোধন ঃ না ভুলিনি। কেশব, মনে রেখো, পাণ্ডবরা কোনোদিন যুদ্ধ ছাড়া সামান্য মাটিও পাবে না আর তুমিও কোনোদিন ফিরে যেতে পারবে না তোমাদের প্রিয় পাণ্ডবদের কাছে?

ভীষ্ম ঃ কী বলছ তুমি মূর্খ?

দ্রোণ ঃ আবারো বলছি, সাবধান হও দুর্যোধন, নিজের অধিকারের সীমানা লঙ্ঘন কোরো না।

কৃষ্ণ ঃ আমাকে নিয়ে তুমি কী করতে চাও সখা?

শকুনি ঃ ভাগ্নে, তুমি অযথা বিলম্ব করছ কেন? আমাদের তো অন্য আরো গুরুত্বপূর্ণ কাজ আছে।

দুর্যোধন ঃ দুঃশাসন, কর্ণ, কোথায় তোমরা? (দুঃশাসন ও কর্ণের দ্রুত প্রবেশ)

দুঃশাসন ঃ আমরা প্রস্তুত যুবরাজ।

দুর্যোধন ঃ তাহলে, বন্দী করো এই দুরাত্মাকে।

ভীষ্ম ও দ্রোণ ঃ উন্মাদ, স্তব্ধ হও।

কৃষ্ণ ঃ কাকে বন্দী করতে চাও তোমরা, আমাকে?

শকুনি ঃ কর্ণ, দুঃশাসন তোমরা দাঁড়িয়ে রইলে কেন? আদেশ পালন করো।

কৃষ্ণ ঃ কী আমাকে বন্দী করবে তোমরা? এত তোমাদের দুঃসাহস? সামান্য পাঁচটি গ্রাম চেয়েছিল পাণ্ডবরা, তাও তোমরা দিতে পারলে না। আবার তোমরা পরিকল্পনা করছ আমাকে বন্দী করার। বেশ বন্দী করো আমাকে। কোথায় তোমাদের শৃঙ্খল? নিয়ে এসো। কোথায় তোমাদের কারাগার? নিয়ে চলো আমাকে। মনে রেখো, কংস কারাগারে আমার জন্ম। তবুও কারগারে আমাকে ধরে রাখতে পারেনি। দেখি কোন্ শিকল বাঁধতে পারে আমাকে। তোমাদের কোন্ কারাগার ধরে রাখতে পারে আমাকে? কত তোমাদের সাধ্য? কত তোমাদের শক্তি? বন্দী করো, বন্দী করো আমাকে। হাঃ হাঃ হাঃ।

ভীষ্ম ঃ শান্ত হও কেশব, তোমার এই ক্রুদ্ধ রূপ আমরা সহ্য করতে পারছি না।

দ্রোণ ঃ হে জনার্দন, দয়া করো। শান্ত হও।

কৃষ্ণ ঃ পিতামহ, আচার্য, আমি শান্তই আছি। আপনারা আমায় ক্ষমা করবেন। কিন্তু, মনে রেখো দুর্যোধন, মনে রেখো শকুনি, যে আগুনের শিখা তোমরা আজ জ্বালিয়ে দিলে, একদিন পতঙ্গের মত তাতে দগ্ধ হবে তোমরাই। যে ভ্রাতৃঘাতী যুদ্ধের কোন প্রয়োজন ছিল না, তাকে তোমরাই করে তুললে অনিবার্য। ধ্বংস তোমাদের অনিবার্য। প্রস্তুত হও দুর্যোধন, প্রস্তুত হও শকুনি ধর্মক্ষেত্রে কুরুক্ষেত্রে ধর্মাধর্মের এই অপরিহার্য লড়াইয়ের জন্যে। আর জেনে রাখো, যেদিকে ধর্ম সেদিকে জনার্দন। আর স্পষ্ট দেখতে পাচ্ছি, যেদিকে ধর্ম, সেদিকে জয়শ্রী। প্রস্তুত হও দুর্যোধন, প্রস্তুত হও।

একাদশ দৃশ্য

মঞ্চের মাঝখানে এসে দাঁড়ায় কৃষ্ণ। নত হয়ে বসে অর্জুন।

নেপথ্যে ঃ ভারতের উদয়াচলে আবির্ভূত হলেন শ্রীকৃষ্ণ।
আহ্বান করলেন পার্থকে ঃ

সর্বধর্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ।
অহং ত্বাং সর্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচঃ।।

অর্জুন সাড়া দিলেন সেই আহ্বানে। বুঝতে পারলেন অধর্মের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা আসলে যুগাবতার ভগবান কৃষ্ণেরই ইচ্ছাপ্রসূত। মেনে নিলেন সেই অনিবার্য ভবিতব্যকে।

নষ্টমোহঃ স্মৃতির্লব্ধঃ তৎপ্রসাদাৎ ময়াচ্যুত।
স্থিতোস্মি গতসন্দেহঃ করিষ্যে বচং তব।।

যুদ্ধার্থে উঠে দাঁড়ালেন অর্জুন। নিশ্চিত হল ভারতের তৃণাস্তীর্ণ ভূমিতলে ধর্মের জয়।

যত্র যোগেশ্বর কৃষ্ণ যত্র পার্থ ধনুর্ধর।
তত্র শ্রীর্বিজয়ো ভূতির্ধ্রুবা নীতির্মতির্মম।।

কল্পশব্দদ্রুম!

একাঙ্ক নাটক

অর্করূপ গঙ্গোপাধ্যায়
স্নাতক বাংলা, দ্বিতীয়বর্ষ

চরিত্র ঃ
(কবিতা) 'আবোলতাবোল ঃ ভীষ্মলোচন শর্মা
'দাঁড়ে দাঁড়ে দ্রুম'-এর কুশীলবরা
'বিজ্ঞান শিক্ষা'-র বিজ্ঞানী
'আহ্লাদী'রা
হুঁকোমুখো হ্যাংলা
রামগরুড়ের ছানা
কাঁদুনে ও তার মা
'খুড়োর কল'-এর চন্ডীদাসের খুড়ো
'চোর ধরা'-র পাহারাদার
'গোঁফ চুরি'-র বড়োবাবু
কুমড়োপটাশ
কাতুকুতু বুড়ো
'ন্যাড়া বেলতলায় যায় কবার'-এর রাজা
'নোটবই'-এর লোকটি
(গল্প) 'হযবরল'-ব্যাকরণ শিং
হিজিবিজ্‌বিজ্
ন্যাড়া
কাক্কেশ্বর কুচ্‌কুচে
বেড়াল
পাগলা দাশু
সবজান্তা
'পেটুক'-এর হরিপদ
'ডিটেকটিভ'-এর জলধর
'ভোলানাথের সর্দারি'-র ভোলানাথ
প্রোফেসর হেঁশোরাম হুঁশিয়ার
'আশ্চর্য কবিতা'-র শ্যামলাল
(নাটক) 'ঝালাপালা'-র কেবলচাঁদ ওস্তাদ
পণ্ডিতমশাই
'অবাক জলপান'-এর পথিক
এবং
যাবতীয় গল্প ও কবিতার 'আমি'

দৃশ্যপট

(মঞ্চের ওপর সতরঞ্চি পাতা, সেখানে বসে ভীষ্মলোচন শর্মা আর কেবলচাঁদ ওস্তাদ গান গাইছে। তাদের গানে আকাশ ফাটার দশা। সারা মঞ্চে উজ্জ্বল নীল আলো, কালো পর্দা পিছনে একটা বিরাট বইয়ের প্রতিকৃতি। ভীষ্মলোচন হঠাৎ থেমে গেলো।)

কেবল ঃ আবার কি হলো?

ভীষ্ম ঃ (ঢোক গিলে) না মানে ইয়ে...ওই ছাগলটা নেই তো?

কেবল ঃ কে ছাগল? হচ্ছিলো মালকোষ, কোত্থেকে ছাগল ধরে আনলো! ধ্যুৎ!

ভীষ্ম ঃ (কোমরে হাত মুখে যন্ত্রণার ছাপ) ওফ্‌ফ্‌! যা জোর গুঁতিয়েছিলো! কখন এসে কি করে বসবে...তাই...

কেবল ঃ আরে যা যা!! কিস্যু হবে না। সে ব্যাটা বোধহয় ঘাস খাচ্ছে, নে নে গান ধর্‌!

(তুমুল শব্দদূষণসহ গান শুরু হলো। এমন সময় 'দাঁড়ে দাঁড়ে দ্রুম'-এর কুশীলবরা এসে হাজির।)

১ম ঃ দাঁড়ে দাঁড়ে দ্রুম!

২য় ঃ দেড়ে দেড়ে দেড়ে!!

৩য় ঃ হাজির!!

৪র্থ ঃ (হাতের বাজনা দেখিয়ে) এই দ্যাখোনা তবলা-ডুগি ধিন্ তাক ধিন্ ধেরে...

সবাই ঃ দাঁড়ে দাঁড়ে দ্রুম! দেড়ে দেড়ে দেড়ে!

(ভীষ্মরা খুব খুশি হয়ে ওদের বসায়, সবাই মিলে প্রচণ্ড জলসা শুরু করে। হঠাৎ একটা গর্জনের শব্দ, সবাই চুপ। দুম দুম করে হাতে একটা বিকট যন্ত্র নিয়ে 'বিজ্ঞান শিক্ষা'র বিজ্ঞানী ঢোকে।)

বিজ্ঞানী ঃ আমি তখন থেকে এই কিম্ভূতোগ্রাফ যন্ত্রটা নিয়ে পাথরের সাথে নুড়ির অ্যাক্সিলারেশন মাপার চেষ্টা করছি, তোমাদের এই মারাত্মক জলসাটা দয়া করে বন্ধ করো...নইলে ছাগল লেলিয়ে দেবো। যত্তো সব ইন্টেপারশন!

(এক কোণে গিয়ে সে আবার কাজে মগ্ন হলো, গাইয়েরা চুপ। ওদিকে ভীষ্ম ছাগল শুনে আঁতকে উঠলো। কেবল মুখ বেঁকালো।)

কেবল ঃ ইঃ! লেলিয়ে দেবো! কই দে দেখি...একটু গানবাজনা করছি তাও দেবে না! আপদ! মারবো একটা সপাট তান সব ঠিক হয়ে যাবে! পাগল কোথাকার!

১ম ঃ (দাঁড়ে দাঁড়ে দ্রুম) হোক না পাগল হোক না ছাগল হোক না বৈজ্ঞানিক,
থাক না ওর ঐ লম্ফঝম্প ম্যানেজ করবো ঠিক।
এই দ্যাখো না গলার ভেতর গানটি ওঠে তেড়ে...

সবাই ঃ (চেঁচিয়ে) ইয়াঃ! দাঁড়ে দাঁড়ে দ্রুম! দেড়ে দেড়ে দেড়ে!

(আবার গান শুরু হলো। বিজ্ঞানী দাঁত খিঁচিয়ে যন্ত্র বাগিয়ে ওদের দিকে তেড়ে গেলো, গাইয়ের দল গাইতে গাইতে পিছু হটলো। মারতে যাবে হঠাৎ হো হো করে হাসির শব্দ। সবাই উইংসের দিকে এসে উঁকি মারতে লাগলো, 'আহ্লাদী'রা ঢুকলো হাসতে হাসতে।)

সবাই ঃ আবার এতো হাসির কী হলো?

আহ্লাদীরা ঃ হাসছি দেখে তবলা-ডুগি হাসছি দেখে সঙের দল,
নাই বা বুঝি হাসছি কেন হাসবো তবু খলর খল! হো হো!!!

বাকিরা ঃ (প্রচণ্ড ক্ষেপে) আমরা সঙ! মেরে ঠিক করে দেবো। এই বিজ্ঞানী তোমার যন্ত্রটা কোথায় হে? দাও তো দেখি!

(আহ্লাদীদের হাসির চোটে ওদের রাগারাগি চাপা পড়ে যায়, বেজায় খুশি হয়ে কাতুকুতু বুড়ো ঢোকে, একহাতে পালক আরেক হাতে বই। সঙ্গে সঙ্গে সব স্থির শুধু আহ্লাদীরাই হাসতে থাকে ফিক ফিক করে।)

ভীষ্ম ঃ (কেবলের গা টিপে) ওরে! হাত পা কাঁপছে যে রে, এর থেকে তো ছাগলটাও ভালো ছিলো!

কেবল ঃ (ফিসফিসিয়ে) তবলাগুলো তুলে নে। ওদের বল্ এক্ষুণি না পালালে বিপদ...

ভীষ্ম ঃ হুঁ, পালক দিয়ে খোঁচা দেবে!! (কুশীলবদের) এ্যাই তবলটা তুলে নে...পালাবো...!!

(কুশীলবরা তাড়াহুড়ো করে তবলা তুলতে গিয়ে পড়ে গিয়ে কেলেঙ্কারি করে বসে, আহ্লাদীরা আরো হাসতে থাকে আর কাতুকুতু বুড়ো হাসতে দেখে খুব খুশি হয়। কিন্তু ভীষ্মদের মুখে হাসি না দেখে যেই না হাতে পালক নেওয়া অমনি গাইয়েরা পড়িমড়ি করে পালালো। আহ্লাদীদের অট্টহাসি সমানে চলছে, কাতুকুতু বুড়ো বেশ মৌজ করে দাঁড়িয়ে হাসিটা উপভোগ করতে লাগলো। হঠাৎ হাসির শব্দ ছাপিয়ে গগনভেদী কান্নার শব্দ উঠলো। বুড়ো কান চাপা দিলো।)

বুড়ো ঃ ওরে বাবা! 'কাঁদুনে' যাচ্ছে, কান ফাটিয়ে ছাড়বে...(আহ্লাদীদের) ওই তোরা ওর মাকে বল্ ওকে অন্য কোথাও নিয়ে যেতে...ওফ্ এ্যাতো জোর গলা কোনো বাচ্চার হয়! উনি যে কাদের তৈরি করে গেলেন, এদের সঙ্গে থাকতে হয়!!

(আহ্লাদীরা উইংসের কাছে গিয়ে হাত নেড়ে কিছু বললো, কান্নার শব্দে কিছুই শোনা গেলো না কিন্তু শব্দটা কমে এসে মিলিয়ে গেলো। বুড়ো পালকটা দিয়ে কান পরিষ্কার করতে শুরু করলো, আহ্লাদীরা ফিক ফিক করেই চলেছে। হাতে 'হাসি নিষেধ' বোর্ড নিয়ে রামগরুড়ের ছানা ঢুকলো।)

রা.ছা. ঃ 'রামগরুড়ের বাসা ধমক দিয়ে ঠাসা
হাসির হাওয়া বন্ধ সেথায় নিষেধ সেথায় হাসা।'
কথাটা পরিষ্কার হলো? (মুখ বেঁকিয়ে) সব হাসির লোকগুলো এসে জুটেছে। এখনো মুখে হাসি?

বুড়ো ঃ যাই বলো না কেন তোমার চেহারাটা দেখে হাসি পাবেই, কিছু মনে করো না ভাই আর আমাদের তো জানোই!

আহ্লাদীরা ঃ হ্যাঁ!! হিঁ হিঁ হিঁ!!

রা.ছা ঃ (চোখ পাকিয়ে) বলছি না হাসি নিষেধ, বুকে খামচে ধরে...ওরে বাবা...(বুক চেপে ধরে)...তবেরে...(হাতের বোর্ডটা নিয়ে তেড়ে যেতেই সবাই হাসতে হাসতে পালায়।) কি জ্বালা! একটু নিরিবিলি পাবার যো আছে? (নেপথ্যে ভেসে আসে 'নেইই তো') কে? কে বললো কথাটা?

(ভীষ্মরা আবার সদলে আসে।)

কেবল ঃ দ্যাখো দিকি! একটু গান-বাজনা করার উপায়ও নেই!

ভীষ্ম ঃ যা বলেছিস, বইয়ের থেকে বেরিয়েও যদি এই অবস্থা হয়! সব ব্যাটা পেছনে লেগেছে।

বাকিরা ঃ ঠিক ঠিক!

১ম জন ঃ (দাঁড়ে দাঁড়ে দ্রুম্) ওই কাতুকুতু বুড়ো, আহ্লাদী ওরাও তো বেরিয়ে এসেছে না।

২য় জন ঃ এই যে আরেকজন (রা.ছা. কে দেখিয়ে) ওনারা ভিসুভিয়াস হলে ইনি হলেন...কি বলে...নর্থ পোল! আর কাঁদুনে তো আছেই!

৩য় ও ৪র্থ ঃ আসলে কারোরই পাতায় থাকতে ভালো লাগছে না! সবাই বেরিয়ে এসেছে মনে হয়।

রা.ছা. ঃ সেই হলো কথা!

ভীষ্ম ঃ তোকে বলা হয়নি!

(হঠাৎ ছাগলের ডাক ভেসে এলো, ভীষ্ম ভয়ে পালালো। ব্যাকরণ শিং এলো।)

ব্যা.শি ঃ আমরাও বেরিয়ে এসেছি!

কেবল ঃ তুমি তো একা!

ব্যা.শি ঃ বাকিরা আসছে, কিন্তু ও পালালো কেন?

কেবল ঃ বলছি...(জোরে) ওরে আয়রে! এ কিছু বলবে না। (ভীষ্ম ভয়ে ভয়ে ঢোকে)। কি বলছে শোন্!

ব্যা.শি ঃ আমায় দেখে পালালে কেন?

ভীষ্ম ঃ (ঢোক গিলে) আজ্ঞে, জানেন তো একবার এক ব্যাটা ছাগল আমাকে গান গাওয়ার জন্য এমন গুঁতিয়েছিলো...তারপর থেকে আর কাউকে বিশ্বাস করি না। তবে আপনাকে দেখে মনে হচ্ছে কিছু বলবেন না। (হাঁফ ছাড়লো)

ব্যা.শি ঃ অমন ডাকাত পালানো গান গাইলে যে কেউ কিছু বলবে। আমার মুড ভালো আছে এখন তাই...! তা তোমরা করছো টা কী?

কেবল ঃ আজ্ঞে জলসা।

ব্যা.শি. ঃ বাঃ! অন্যরা?

কুশীলবরা ঃ এই যে রামগরুড়ের ছানা...গোমড়া হয়ে আছে। কাতুকুতু বুড়ো আর আহ্লাদীরা হাসাতে গেছে, জানি না কাকে! বাকিরা জানি না।

ব্যা.শি. ঃ আচ্ছা, এই তো অন্যরাও এসে গেছে।

(পাগলা দাশু প্রমুখরা এলো।)

দাশু ঃ বাঃ! কবিতার লোকরাও উপস্থিত দেখছি!

কেবল ঃ আমি নাটকের।

দাশু ঃ ও হ্যাঁ তা ঠিক! বাকিরা কবিতার আর আমরা গল্পের।

ভীষ্ম ঃ বলছি যে এসব আমরা-ওরা বাদ দিলেও চলে তো!

সবাই ঃ ঠিক ঠিক!

(হঠাৎ 'চোর চোর' শব্দে 'গোঁফচুরি'র বড়োবাবু আর 'চোরধরা'-র পাহারাদার উপস্থিত হলো। পাহারাদারের হাতে ছবির মতোই ঢাল-তরোয়াল।)

ব্যা.শি. ঃ (ভীষ্মকে) এই বড়োবাবুর মাথাটি বোধহয় আবার বিগড়োলো নাকি?

ভীষ্ম ঃ যা বলেছেন মশাই! দেখি তো একেকবার বিগড়োয় আবার ঠিক হয়!

বড়োবাবু ঃ (খুব ব্যস্ত) আমার গোঁফটা আবার চুরি গেছে গো!

পাহারাদার ঃ আরে আমার সব খাবার চুরি গেছে আপনার এক গোঁফ! ওই তো দিব্যি রয়েছে...!!

বড়োবাবু ঃ চোপ্! আপিসের বড়োবাবুর সাথে কীভাবে কথা বলে জানো না? আর গোঁফ আমার চুরি গেছে বলছি না...উল্টে তোমার গোঁফ আছে! ইঃ...আবার গালপাট্টা দিয়েছে। যাক্‌গে তোমার সাথে বক্‌বক্ করার সময় নেই গোঁফটা খুঁজতে হবে...(হঠাৎ সবাইকে দেখে) আরে তোমরা সব দাঁড়িয়ে আছো একটা কিছু করতে পারছো না?

দাশু ঃ হ্যাঁ! পারবো না কেন? আমাদের এক ডিটেকটিভ আছে না জলধর, তাকে ডাকি?
(পাহারাদার আর বড়োবাবু একসঙ্গে চেঁচিয়ে ওঠে)

দুজনে ঃ হ্যাঁ ডাকো ডাকো!

দাশু ঃ জলধর কোথায় গেলি রে? তোর কেস আছে আয়!!
(জলধর আসে। হাতে আতস কাঁচ।)

জলধর ঃ কী হয়েছে বলুন (নোটবই পেন বার করে)

পাহারাদার ঃ আমি যতোবার টিফিনের আগে ঘুমোই ভয়ানকভাবে খাবার কমে যায়, রাত জেগেও পাহারা দিই...। এই ঢাল তলোয়ার নিয়ে কিন্তু তাতেও কিচ্ছু হয় না!

জলধর ঃ এক কাজ করবেন খাবারটা লোহার বাক্সে পুরে আটকে রাখবেন আর দয়া করে সেটা সামনে রেখে পাহারা দেবেন। আর চুরির জায়গাটা দেখিয়ে দেবেন পরে এখন দরকার নেই।

পাহারাদার ঃ আচ্ছা! ঠিক এটা করলেই তো হয়ে যেতো।

বড়োবাবু ঃ আর আমার গোঁফ?

জলধর ঃ যতক্ষণ না আসলটা পাচ্ছেন একটা নকল গোঁফ লাগিয়ে রাখবেন ব্যাস!

বড়োবাবু ঃ বাঃ বাঃ!! ছোকরার মাথায় বুদ্ধি আছে।

দাশু ঃ কিন্তু ওর নিজের টিফিনবাক্স থেকেই...উঁঃ...(জলধর মুখ চেপে ধরে)

ব্যা.শি. ঃ কি হয়েছিলো?

জলধর ঃ কই কিছু হয়নি তো...হেঁ হেঁ!

দাশু ঃ (মুখ থেকে হাত সরিয়ে দিয়ে) ওর টিফিনবাক্স থেকেই একটা হুলোবেড়াল সরভাজা চুরি করে খেয়েছিলো! আমার বন্ধুরা সাক্ষী।
(সবাই হেসে ওঠে। রামগরুড়ের ছানা একটু ঘুমোচ্ছিলো, হাসির শব্দ শুনে জেগে উঠে আবার ক্ষেপে যায়। জলধর মুখ ভার করে দাঁড়িয়ে থাকে।)

রা. ছা. ঃ হাসি বারণ কতোবার বলবো?

ব্যা.শি. ঃ অনেকক্ষণ তো ঘুমোলে, জেগেই আবার শুরু করলে? অসুবিধা হলে অন্য কোথাও যাও। এটা তোমার নয় আমাদের সবার জায়গা!

সবাই ঃ হ্যাঁ যাও তো!

(হঠাৎ একটা ফ্যাচ ফ্যাচ করে হাসির শব্দ। সবাই চমকে উঠলো আর রামগরুড়ের ছানা কানচাপা দিয়ে পালালো। 'হযবরল'-র বেড়াল বিখ্যাত ভঙ্গিতে হাসতে হাসতে ঢুকলো। তাকে দেখে ব্যাকরণ শিং খুব খুশি হলো।)

বেড়াল ঃ ওঃ! এখানে দরকার ছিলো গেছোদাদাকে! আরো জমতো। সব দেখছিলাম!

পাহারাদার ঃ (তেড়ে গেলো বেড়ালের দিকে) অ্যাই!! এই বেড়ালটাই মনে হয় খাবার খেয়েছে, আবার হাসছে...দাঁড়া!

বেড়াল ঃ আরে বাপু চটো কেন? আমি কেন খেতে যাবো তাছাড়া আমি কি কবিতায় থাকি? আর খেয়ে থাকলে ওই গেছোদাদার ছেলে খেয়েছে হয়তো!

পাহারাদার ঃ আরে নিকুচি করেছে গেছোদাদার! সে কোথায়?

বেড়াল ঃ সে বলা খুব শক্ত! তুমি তাকে এখানে খুঁজলে জানবে তিনি ওখানে আছেন আবার যদি উলুবেড়েতে যাও শুবে যে তিনি আছেন মতিহারিতে তারপর...

পাহারাদার ঃ অনেক হয়েছে! চুপ কর্!!

(সে হতাশ মুখে মঞ্চের সামনে বসে পড়ে, বেড়াল পুরো মঞ্চটা ঘুরে চলে যায় 'পেটুক'-এর হরিপদ পেটে হাত বুলোতে বুলোতে আসে।)

হরি ঃ নাঃ! এবার খুব খিদে পেয়েছে! কিছু আছে কারো আছে?

দাশু ঃ তোর এতো কিছুর পরেও নোলা বেড়েছে?

বাকিরা ঃ মানে?

দাশু ঃ ও প্রচণ্ড চুরি করে খায়! একবার তো দই বলে ভুল করে ওর পিসিমার চুনের হাঁড়ি বার করে চুন খেয়ে ফেলেছিলো!

(সবাই আবার হেসে ওঠে! পাহারাদার আবার তেড়ে যায়।)

পাহারাদার ঃ তাহলে তুইই খেয়েছিস!

হরি ঃ না না আমি না, আমি তো গল্পে থাকি।

পাহারাদার ঃ তাও বটে!

জলধর ঃ দেখুন মশায় এভাবে বিনা প্রমাণে কাউকে চোর বলবেন না, আর আমি তো ভার নিয়েছি।

পাহারাদার ঃ আচ্ছা ভাই মাপ করো! আসলে অতোগুলো খাবার তো...

(হাতে কাঁচকলা নিয়ে গম্ভীর মুখে হুঁকোমুখো হ্যাংলা ঢুকলো, কি যেন ভাবছে।)

ভীষ্ম ঃ কি হে হ্যাংলা! এখনো ঠিক করে উঠতে পারলে না কোন ল্যাজে মাছি মারবে?

কেবল ঃ ও ও রামগরুড়ের দলে যোগ দিয়েছে বুঝলি না?

ভীষ্ম ঃ হাঃ হাঃ!

হ্যাংলা ঃ সবই তো বুঝলাম! কিন্তু আরেকটা ল্যাজ থাকলে ভালো হতো...

বড়োবাবু ঃ এটা তো সেই কিম্ভূতের মতো কথা বলছে দেখছি! আরো চাই আরো চাই...খুব খারাপ কিন্তু এইসব!

ব্যা.শি. : যা বলেছেন বড়োবাবু।

(তবু হুঁকোমুখো হ্যাংলা ভাবতে থাকে, তার হাতের কাঁচকলাটা দেখে হরিপদর জিভে জল আটকালো। প্রোফেসর হেঁশোরাম হুঁশিয়ার এসে ঢুকলো।)

প্রো : (হ্যাংলাকে) বুঝলে তোমার মুখটা আমার সেই গোমড়াথেরিয়ামের মতো! আহা বেচারা থাকলে ভালো হতো।

কেবল : আরেকজন থাকলে জমতো, রামগরুড়ের ছানা...তা সে তো ছিলো কোথায় গেলো?

সবাই : ওহে রামগরুড়ের ছানা! এদিকে এসো...। (রামগরুড়ের ছানা আবার এলো)

রা. ছা. : কী হয়েছে? (হ্যাংলাকে দেখে) আরে তুমি! বাঃ এ অন্তত হাসে না!

প্রো : ওই যে বললাম গোমড়া থাকলে আরো ভালো হতো!

(হাসতে হাসতে হিজিবিজবিজ এলো, রামগরুড়ের আবার কানে হাত ওদিকে হ্যাংলা চিন্তা করেই চলেছে। হাসির শব্দ পেয়ে আবার আহ্লাদীরা, কাতুকুতু বুড়ো এলো।)

হিজি : হাঃ হাঃ হাঃ!! সেই যে একটা লোক ছিলো সারাক্ষণ গোমড়া হয়ে থাকতো, লাফিং ক্লাবে যেতো তাও মুখোশ পরে। একদিন রাস্তা দিয়ে চলার সময়ে পায়ে ঠং করে পাথর লাগলো অমনি সে বাবাগো বলে খিঁচিয়ে উঠলো। সেই প্রথম জীবনে তার দাঁত দেখা গেলো। হোঃ হোঃ হোঃ!!!

(কাতুকুতু বুড়ো, আহ্লাদীরা তাকে খুশি হয়ে দলে টেনে নিলো। ওদিকে ভীষ্মরা মিলে মৃদুস্বরে রেওয়াজ করতে শুরু করলো। রামগরুড়ের ছানা আর হ্যাংলাও কথা বলছে। 'পেয়েছি পেয়েছি' বলে বিজ্ঞানী ঢুকলো, হাতে আরেকটা অদ্ভুত যন্ত্র! সবাই উত্তেজিত!)

বিজ্ঞানী : হয়েছে! পাথর আর নুড়ির অ্যাক্সিলারেশন সাক্সেসফুল! তার থেকে এই যন্ত্রটা পেয়ে গেলাম...আজবিস্কোপ!!

(আনন্দে নেচে ওঠে, সবাই হাততালি দিলো। প্রায় সঙ্গে সঙ্গেই 'ন্যাড়া বেলতলায় যায় ক'বার' এর রাজা ঢুকলো, মুখে চিন্তার ছাপ।)

রাজা : হচ্ছে না! মিলছে না!

বিজ্ঞানী : কী মিলছে না?

বিজ্ঞানী : কী মিলছে না?

রাজা : (হাতের পুঁথিটি দেখিয়ে) এই যে এতে লেখা আছে 'ন্যাড়া যায় বেলতলাতে'। কিন্তু ক'বার যায়? এটাই বুঝতে পারছি না!

বিজ্ঞানী : হুম্‌ম্‌'! জটিল অঙ্ক! আগে দেখতে হবে বেলতলা কোথায় তারপর ফুটোস্কোপ দিয়ে দেখতে হবে ন্যাড়ার বাড়ি কোথায়, এরপর বাড়ির সামনের গাছের গুঁড়িকে নিউট্রালাইজ করে, পাতার ফ্যাকশন পার সেকেন্ড বের করতে হবে। ধরি এক্স বার বেলতলা যাচ্ছে তাহলে এক্স টু দি পাওয়ার ইনফিনিটি রুটওভার গামা প্লাস কাপ্পা....

রাজা : (হাতজোড় করে) ক্ষ্যামা দাও বাপু, এর থেকে পুঁথি খোঁজা ঢের সোজা আমার কাছে!

(পুঁথি ঘাঁটতে শুরু করে আবার।)

জলধর ঃ অ্যাতো কিছুর দরকারই নেই! ন্যাড়াকে জেরা করলেই উত্তর পাওয়া যাবে। ('হযবরল'র ন্যাড়া উৎসুক হয়ে ঢুকলো।)

ন্যাড়া ঃ বলি ভাইরা কি আমার খোঁজ করছো? আমিই ন্যাড়া!

জলধর ঃ এ্যাই তো, ন্যাড়া তুমি কতবার বেলতলা গেছো?

ন্যাড়া ঃ (অবাক) বেলতলা? আমি তো কখনো ওখানে যাইনি আর গানও গাইনি।

ব্যা.শি. ঃ ওহে ছোকরার দল আমরা তো গল্পের লোক, এ আমার সঙ্গেই থাকে। এ ন্যাড়া সে ন্যাড়া নয়।

(রাজা, জলধর, বিজ্ঞানী হতাশ হয়।)

ন্যাড়া ঃ গান ধরবো? ...মিশিমাখা শিশিপাখা আকাশের কানেকানে...

(ভীষ্মরা সব ছুটে আসে।)

কেবল ঃ তুমি গান গাও?

ন্যাড়া ঃ হ্যাঁ, এই দ্যাখো পকেটভর্তি কতো আছে।

ভীষ্ম ঃ চলো আমাদের সাথে এসো! এই নিয়ে আয় ওকে!

(কুশীলবরা ওকে নিয়ে মঞ্চের এক কোণে চলে যায়। গাইয়ের দল মিলে জটলা তৈরি করে, 'নোটবই' এর সেই লোকটি ঢোকে; হাতে নোটবই আর অন্য হাতে পেনসিল, চোখে স্প্রিং লাগানো চশমা যেমন ছবিতে থাকে।)

লোক ঃ এই দ্যাখো পেনসিল নোটবুক এ হাতে /এই দ্যাখে ভরা সব কিলবিল লেখাতে

সবাই ঃ সে তো দেখতেই পাচ্ছি, আমরা সবাই জানি।

('সবজান্তা' ঢোকে, বেশ মাতব্বর চেহারা। ঢুকেই সবার দিকে একটা হামবড়িয়া দৃষ্টি দেয়। নোটবইয়ের লোকের দিকে তারপর নজর পড়ে। এদিকে সবজান্তাকে দেখে দাশু জলধর এদের সবার মুখে হালকা হাসি।)

সবজান্তা ঃ (লোককে উদ্দেশ করে) তুমি তো লিখেছো খুব! অবশ্য আমার বাবা কাগজের এডিটর কাজেই আমার থেকে বেশি এখানে কারো জানার কথা নয়।

দাশু ঃ তা তো বটেই, এমনকি রামলালবাবুর থেকেও বেশি নয়! কী তাই তো?

সবজান্তা ঃ চোপ!

লোক ঃ আচ্ছা দাঁড়াও, তুমি আর কী জানো বলো তো? (পেনসিল বাগিয়ে ধরে)

সবজান্তা ঃ কতো কী! নায়েগ্রা ফলস্ দশ মাইল উঁচু একশো মাইল চওড়া। আইফেল টাওয়ার ন'কোটি ন' লক্ষ ন'হাজার ন'শো নয় সেন্টিমিটার!

বিজ্ঞানী ঃ (মনে মনে) এতো উল্টোপাল্টা বকছে রে!

দাশু ঃ তাই করে সবসময়!

(লোক তাড়াতাড়ি লিখে চলে, হিসেব করতে করতে কাক্কেশ্বর কুচকুচে এলো।)

কাক ঃ আচ্ছা ড্রিঘাংচুকে কেউ দেখেছো? আমার জাতভাই কিনা যদিও আমার মতো ব্যবসা করতে পারে না।

সবাই ঃ হ্যাঁ তাই তো! ওকে দেখছি না তো?

ব্যা.শি ঃ হ্যাঁ ওতো রাজামশাইয়ের সামনে বসে সেই ক্কঃ করে ডেকে কি কাণ্ডটাই না করলো!

রাজা ঃ (অবাক) কই আমি তো চিনি না...বাব্বা কি বিদঘুটে নাম রে! উনি সব তৈরি করেছিলেন বটে!

ব্যা.শি. ঃ না না এ সে নয়...আপনি তো কবিতার ভুলে গেলেন নাকি?

রাজা ঃ তা ঠিক!...ওহে ন্যাড়া...বেলতলা (আবার পুঁথিমগ্ন হয়)

বিজ্ঞানী ঃ বললাম না ওটা হিসেব না করলে হবে না!

কাক ঃ কীসের হিসেব শুনি!

বিজ্ঞানী ঃ ওসব বিজ্ঞানের ব্যাপার...তুমি বুঝবে না!

কাক ঃ থাক হয়েছে! ওটা তোমার থেকে আমি বেশি জানি, তোমার ওইসব ভুলো ভোলা যন্ত্র নিয়ে কী আর সবসময় হয়?

রাজা ঃ আঃ! কাজ করছি না!

লোক ঃ নাঃ আমি দেখি আর কিছু জানা যায় কিনা!! তোমরাও কাজ করছো, বিরক্ত করবো না।

বিজ্ঞানী ঃ আমার যন্ত্র ভুলো ভোলা?
(বিজ্ঞানী মহা চটে যায়, কিন্তু রাজার ভয়ে কিছু বলতে পারে না লোকটি চলে যায় পরপর 'ভোলানাথের সর্দারি'র ভোলানাথ ঢোকে।)

ভোলা ঃ কেউ বোধহয় আমার নাম করছিলো?

কাক ঃ না ভুল ভেবেছো, কেউ ডাকেনি যাক্, যখন এসেছো ভালোই হয়েছে।...কিন্তু ড্রিঘাংচু কোথায় গেলো?

ভোলা ঃ আমি বোধহয় ওকে দেখলাম! (সবাই উৎসুক হয়)

কাক ঃ কোথায় সে? বলো বলো!!

ভোলা ঃ আমরা যে বইটায় ছিলাম সেটার ওপর বোধহয়...

সবাই ঃ চোপ আর বলবি না!!

জলধর ঃ এখনো তোর সর্দারির স্বভাব গেলো না?

দাশু ঃ এতোকিছু পরেও? ঢেঁকি ধানের ব্যাপার নাকি?

বাকিরা ঃ আচ্ছা ডেঁপো তো!

ভোলা ঃ যাব্বাবা, আমি যা মনে হয় সেটাই বলতে গেলাম...

বড়োবাবু ঃ কেন বলবে? বইয়ের ওপর...কাক...কিসব যাতা কথাবার্তা!

হরিপদ ঃ ওর আবার কলেজের ল্যাবে আটকে থাকার সময় হয়েছে! বুঝলি না?

ব্যা.শি ঃ এই যে বাছাধন দেখো যেখানে থাকো তা নিয়ে কথা বলার সাহস কী করে হয়? দেবো নাকি একটু শিং এর গুঁতো?

(ভোলানাথ ভ্যাবাচ্যাকা খেয়ে পালায়। কাক্কেশ্বর হিসেব লেখে।)

কাক ঃ ৮ জন বক্তা, নগদ মূল্য আটদুগুণে ষোলো টাকা, খুচরো দেড় দু'গুণে তিন টাকা আর পাইকারি পনেরো দু'গুণে তিরিশ টাকা। মোট হলো গিয়ে ঊনপঞ্চাশ টাকা। আর সময় ব্যয় ধরলে...

বিজ্ঞানী ঃ এই তোমার অঙ্ক রাখো তো!

কাক ঃ (মুচকি হাসি) এইবেলা উল্টো সুর কেন হে?

('অবাক জলপান' এর পথিক এলো। কাঁধে ঝুঁলি, তাকে দেখে কেবল গানের দল ছেড়ে তেড়ে এলো।)

কেবল ঃ আঃ! এইতো একজন নাটকের লোক! জল খেয়েছো তো?

পথিক ঃ হ্যাঁ ভাই! যা ঘোরালো ওরা বাপরে বাপ!

কেবল ঃ ওরে অনেকক্ষণ গান হয়েছে একটু গল্প করে নিই বরং।

ভীষ্ম ঃ হ্যাঁ ঠিক আছে।

(ওরা গল্প করতে বসলো, 'আশ্চর্য কবিতা'র শ্যামলাল কাগজের টুকরো হাতে এলো মুখে হাসি।)

শ্যাম ঃ আমি একটা দারুণ কবিতা লিখেছি!

দাশু, জলধর, হরিপদ ঃ আবার! আর পারা গেলো না রে!

সবাই ঃ আহা দাঁড়াও কবিতাটা পড়ো শুনি!

শ্যাম ঃ সুকুমার পুরুষ এক স্নিগ্ধ দুই চোখ,
সুগুণে সুতনু হে তব জয় হোক।
আমাদের পিতামাতা তুমিই প্রতিষ্ঠাতা,
বাঙালিমনের 'তাতা' জানে সব লোক।
কি জাদু কলমে ছিলো আজ বুঝি সবে,
পাতার আখরে তুমি চিরকাল রবে।
তুমি ছিলে তাই আছি ফুটিয়েছো চোখ,
মহান স্রষ্টা তুমি তব জয় হোক।।

সবাই ঃ (হাততালি) আহা আহা চমৎকার!

দাশু ঃ তোর তো উন্নতি হয়েছে রে!

পথিক ঃ ওকে কেওড়া দেওয়া জল খাইয়ে দাও!

ব্যা.শি. ঃ আমাদের মনের কথাটা বলে দিয়েছে! সত্যিই তিনি ছিলেন তাই।

রা. ছা. ঃ হাততালি দাও আর যাই করো না কেন হেসো না!

কেউ কেউ ঃ নিকুচি করেছে তোর নিষেধের!

(কেউ কেউ গিয়ে শ্যামলালের সঙ্গে কথা বলতে শুরু করে, শ্যামলাল ফলাও করে নিজের ঢাক পেটাতে শুরু করে। চণ্ডীদাসের খুড়ো একটা কল কাঁধে করে ঢোকেন, ছবির সেই কল নয়। তাকে দেখে আরেকবার সাড়া পড়ে যায়।)

বিজ্ঞানী ঃ খুড়ো! আবার কী আবিষ্কার করলে গো?

খুড়ো ঃ এই তো! (যন্ত্রটা দেখায়)

বিজ্ঞানী ঃ এটা কি করে? (বাকিরাও এসে ভিড় করে)

খুড়ো ঃ এ হলো রোগ সারানো যন্ত্র!!

সবাই ঃ কিরকম!!

খুড়ো ঃ এই দ্যাখো। যন্ত্রটা সেই আগের মতোই দেখতে আর খাবার ঝোলানোও আছে বটে কিন্তু এ একেবারে অন্য জিনিস। দেখতে পাচ্ছো তো খাবারের সাথে একটা বই ঝোলানো আছে? (সবাই হ্যাঁ বললো)...এই বইটা হচ্ছে একেবারে মারাত্মক কান্নার বই যে পড়বে সেই কাঁদবে! প্রথম থেকেই কাঁদতে কাঁদতে চোখে নাকে জল এসে যাবে। সেটাই লক্ষ্য! যার ধরো খুব সর্দি হয়েছে তাকে এইটা কাঁধে লাগিয়ে বইটা পড়তে হবে আর অমনি তো বুঝতেই পারছো, অর্ধেক সর্দি ওখানেই শেষ। আরো আছে, এই যে খাবারটা এটা ফিক্সড। যেমন মুখরোচক এমনি মারাত্মক ঝাল...সে লঙ্কা কোথায় লাগে? এই বই আর ওই খাবার একসাথে হলে কেল্লা ফতে...সর্দি পুরো দুড়দাড় করে পালাবে আর তারপর রুমাল দিয়ে মুছে নিলেই হলো। কেমন?

(প্রচণ্ড হাততালি পড়লো।)

সবাই ঃ অসাধারণ!! খুড়ো হচ্ছেন খুড়ো।

পথিক ঃ বলেছেন তো অপূর্ব! কিন্তু ওই নাকের জল চোখের জল শুনে আবার ওই গাঁয়ের লোকগুলোর কথা মনে পড়ে গেলো। উফ্! পাষণ্ড একটা খাবার জল দিলো না।

কেবল ঃ আরে ছেড়ে দে!

ভীষ্ম ঃ সবাই মিলে বলো....

সবাই ঃ "অতুল কীর্তি রাখলো ভবে চণ্ডীদাসের খুড়ো"!!

কুশীলবরা ঃ এই হয়েছে সবচে' ভালো সর্দিকাশির যম,
গান গাইবো মনের সুখে শেষ হবে না দম।
আবার দেখো গানের মুডে উঠছে মাথা নেড়ে...

সবাই ঃ দাঁড়ে দাঁড়ে দ্রুম! দেড়ে দেড়ে দেড়ে!

কেবল ঃ শুরু কর...এবার ইমন কল্যাণ! দিম দা না তেরে উদানি তাদানি দিম তা না নানা...!!

ভীষ্ম ঃ আরে মাঝরাতে ইমন কল্যাণ? দরবারি কানাড়া ধর্!

কেবল ঃ বেশ তাই হোক...

(গাইয়ের দল মহা উৎসাহে লেগে পড়ে, বাকিরা গানের সাথে তালি দিতে থাকে। বিরক্ত মুখে গজ্‌গজ্ করতে করতে 'ঝালাপালা'র পণ্ডিতমশাই ঢোকেন হাতে পুঁথি। রাজা পুঁথি দেখে কৌতূহলী হয়।)

পণ্ডিত ঃ ওফ্! একটু বিশুদ্ধ মনে শাস্ত্রপাঠ করবো তার জো আছে? চতুর্দিকে ঝালাপালা আর ঝালাপালা!

শ্যাম ঃ (ছন্দ মিলিয়ে) খট খট কানে লাগে তালা!

পণ্ডিত ঃ চোপ! ম্লেচ্ছ, বর্বর! ছন্দশাস্ত্র, কাব্যতত্ত্ব সম্বন্ধে কি জানিস রে মূঢ়?

শ্যাম ঃ কিচ্ছু না!

পণ্ডিত ঃ তাহলে কদাচ এমন বর্বরোচিত ব্যবহার করবি না! এই দণ্ডবায়স (কাক্কেশ্বরকে দেখিয়ে) কী উদ্দেশ্যে বসে আছে?

কাক ঃ দিলো হিসেব গোল পাকিয়ে! দুত্তোর মশাই, আপনার ঐ ভাষা ছেড়ে একটু ইয়ে ভাষায় কথা বলুন না! আর আমি কী করছি তাতে আপনার কি?

পণ্ডিত ঃ উদ্ধত!!

কেবল ঃ আচ্ছা পণ্ডিতমশাই আপনি এই মূঢ়দের মধ্যে কেন?

পণ্ডিত ঃ তুমি সেই কেবলচাঁদ ওস্তাদ না? সেবার জমিদারবাবুর বাড়ি যা করলে! এখানেও কি সেই একই রকম আছো...ওহো তাই তো হবে! তা কী বলছিলে?

কেবল ঃ বলছিলাম আপনি বইয়ের বাইরে এসে কী করছেন?

পণ্ডিত ঃ এই যে! (হাতের পুঁথি দেখিয়ে) 'মালবিকাগ্নিমিত্রম্' পাঠ করবো বলে এলাম।

রাজা ঃ (নিজের পুঁথি বন্ধ করে) খেয়েছে রে! ওতে কী ন্যাড়ার কথা থাকবে?

কেবল ঃ বাঃ খুব ভালো! (মনে মনে) পালাতে হবে দেখছি...!

(কেবলের পালানোর আগেই থপ্ থপ্ করে নাচতে নাচতে কুমড়োপটাশ এসে ঢুকলো, পণ্ডিতমশাই তার দিকে তাকিয়ে হাঁ করে গেলেন।)

কু.প. ঃ "(যদি) কুমড়োপটাশ নাচে—
খবরদার এসো না কেউ আস্তাবলের কাছে;
চাইব নাকো ডাইনে বাঁয়ে চাইবে নাকো পাছে;
চার পা তুলে থাকবে ঝুলে হট্টমূলার গাছে।"

সবাই ঃ (ভেঙিয়ে) যদি কুমড়োপটাশ নাচে।

আহ্লাদীরা ঃ হোঃ হোঃ হোঃ কি চেহারা দেখ।

রা. ছা. ঃ আঃ! বললাম না হাসি বারণ, বাপু কুমড়ো তুমি ওই চেহারা নিয়ে না নাচলেই ভালো।

বাকিরা ঃ যা বলেছে!

কু.প. ঃ (রেগে) কি ব্যাপার? যা করতে বলা হলো তা হচ্ছে না কেন?

পণ্ডিত ঃ এটা কী মাতুলালয়ের আবদার নাকি হে অকালকুষ্মাণ্ড?

দাশু ঃ তাছাড়া এটা বই নয়!! আমাদের ওপর কেরদানি ফলিও না, আমার সাথে লাগতে গিয়ে জগদ্বন্ধুর কি দশা হয়েছিলো জানো তো?

পথিক ঃ আমিও আছি...ওকে তিরিশ রকম জলের নাম বললেই ওর হয়ে যাবে।

কু. প. ঃ "তুচ্ছ ভেবে এসব কথা করছো যারা হেলা..."

সবাই ঃ 'তাতা' মশাই জানতে পেলে বুঝবে তখন ঠেলা।

কু. প. ঃ (আরো ক্ষেপে) "দেখবে তখন কোন কথাটি কেমন করে ফলে"

সবাই ঃ মোদের তখন দোষ দিয়ো না আগেই রাখি বলে।...আরে সবার মুখস্থ একসাথে থাকি আবার আবৃত্তি করে শোনাচ্ছে! কাণ্ড দেখো!!

কাক ঃ তাছাড়া এখানে আস্তাবল কোথায় রে বাবা!

ব্যা.শি. ঃ তুমি তো আমাদের গুরুজন নও!

রাজা ঃ আমিও নই, আমাদের সবার গুরুজন তিনি!

সবাই ঃ একদম!

রা.ছা. ঃ হ্যাঁ তিনিই আমায় হাসি দেননি আর তুমিও তো কুমড়ো বেশ গোমড়া মুখেই আছো। আবার হেসো না যেন...

খুড়ো ঃ ওহে ভুলে গেলে নাকি? "যদি কুমড়োপটাশ হাসে..."

রা. ছা. ঃ কি জ্বালাতন! এতো রকম লোক হলে তো মুশকিল।

জলধর ঃ ওটাই তো মজা! হাসি, কান্না, গোমড়া সবাইকে এক ছাঁচে বেঁধে রেখেছেন...আর এতোরকম বলেই তো মজা! তাই না?

বাকিরা ঃ একদম! ঠিক কথা!

ভীষ্ম ঃ আমরা যেমন গাইয়ে ওরা তেমনি হাসিয়ে ওরা কাঁদিয়ে...

ব্যা.শি. ঃ গাইয়ে বোলো না বাবা...এরকম হলে গানকে অপমান করা হয় এতোক্ষণ সহ্য করেছি...

কেবল ঃ সে তো আমরাও করছি, না জেনে এভাবে বলেন কেন?

রা. ছা. ঃ হ্যাঁ খালি হাসি আর হাসি।

ভীষ্ম ঃ চোপ!!

(থামো থামো বলতে বলতে 'আমি' এসে ঢোকে। সবাই অবাক।)

সবাই ঃ এই এ আবার কে রে? কোনোদিন দেখিনি তো?

খুড়ো ঃ তুমি কি অন্য বই থেকে এসেছো?

আমি ঃ না, ওনার যাবতীয় গল্প-কবিতায় যে 'আমি'কে দেখো আমিই সে আমি।

সবজান্তা ঃ তাহলে আপনিই 'তাতা'মশাই?

জলধর ঃ কিন্তু উনি তো...

আমি ঃ না আমি নই বললাম তো, তোমাদের মতো আমিও তাঁর তৈরি। আমিচন্দ্র আমি। হ্যাঁ একদিক থেকে তাঁর প্রতিনিধি বলতে পারো কিন্তু স্বয়ং তিনি নন। যার জন্য এলাম তোমার বাইরে কেন? আমি দেখি পুরো বই ফাঁকা!

বিজ্ঞানী	ঃ কি করবো বলো? আর বন্দী থাকতে ভালো লাগে?
আমি	ঃ লোকে কি ভাববে? যদি কেউ বই খোলে?
দাশু	ঃ এই মাঝরাত্তিরে! সব টেনে ঘুম দিচ্ছে...তাছাড়া আমাদের কি আর কোনো সংস্করণ নেই?
সবজান্তা	ঃ আর ওসব ছাড়্...। এখন আমাদের কারা ছোঁবে? আমরা তো ফেলে আসা দিনের লোক। হাসির বই বলে কথা?
রা. ছা.	ঃ এটা স্বীকার করতেই হবে!
ভীষ্ম	ঃ যাক বুঝেছিস। সেই হচ্ছে কথা। আরো কতো বই আছে...। এই এখানেই আছে!
পণ্ডিত	ঃ হুম্ তারা এখন উন্নততর গ্রন্থ পেয়েছে না?
আমি	ঃ ছি! এরকম বলতে লজ্জা করে না? আমরা কীসে কম? কারো মগজে ঠিকমতো ঢুকতে পারলে আমরা সেই মগজে খেলে বেড়াই আর তারা বাধ্য হয় আমাদের নিয়ে কাজ করতে! তখন আবার সবাই আমাদের নতুন করে চেনে না?
কাক	ঃ ঠিকই বলেছে! আমি তো উড়েই যেতে পারি...!
কেবল	ঃ আবার বইয়ে ঢুকতে হবে?
পথিক	ঃ হ্যাঁ আবার সেই স্থির হয়ে থাকা। নড়লে তো একেবারে নাটক হয়ে যাবে।
দাশু	ঃ তা নাটকই বটে! ছবি, অক্ষর সব নাচবে!
আমি	ঃ এবার আমরা এতক্ষণ ধরে যে নাটকটা জমিয়ে রেখেছি তাকে শেষ করলে হয় না কী? তাছাড়া রাত শেষ হতে বেশি দেরি নেই কিন্তু, ওরা যদি ভোর ভোর এসে দরজা খুলে ফেলে...
বাকিরা	ঃ ওরে বাবা! থাক্! বলার দরকার নেই।
আমি	ঃ চলো আবার অসম্ভবের ছন্দে মত্ত মাদল বাজাবো আর বাকিদের ডেকে নাও কে কোথায় আছে না আছে...
সবজান্তা	ঃ আচ্ছা আবার কাল এরকম করলে কেমন হয়? আমাদেরও একটু ভালো লাগবে?
দাশু	ঃ এইতো একটু ঠিকঠাক কথা বললি! মন্দ নয়, আমিও তো থাকতে পারো?
আমি	ঃ সে হবেখন...আরে ভোরের আলো ফুটবে এবার চলো চলো...! কেউ না কেউ এসে ঠিক আবার আমাদের দেখবে!
সবাই	ঃ চলো যাওয়া যাক!

(সবাই পিছন ফিরে চলতে শুরু করে, নেপথ্যে সুকুমার রায়ের শেষ 'আবোল তাবোল' কবিতার একটা অংশ শোনা যায়... সঙ্গে হালকা পাখির ডাক। সবাই সেই বিরাট বইয়ের পাশ দিয়ে গিয়ে ঢুকে যায়। বইটা আস্তে আস্তে মুড়ে বন্ধ হয়ে যায়। ওপরে লেখা 'সুকুমার সমগ্র'। সূর্যের আলো এসে ঠিক মলাটের ওপর পড়ে। তারপর সারা মঞ্চ সেই আলোয় উদ্ভাসিত হয়। পর্দা নামে।)

রাখহরি ফিল্ম কর্পোরেশন

ছান্দস ভট্টাচার্য
অর্থনীতি বিভাগ, দ্বিতীয় বর্ষ

[চরিত্রলিপি ঃ টনিদা, কুশল, স্বর্ণেন্দু, কমলেশ, বিচারবুদ্ধি, প্রথম অভিনয় আগ্রহী, দ্বিতীয় অভিনয় আগ্রহী, তৃতীয় অভিনয় আগ্রহী, চা-ওয়ালা সুবল]

[স্টেজের মাঝখানে রয়েছে একটি মাঝারি সাইজের পড়ার টেবিল, তাতে কয়েকটা দেরাজ থাকবে। টেবিলের পেছনে দর্শকদের দিকে মুখ করে একটা চেয়ার। ইতস্তত বিক্ষিপ্ত আরও কয়েকটা চেয়ার ও টুল। পেছন দিকে ডানদিক করে একটা বইয়ের তাক—বইতে ঠাসা। পেছনে বাঁদিক করে একটা খাট, একজন মানুষের শোওয়ার মতো। এসময় টনিদা চেয়ারে এসে দর্শকদের মুখোমুখি বসে। টনিদার বয়স তিরিশের কোঠায়। কিন্তু দেখে যেন আরও বুড়ো মনে হয়। মুখে উসকোখুসকো দাড়ি। পরনে নোংরা পুরোনো পাঞ্জাবী আর প্যান্ট। এরপর হলুদ, আলো ওপর থেকে এসে পড়ে। আলোয় দেখা যায় টনিদা কিছু লিখছে।]

টনিদা ঃ (বিরক্তির সঙ্গে সদ্য লেখা কাগজটা ছুঁড়ে ফেলে দ্যায়) না, পারছি না। হচ্ছে না, কিছুতেই পারছি না লিখতে। (ক্লান্তির সঙ্গে) লেখালেখি...। অন্তত এজন্মে আমার দ্বারা আর হবে না।

(ঘরেতে ডানদিকের দ্বিতীয় উইং দিয়ে স্বর্ণেন্দু, কুশল আর কমলেশ এসে ঢোকে। তিনজনের বয়স কুড়ির কোটায়। কমলেশ খুব রোগা। কুশল আর স্বর্ণেন্দু স্বাস্থ্যবান। কুশলের চশমা আছে। তিনজনই সাধারণ পরিষ্কার জামাকাপড় পরে থাকে।)

কুশল ঃ কিছু লিখছিলে টনিদা?

টনিদা ঃ (কাগজ থেকে চোখ তুলে পেছন দিকে ঘুরে দেখতে পায়) আরে আয় আয়। বোস। অনেকদিন বাদে তিনজনে সকাল সকাল এলি।

স্বর্ণেন্দু ঃ আর কী টনিদা, সবার সেই চাকরি। এই তিন-চারদিনের ছুটি জুটল একটা। তাই সবাই মিলে এলাম তোমার সাথে দ্যাখা করতে।

কুশল ঃ তুমি তো বেশ ভালই আছ। নিজের মনে লিখছ, চাকরির দায়দায়িত্ব, বসের চোখরাঙানি এসবের কোনো বালাই নেই।

টনিদা ঃ (চেয়ার থেকে উঠে) ভালো নেই রে, কী হল বলতো জীবনে? একটা সময়ে কত রঙিন স্বপ্ন দেখতাম। অসাধারণ লিখব। আমার লেখা পড়ে হাজার হাজার লোকে চিঠি লিখবে আমায়। প্রকাশকরা সব আমরা বই ছাপতে কাড়াকাড়ি করবে। নাটক লিখব—দেখতে হল উপচে পড়বে। আর এখন...শূন্যতার সাথে কলম নিয়ে আর কতদিন লড়াই করা যায় বল?

কমলেশ ঃ তোমার কিন্তু এখনই ভেঙে পড়ার কিছু নেই টনিদা। তোমার সামনে অনেকদিন আছে, ট্যালেন্ট আছে। এত ভাবছ কেন?

টনিদা ঃ ভাবছি কেন? হাতে পয়সা নেই রে, নিজেরটা নিজে চালাতেও তো পয়সা লাগে নাকি।...যেভাবে হোক, কিছু টাকা হাতে আসা ভীষণ দরকার। বুঝলি?

কুশল ঃ কেন, যে নাটকটা আগেরবার লিখলে, সেটার কী হল?

টনিদা ঃ (ক্লান্ত) কেউ নিল না রে। একটা বড়ো দলও নিল না। বুঝতে পারছি না, কেউ একজন মানিয়ে নিতে পারছে না। সেটা কে? আমি না বাজার? (চেয়ারে বসে পড়ে)

স্বর্ণেন্দু ঃ না টনিদা, লেগে থাকো। তোমার ট্যালেন্ট আছে। আমরা আছি। চেষ্টাটা ছেড়ো না।

টনিদা ঃ একটা আইডিয়া আছে। প্রচণ্ড অরিজিনাল একটা আইডিয়া। একটা শর্টফিল্ম করব। একজন শিল্পীর, একজন ভেঙে পড়া শিল্পীর জীবন, আর তার স্ট্রাগল নিয়ে...দেয়ালে পিঠ ঠেকে যাওয়ার পর ঘুরে দাঁড়ানোর গল্প। কিচ্ছু লাগবে না খালি একজন ভালো অভিনেতা, কয়েকটা সাইড ক্যারেক্টার (স্বর্ণেন্দু, কুশল, কমলেশকে দেখিয়ে) তোরাই করে দিতে পারবি, আর তুলতে একটা ভাল ক্যামেরা...কত দাম হবে? এই ধর আশি হাজার, কিন্তু আমার হাতে (হতাশার সঙ্গে) তার সিকিভাগ টাকাটুকুও নেই। খালি কিছু টাকা যদি পেতাম...

(নীরবতা)

এই তোরা অনেকক্ষণ এলি। বাইরে সুবলের দোকানে চারটে চা দিতে বল না আমার নাম করে বল, ভেতরে দিয়ে যাবে।

(যে উইং দিয়ে ওরা ঢুকেছিল, স্বর্ণেন্দু সেই উইং দিয়ে বেরিয়ে যায়)

নাহ্, মাথাটা বড্ড জ্যাম হয়ে আছে। একটু হাল্কা কিছু পড়ি। ওই যে, (হাত দিয়ে পেছনের তাকটা দেখায়) টেনিদা সমগ্রটা দেখতে পাচ্ছিস, ওটা দে তো...

(কুশল তাক থেকে বইটা তুলে টনিদাকে দেয়)

(স্বর্ণেন্দুর পুনঃপ্রবেশ)

স্বর্ণেন্দু ঃ বলে এলাম চারটে চা আর দুটো করে বিস্কুট।

(টনিদা টেনিদা সমগ্র'র পাতা উল্টোয়। হঠাৎ করে একটা জায়গায় এসে স্থির হয়। প্রচণ্ড আগ্রহে সামনে ঝুঁকে পড়ে পাতাটার ওপর।)

(এরই মধ্যে ডানদিকের দ্বিতীয় উইং দিয়ে চা-ওয়ালা ঢোকে। গামছা পরা, গায়ে নোংরা গেঞ্জি, হাতে একটা ট্রেতে চারকাপ চা আর বিস্কুট রাখা)

স্বর্ণেন্দু ঃ (টনিদার টেবিলটা দেখিয়ে) এই, এই জায়গাটায় রাখো কাপগুলো। (হঠাৎ টনিদার দিকে নজর পড়ে) টনিদা অত মন দিয়ে কী পড়ছ?

(কয়েক মুহূর্তের নীরবতা)

টনিদা ঃ (উল্লাসে প্রায় লাফিয়ে ওঠে) পেয়েছি, পেয়েছি, এভাবেই হবে। হতেই হবে!

কমলেশ ঃ (ঘুরে কমলেশ্বর দিকে তাকিয়ে টেনিদা সমগ্রটা ওর দিকে ছুঁড়ে দ্যায়)। পড় কী লেখা আছে।

কমলেশ ঃ হ্যাঁ, এতো গল্প। 'ভজহরি ফিল্ম কর্পোরেশন', ছোটবেলায় পড়েছিলাম। তবে প্লটটা এখনো মনে আছে মোটামুটি।

টনিদা ঃ আইডিয়াটা পেলি?

কমলেশ ঃ কী আইডিয়া?

টনিদা ঃ আরে আমাদের টাকার দরকার। তো? টেনিদা কী করেছিল? ফিল্ম কোম্পানি? আমিও খুলব। দেয়ালে পোস্টার দেওয়া হবে, যে যত টাকার শেয়ার কিনবে তার তেমন পার্ট। আমার শর্টফিল্মটা তোলার টাকা মোটামুটি উঠে যাবে।

কুশল ঃ তুমি তা'লে যারা শেয়ার কিনবে তাদের দিয়ে অভিনয় করাবে?

টনিদা ঃ সেটা হয় নাকি? খালি টাকা ঢাললেই সে অভিনয় করতে পারবে? যে অভিনয়ের 'অ' টুকু জানে না, তাকে দিয়ে আমরা ফিল্মটা আমি কোনো মতেই করব না।

কুশল ঃ কিন্তু লোকে তো এই ভেবে টাকা দিচ্ছে যে তারা সিনেমায় চান্স পাবে। কিন্তু যখন তারা আসল ব্যাপারটা জানতে পারবে, তখন?

টনিদা ঃ (থতমত খেয়ে) আরে সেসব পরে ভাবা যাবে। আগে দ্যাখা যাক, লোকের মধ্যে কেমন সাড়া পড়ে, কত টাকা ওঠে, তারপর ভাবব না হয় সেসব।

স্বর্ণেন্দু ঃ তা টনিদা, যদি বানাওই শেষমেশ ফিল্ম কোম্পানি, তবে তার কী নাম রাখবে, সেসব কি ভাবলে কিছু?

টনিদা ঃ অ্যাঁ নাম? হ্যাঁ, তা বটে কী নাম রাখা যায়...(একটু ভেবে) এই তো পেয়েছি, টেনিদার গল্পে ফিল্ম কোম্পানির নাম ছিল 'ভজহরি ফিল্ম কর্পোরেশন'। আমাদের স্টুডিও-র নাম তা'লে দেওয়া যাক 'রাখহরি ফিল্ম কর্পোরেশন'। (কুশল, স্বর্ণেন্দু, কমলেশ একসঙ্গে হেসে ওঠে)

স্বর্ণেন্দু ঃ এটা কিন্তু একেবারে যা'তা হবে টনিদা। ভজহরি থেকে একদম রাখহরি! তোমার মাথায় আসেও বটে!

টনিদা ঃ ব্যাস্, আর কোনো সমস্যা রইল না তাহলে। আমি বিজ্ঞাপনের একটা খসড়া লিখে দিচ্ছি। তোরা প্রেসে দিয়ে আয়।
(একটা কাগজে খস্ খস্ করে কিছু লিখে ওদের দেয়)
কখন আসছিস তাহলে তোরা?

কমলেশ ঃ দেখি যত তাড়াতাড়ি সম্ভব হয়? সব মিটিয়ে ফিরতে বেলা তো হবেই একটু।

টনিদা ঃ ও হ্যাঁ, আর কিছু টাকা নিয়ে যা।
(পকেট থেকে কিছু টাকা বের করে দিতে যায়)

কুশল ঃ আরে তুমি রাখো তো টনিদা, আমরা দিয়ে দিচ্ছি এখন।

টনিদা ঃ আরে রাখ না।

কুশল ঃ ছাড়ো তো।

[কুশল, কমলেশ আর স্বর্ণেন্দু ডানদিকের দ্বিতীয় উইং দিয়ে বেরিয়ে যায়। আলো নিভে যায় সাময়িকভাবে।]

[আবার আলো জ্বললে দ্যাখা যায়, টনিদা টেবিলে বসে কিছু একটা লিখছে।]
[কুশল, কমলেশ আর স্বর্ণেন্দু ডানদিকের দ্বিতীয় উইং দিয়ে পুনঃপ্রবেশ]

স্বর্ণেন্দু ঃ (হাতে একতারা কাগজ টনিদাকে দেখিয়ে বলে) এই নাও, হয়ে গ্যালো। লোকের সাথে কথা হয়ে গ্যাছে। আজ বিকেল থেকেই দেয়ালে পোস্টার সেঁটে যাবে। আর অডিশনের ডেটটা, তোমার, পরশু করা আছে।

টনিদা ঃ আমিও স্ক্রিপ্টটায় একটু ফাইনাল টাচ্ দিচ্ছিলাম। বুঝলি? কয়েকটা জায়গা এত সুন্দর দাঁড়িয়েছে না, যে কী বলব!

[কমলেশকে একটা স্ক্রিপ্ট দেয়]

অগ্নীভ-র ওই ডায়ালগের জায়গাটা একটু পড় তো। একটু অভিনয় করেই বল দেখি।

কমলেশ ঃ (স্ক্রিপ্ট থেকে পড়ে) সাত্যকিবাবু, আপনার এ নাটক কি মঞ্চসফল হবে? দেখুন, আপনার লেখায় নতুনত্ব আছে মানছি, কিন্তু আপনার ভাষা যেন দর্শক আর অভিনেতার মাঝখানে একটা প্রাচীর হয়ে দাঁড়িয়ে আছে।

টনিদা ঃ (মুখের কথা কেড়ে নিয়ে স্ক্রিপ্ট থেকে পড়ে) আমি একজন শিল্পী আর আমার মূল দায়বদ্ধতা সত্যের কাছে, আমি জানি আমার মাথার পেছনে কোনো বৃত্তাকার বলয় নেই, কিন্তু হাতে কলম আছে, এই কলম যে ছুরির থেকে অনেক বেশি ধারালো, তাতে আমি বিশ্বাস করি, খুব গভীর ভাবেই করি। আমার ভয় করে চারপাশের এই শূন্যতা আর আদর্শহীনতাকে দেখে। মুখোশগুলো মানুষগুলোকে গিলে ফেলছে জানেন—রোজ রোজ দেখছি আর আমার মুখে থুথু জমছে। তবে এদের ঘৃণা ধাক্কা—এক ধাক্কার আখড়ায় মাঝখানে ফেলে দেওয়া। চেরা চাবুকের মতো ভাষা দিয়ে মুখোশগুলোকে ছিঁড়ে ফেলা। কিন্তু চাবুক দেখলেই এরা পালায়। আমিও তাই একটা মুখোশ পরেছি, আমার ভাষাটা একটা মুখোশ পরেছে। একটা দুর্গ যদি আপনার দিকে একটু একটু করে এগিয়ে আসে, তখন? কী করবেন আপনি? পালানোর সব রাস্তা বন্ধ! মাথা ঠুকবেন, বোবা ইঁটে মাথা রক্তাক্ত হলে দেখবেন ডিমের খোলার মতো মুখোশে ক্র্যাক ধরেছে। আমার ভাষা কেন দূরত্বে বিশ্বাসী বুঝলেন?—আরো নিশ্চিতভাবে কাছে আসার জন্য। নির্লজ্জ আলোয় সব সত্যকে টেনে বের করে আনতে চাই আমি। (প্রচণ্ড আবেগের সঙ্গে বলে হাঁপায়।)

কুশল ঃ অসাধারণ টনিদা! (আশ্চর্যরকমের সুন্দর কয়েকটা কথা! যেমন ধরো ওই চেরা চাবুক। দারুণ!

টনিদা ঃ দ্যাখা যাক, অনেক খেটেছি রে, বিস্তর খেটেছি এটাকে দাঁড় করাতে, আর একটা জায়গা শোন—

(স্ক্রিপ্ট থেকে পড়ে) আমার শরীরে এখনো রক্ত আছে কিন্তু কলমের কালি দ্রুত শুকিয়ে আসছে। একটার পর একটা দরজা আমার মুখের ওপর বন্ধ হচ্ছে

—আঃ কী সুন্দর অন্ধকার! একটা মাত্র রাস্তা, একটামাত্র স্ক্রিপ্ট, মাত্র, মাত্র একটা সাফল্য চাই। আর যদি না হয়, না না, ভাবতে পারছি না। ভাবতে চাইনা আমি। কিন্তু সত্যি যদি না হয় তখন? আমি কি পালাব? কোথা থেকে পালাব? কোথায় পালাব? এখান থেকে? কতদূর? এই পৃথিবী থেকে? না না, কিন্তু, কিন্তু যদি ওই দূরের দরজাটাও আস্তে আস্তে বন্ধ হয়ে আসে? তখন? তখন? কী? কী তখন? হ্যাঁ কী, কী?

স্বর্ণেন্দু ঃ এটা সফল হবেই টনিদা, আমি লিখে দিতে পারি। এটা যদি সফল না হয়, তবে আমি জানি না কিসে সার্থক শিল্প হয়।

টনিদা ঃ আশা নিয়েই আছিরে, সেই একটা গান আছে না—

'আশা নিয়ে ঘর করি, আশায় পকেট ভরি'

(সকলের হাসি)

কমলেশ ঃ নাহ্ টনিদা আমরা উঠি এবার। মেঘে মেঘে বেলা নেহাত মন্দ হল না। আজ দিনটা বেশ ভাল কাটল। আর তোমার স্ক্রিপ্টটা...গায়ে কাঁটা দিচ্ছে এখনো।

টনিদা ঃ বেশ, তোরা আয় আজ। আর পরশু আসিস কিন্তু। সেদিন আবার অডিশন, রেসপন্স আশা করি ভালই হবে।

কুশল ঃ এলাম টনিদা।

কমলেশ ঃ টনিদা আসছি।

স্বর্ণেন্দু ঃ পরশু দ্যাখ্যা হচ্ছে টনিদা।

[কুশল, কমলেশ, আর স্বর্ণেন্দু ডানদিকের দ্বিতীয় উইং দিয়ে বেরিয়ে যায়। স্টেজের আলো সাময়িকভাবে নেভে। আবার আলো জ্বললে দ্যাখা যায়, টনিদা স্টেজে ইতস্ততঃ পায়চারি করছে। স্পষ্টত উত্তেজিত।]

টনিদা ঃ অন্তত কুড়িজনও যদি আসে...খেল খতম। করতেই হবে। সিনেমাটা দাঁড় করাতেই হবে।

[কুশল, কমলেশ আর স্বর্ণেন্দু স্টেজে পেকে ডানদিকের দ্বিতীয় উইং দিয়ে]

কমলেশ ঃ চলে এসেছি টনিদা। আর বাইরেও দেখলাম অনেক লোকই চলে এসেছে। এখনো সময় হয়নি বলে বাইরে দাঁড়িয়ে আছে।

টনিদা ঃ আয়, আয়, বোস। টেবিলটা একটু ঘুরিয়ে দেতো। আর স্বর্ণেন্দু, তুই বাইরে থাক। একজন করে ঢোকাবি।

স্বর্ণেন্দু ঃ ঠিক আছে টনিদা।

[চারজন মিলে মাঝখানের টেবিলটাকে ঘুরিয়ে ডানদিকের উইংয়ের দিকে মুখ করিয়ে রাকে। তিনটে চেয়ার (বা টুল) এনে টেবিলের পেছনে রাখে। একটা চেয়ার টেবিলের উল্টোদিকে রাখে। স্বর্ণেন্দু ডানদিকের উইং দিয়ে বেরিয়ে যায়।]

স্বর্ণেন্দু ঃ (বাইরে থেকে) প্রথম জনকে পাঠালাম।

টনিদা ঃ হ্যাঁ, পাঠা।

[প্রথম অভিনয় আগ্রহী ভেতরে ঢোকে।]

টনিদা ঃ নমস্কার (চেয়ারটা দেখিয়ে) বসুন।

প্রথম অভিনয় আগ্রহী ঃ নমস্কার, আপনিই তাহলে অয়নাংশুবাবু! আমার নাম প্রীতম বসাক।

টনিদা ঃ হ্যাঁ, আপনি তাহলে আমাদের সিনেমায় বিনিয়োগ করতে চান? তা আপনি কত টাকা দেবেন?

প্রথম অভিনয় আগ্রহী ঃ দেখুন, আমার টাকার অভাব নেই। তা আপনি কত টাকা বিনিয়োগ করলে আমায় নায়কের পার্টটা দিতে পারবেন বলুন?

টনিদা ঃ আপনি আগে কখনো অভিনয় করেছেন কোথাও?

প্রথম অভিনয় আগ্রহী ঃ (একটু ভাবার সময় নেয়) ছোটবেলার ক্লাবে একবার, না, না, দু'বার করেছিলাম, মনে পড়ছে। একবার 'সেলফিস জায়েন্ট'-এ ফুলের ভূমিকায়; আর একবার গাছের ভূমিকায়। নাটকটার নামটা ঠিক মনে পড়ছে না।

[তিনজন পরস্পর মুখ চাওয়া-চাওয়ি করে]

টনিদা ঃ তা আপনি তো আগে কখনো অভিনয় করেননি, হঠাৎ করে একেবারে নায়ক?

প্রথম অভিনয় আগ্রহী ঃ (খানিক রেগে) দেখুন মশাই, অতশত বুঝি না, টাকা ঢালছি। কত চাই বলুন আপনার (মানিব্যাগ থেকে তাড়া তাড়া নোট বার করে), ক্যাশ দিয়ে দেব—দশ-পনেরো-কুড়ি; খালি নায়কের পার্টটা আমার চাইই।

টনিদা ঃ (কিছুক্ষণ ভেবে) ঠিক আছে, আপনি কুড়ি হাজার দিন। আপনিই নায়ক হবেন। আর এই কাগজে আপনার নাম ফোন নম্বর দিয়ে যান, যথাসময়ে যোগাযোগ করা হবে। আর আজ যদি অন্তত কিছু টাকা দ্যান...

প্রথম অভিনয় আগ্রহী ঃ কিছু ক্যানো? ক্যাশ করিয়েই এনেছি। পুরো কুড়ি হাজার। এই নিন। (এক তাড়া নোট ফ্যালে)

টনিদা ঃ ধন্যবাদ প্রীতমবাবু, অসংখ্য ধন্যবাদ। পরে আপনার সাথে যোগাযোগ করব।

প্রথম অভিনয় আগ্রহী ঃ বেশ, আজ তাহলে আসি।

[প্রথম অভিনয় আগ্রহী বেরিয়ে যায়]

টনিদা ঃ পরের জন।

[দ্বিতীয় অভিনয় আগ্রহীর প্রবেশ]

আসুন, বসুন, আপনার নাম?

দ্বিতীয় অভিনয় আগ্রহী ঃ (একটু ন্যাকামি করে) আমার নাম শ্যামল পাল। আমি কিন্তু আগে বহুবার অভিনয় করেছি। গোরু-ঘোড়া-গাধা-কুকুর সমস্ত রোল আমার ঘোরা হয়ে গ্যাছে খালি মানুষটা বাকি। আর আমি কিন্তু নায়ক ছাড়া অন্য কোনো রোল করব না।

টনিদা ঃ আপনি কত বিনিয়োগ করতে চান?

দ্বিতীয় অভিনয় আগ্রহী ঃ দশ হাজার অব্দি দিতে রাজি আমি। একটাই শর্ত, নায়কের পার্টটা আমার চাইই।

টনিদা ঃ দেখুন, নায়কের পার্টটা তো অলরেডি বুক্‌ড্‌। তা আপনি না হয় নায়কের ভাইয়ের পার্টটা করুন।

দ্বিতীয় অভিনয় আগ্রহী ঃ না, না, চলবে না। খেলব না এরকম করলে। চাই চাই চাই। আমার নায়কের পার্ট চাইই।

টনিদা ঃ আচ্ছা, ঠিক আছে ঠিক আছে। আপনি না হয় নায়কই করলেন। এবার খুশি তো?

দ্বিতীয় অভিনয় আগ্রহী ঃ (উঠে দাঁড়িয়ে টনিদার হাত ধরে) আপনি খুব বড় মানুষ। দেখবেন আপনার সিনেমা হাউসফুল হবেই। আর এই নিন, ধরুন আমার চেকটা।

টনিদা ঃ কিন্তু এটা তো একটা শর্ট ফিল্ম।

দ্বিতীয় অভিনয় আগ্রহী ঃ আহা, তাতে কী? হাউসফুল হবেই।

টনিদা ঃ তারপর।

[তৃতীয় অভিনয় আগ্রহীর প্রবেশ]

টনিদা ঃ নমস্কার। তা আপনিও কি মশাই নায়ক হবেন নাকি?

তৃতীয় অভিনয় আগ্রহী ঃ (অঙ্গভঙ্গি করে) আমাকে আবার জানেন তো, ভিলেনের পার্টটায় হেব্বি মানায়। ভিলেনদের একটা আলাদা ক্যারিশমা আছে না, ওটা আমার হেব্বি লাগে!

টনিদা ঃ বেশ তো। আপনিই ভিলেন হবেন। সমস্যা কোথায়?

তৃতীয় অভিনয় আগ্রহী ঃ নাহ, রোলটায় একটু মশলা ঢালবেন, বুঝলেন? দুটো নাচ, তিনটে ফাইটিং, দুটোতে হিরোকে পুরো পাতলা করে ছেড়ে দেব। তিন নম্বরটায় না হয় মার খাব। বুঝলেন?

টনিদা ঃ হ্যাঁ, অবশ্যই। আপনি যেমন বলছেন। তা আপনি কত টাকার শেয়ার কিনছেন?

তৃতীয় অভিনয় আগ্রহী ঃ দশ হাজারের। এই নিন চেক।

টনিদা ঃ ঠিক আছে। আপনার নাম ঠিকানা ফোন নম্বর লিখে এই ফর্মটা দিয়ে যান।

[তৃতীয় অভিনয় আগ্রহী তাই-ই করে, বেরিয়ে যায়]

টনিদা ঃ আর কেউ আছে নাকি?

স্বর্ণেন্দু ঃ এখনো দুজন।

টনিদা ঃ ওদের কাল আসতে বল।

স্বর্ণেন্দু ঃ ঠিক আছে টনিদা।

[স্বর্ণেন্দু এরপর স্টেজে এসে একটা চেয়ারে বসে, সবাই বিধ্বস্ত]

টনিদা ঃ আমায় একটু বিষ দিবি?

কুশল ঃ সত্যি কেউ খেয়াল করেনি পোস্টারে শর্টফিল্ম লেখা ছিল।

কমলেশ ঃ খালি টাকা, টাকা ঢালছি আর (ব্যঙ্গ করে) আমি নায়ক হব, মহানায়ক হব। যত্তসব।

স্বর্ণেন্দু ঃ তোমরা বাইরে তো দ্যাখোনি। নায়কের রোল করবে বলে দুজনের মধ্যে প্রায় হাতাহাতি হয়ে যাচ্ছিলো। কোনমতে থামালাম।

টনিদা ঃ প্রচণ্ড বিরক্ত আর ক্লান্তি লাগছে জানিস। এদের টাকা আছে, কিন্তু সিনেমা নিয়ে কোনো ধারণাই নেই। ভাবা যায়!..যাই হোক, কুড়ি হাজারের ক্যাশটা নিয়ে এই দোকানটায় যা (চিরকুট দেখায়) আর ক্যামেরার খোঁজ কর।

কমলেশ ঃ কিন্তু এবার কী করবে? দু'জন নায়ক, একজন খলনায়ক...সত্যি তুমি যদি এমন একটা সিনেমা বানাও না...(হাসি)

টনিদা ঃ (কিছুটা গম্ভীর) নারে, হাসি পাচ্ছে না জানিস। এই লোকগুলোকে দেখে হাসি পাচ্ছে না একদম।

[আলো নিভে যায়। একটা মৃদু আলো জ্বলে—দ্যাখা যায় টনিদা শুয়ে আছে। এমন সময় ডানদিক থেকে স্টেজে ঢোকে বিচারবুদ্ধি। এই অংশটা টনিদার মনের মধ্যে অভিনীত হচ্ছে।]

বিচার বুদ্ধিঃ (ব্যঙ্গসুরে) টনি, বাবা টনি, একটু ওঠো, তাহলে আমি নায়ক হচ্ছি তো? হ্যাঁ বাবা? আমিও তো? বলো বাবা, বলো....

টনিদা ঃ (ঘুমের ঘোরে) না, তোমরা কেউ নায়ক হবে না, কেউ না...

বিচারবুদ্ধি ঃ (গম্ভীরভাবে) আমিও তো তোমায় সেটাই বলতে চাই। আচ্ছা টনি, তুমি সত্যি এত নিচে নামতে পারলে? এতগুলো লোককে আশা দেখিয়ে তারপর তাদের ইচ্ছেগুলোকে ভেঙে দেবে? এই লোকগুলো তোমায় বিশ্বাস করেছিল, তার বিনিময়ে তুমি এদের স্বপ্নগুলো নিয়ে পারবে এভাবে ছিনিমিনি খেলতে?

টনিদা ঃ (উঠে বসে বিচারবুদ্ধির মুখোমুখি হয়) তাহলে আমি কি করতাম বলো? আমার কি ট্যালেন্ট নেই। আমি অযোগ্য? আমরা কোনো বাবা-কাকা নেই বলে কি আমার লেখা খারাপ? চিন্তা-ভাবনা দুর্বল? এই কথাগুলো তোমার থেকে ভাল আর কেউ জানে না।

বিচারবুদ্ধি ঃ কিন্তু এই মানুষগুলোর কী দোষ? এরা ভালমতোই জানে যে, অভিনয় করার কোনো ক্ষমতাই এদের নেই। তাই টাকা ঢালতেও এরা কোনো কার্পণ্য করেনি। কিন্তু তুমি, নিজের স্বার্থে এদের এমন করে ব্যবহার করার অধিকার তোমার কেউ দ্যায়নি।

টনিদা ঃ নাহ, আমার কাছে শিল্পের মূল্য এই মাথামোটা পকেটভারি লোকগুলোর থেকে অনেক বেশি। আমি জানি আমার শর্টফিল্মটা রেকগনিশন পাবেই, তখন এরা নিজেদের প্রোডিউসার বলে জাহির করবে।

বিচারবুদ্ধিঃ কিন্তু এরা কি তা চেয়েছিল? এরা চেয়েছিল অভিনয় করতে। প্রতিভা নেই, তাই টাকা দিয়েছে। তাই তুমি, যে কিনা একজন শিল্পী (টনির দিকে এগিয়ে এসে কলার চেপে ধরে), একজন আদর্শবান শিল্পী বলে নিজেকে, পারলে এমন নির্লজ্জের মতো এদের ধোঁকা দিতে?

টনিদা ঃ শিল্পের ওপরে কেউ নেই।

বিচারবুদ্ধিঃ তাই, (দর্শকদের দেখিয়ে) এরা না থাকলে তোমার শিল্প কি লোকে ভাতের সাথে মেখে খাবে? এদেরকে দ্যাখো—তাকাও এদের প্রত্যেকের চোখের দিকে। শোনো, এরা কী বলতে চায়।

[দর্শকাসনে থেকে একজন অভিনয় আগ্রহী ব্যক্তি উঠে দাঁড়ায়। বলে—]

প্রথম অভিনয় আগ্রহী ঃ কী হল টনিবাবু? আমার নায়কের পাট? আমি শিল্প বুঝি না, কিন্তু টাকাটা বুঝি। হয় আমার নায়কের পার্ট দিন, নয়তো ফেরত দিন আমার কুড়ি হাজার।

[তৃতীয় অভিনয় আগ্রহী উঠে দাঁড়ায়]

তৃতীয় অভিনয় আগ্রহী ঃ মশাই, আমি শর্টফিল্ম বুঝি না। কিন্তু শিল্পীদের জানতাম একটা আদর্শ থাকে। তাদের কথার দাম থাকে। আপনি আমায় কথা দিলেন ভিলেনের পার্টটা দেবেন, তারপর আর সিনেমাটা করলেন না। শিল্পীদের লোকে কেন গালাগাল দ্যায় জানেন? আপনাদের মতো লোকের জন্য। আপনাদের মাইরি, পুলিশে দেওয়া উচিত।

[টনিদা ছিটকে পেছিয়ে আসে। স্টেজের পেছনের দিকে সরতে থাকে আস্তে আস্তে। আলো জ্বলতে নিভতে থাকে। এর গতি দ্রুততর হয় এবং শেষমেশ সব আলো নিভে যায়।]

[আলো জ্বললে দ্যাখ্যা যায়, টনিদা গম্ভীর মুখে বসে আছে। কিন্তু ভাবছে। একরাতে যেন বুড়িয়ে গ্যাছে অনেকটা।]

[কুশল, কমলেশ, স্বর্ণেন্দু ডানদিকের দ্বিতীয় উইং দিয়ে ঢোকে।]

স্বর্ণেন্দু ঃ টনিদা, পাওয়া গ্যালো না।

টনিদা ঃ (প্রথমে শুনতে পায় না, হঠাৎ খেয়াল করে) কিছু বললি?

স্বর্ণেন্দু ঃ তোমায় অ্যাতো বিধ্বস্ত লাগছে ক্যানো বলতো?

টনিদা ঃ আমি লোকগুলোকে ব্যাপারটা খোলাখুলি জানিয়ে দেব বুঝলি।

কমলেশ ঃ কী বলছ কী? তোমার কি মনে হয়, ব্যাপারটা জানিয়ে দিলে ওরা শর্টফিল্ম করতে এক পয়সাও দেবে?

টনিদা ঃ না রে, অনেক ভেবে দেখলাম, এটা করা ঠিক হবে না। লোকগুলোর রক্ত জল করা টাকা নিয়ে, ওদের স্বপ্নগুলোকে নিয়ে এভাবে ছিনিমিনি খেলা ঠিক হবে না। এক আদর্শ ছাড়া আমার আর থাকার মতো কিছুই নেই। এমনটা করলে আমি সেটার সামনেও আর মাথা উঁচু করে দাঁড়াতে পারব না।

কুশল ঃ কিন্তু টনিদা, তুমি এভাবে আদর্শের দোহাই দিও না। শিল্পের প্রতি দায়বদ্ধতা থেকে তুমি এটুকু করতে পারবে না?

টনিদা ঃ শিল্প আর শিল্পীর আদর্শকে কি আলাদা করা যায় রে কুশল...যাগগে বাদ দে। ফোনগুলো করি। তোরা একটু ঘুরে আয় বাইরে থেকে। আমায় একটু একা থাকতে দে।

স্বর্ণেন্দু ঃ ওক্কে, টনিদা। আমরা আধঘণ্টা বাদে আসছি।

[কুশল, স্বর্ণেন্দু আর কমলেশ ডানদিকের দ্বিতীয় উইং দিয়ে বেরিয়ে যায়। টনিদা ফোন করে। ফোন করে যারা পার্টের জন্য টাকা দিয়েছে, তাদের আসতে অনুরোধ করে। তারা সবাই বলে যে দু-ঘণ্টার মধ্যে আসছে। কথা বলে টনিদা স্টেজের মধ্যে পায়চারী করছে বিভ্রান্ত অবস্থায়।]

টনিদা ঃ (স্বগতোক্তি) নাহ, ওরা আসুক। মিথ্যের ওপর দাঁড়িয়ে কোনো শিল্প হয় না। আমি কী চাই, সব সব বলবো। তারপর যদি ফিল্ম না হয়, তো না হবে।...কিন্তু, কিন্তু ওরা যদি টাকা ফেরত চায়? তখন, তখন কুড়ি হাজারটা ওহ, কুড়ি হাজার ক্যাশ, কোথায়? কোথা থেকে পাব আমি? ক্যামেরা নিয়ে আমার কী হবে এখন? নাহ্, পারছি না, আর নিতে পারছি না, কী করব? কী করব আমি?

[কুশল, স্বর্ণেন্দু, কমলেশ পুনরায় ডানদিকের দ্বিতীয় উইং দিয়ে ঢোকে।]

কমলেশ ঃ তোমায় একটা কথা বলার ছিল টনিদা...

টনিদা ঃ কিছু বলিস না আর। এবার মনে হচ্ছে আমি সত্যিই উন্মাদ হয়ে যাব। বোস, তোরা বোস। আমি একটু আসছি।

[টনিদা ভেতরে যায় বাঁদিকের দ্বিতীয় উইং দিয়ে]

স্বর্ণেন্দু ঃ আজ টনিদাকে বড্ড বিধ্বস্ত লাগছে না।

কমলেশ ঃ ক্যামন একটা অদ্ভুত ব্যবহার করছে না!

কুশল ঃ গতকাল অব্দি তো সিনেমা করার জন্য উৎসাহে ফুটছিল। আজ হঠাৎ কী হল—

[ওরা বসে। বই পড়ে চুপচাপ। বেশ কিছুক্ষণ হয়। তবুও টনিদা আসে না।]

কমলেশ ঃ এই টনিদা কোথায় গ্যালো রে?

স্বর্ণেন্দু ঃ হঠাৎ করে শরীর-টরীর খারাপ হল নাকি? অনেকক্ষণ, প্রায় একঘণ্টা হতে চলল। দাঁড়া ভেতরে গিয়ে দেখি।

[স্বর্ণেন্দু বাঁদিকের দ্বিতীয় উইং দিয়ে বেরিয়ে যায়। বাকি দু'জন আগের মতো বসে গল্পের বই পড়ে।]

[স্বর্ণেন্দু হঠাৎ ছুটতে ছুটতে আসে, বিভ্রান্ত—]

স্বর্ণেন্দু ঃ টনিদা কোথাও নেই।

কুশল ঃ মানে?

স্বর্ণেন্দু ঃ সারা বাড়ি খুঁজলাম। লোকটা পুরো উধাও।

কমলেশ ঃ এরকম হঠাৎ করে বসিয়ে রেখে টনিদা—

[ডানদিকের উইং থেকে আওয়াজ আসে। অভিনয় আগ্রহীরা এসে গ্যাছে। তারা বলে, 'অয়ানাংশুবাবু আমরা এসেছি, অয়নাংশুবাবু দরজা খুলুন।]

কুশল ঃ ওরা এসে গ্যাছে।

স্বর্ণেন্দু ঃ কী করবি এখন? টনিদা নেই, ওদের কী বলবি? ওরা আমাদের কথা শুনবে বলে মনে হয়।

কুশল ঃ কিচ্ছু করার নেই। চল পালাই।

স্বর্ণেন্দু ঃ পালাবি?

কুশল ঃ তাছাড়া আর কী? পেছনের দরজা দিয়ে কেটে পড়ি। চ—

স্বর্ণেন্দু ঃ টাকাটা?

কমলেশ ঃ ওহ্, ভুলেই গেছিলাম, দোকান তো আজ বন্ধ ছিল। ওটা নিয়ে কী করবি? লোকের টাকা। টনিদার দেরাজে রেখে দে তাড়াতাড়ি।

[ওরা পালিয়ে যায়। বাইরে গুঞ্জন বাড়তে থাকে। ওরা চিৎকার করে। শেষ অব্দি দরজা ভেঙে ঢুকে আসে।]

প্রথম অভিনয় আগ্রহী ঃ এরা কোথায়? কেউ নেই বলেই তো মনে হচ্ছে।

দ্বিতীয় অভিনয় আগ্রহী ঃ আমাদের ফোন করে ডেকে নিজেরাই হাওয়া।

তৃতীয় অভিনয় আগ্রহী ঃ তাহলে আমাদের টাকা?

[সবাই একসঙ্গে, যেন একই সঙ্গে মনে পড়েছে, 'টাকা' বলে ওঠে।]

[ওরা টাকা খোঁজে, ঘর তছনছ করতে থাকে। পেছনে একটা নাটকীয় আবহসঙ্গীত বাজে। আওয়াজটা ক্রমশ বাড়তে থাকে। শোনা যায়, টনিদার গলায় স্ক্রিপ্টে লেখা ডায়ালগ! "আমার শরীরে এখনো রক্ত আছে, কিন্তু কলমের কালি দ্রুত শুকিয়ে আসছে। একটার পর একটা দরজা আমার মুখের ওপর বন্ধ হচ্ছে—আঃ কী অন্ধকার! একটা মাত্র রাস্তা, একটা মাত্র স্ক্রিপ্ট, মাত্র মাত্র একটা সাফল্য চাই। আর যদি তা না হয়, না না, ভাবতে পারছি না, আমি, ভাবতে চাই না। কিন্তু সত্যি যদি না হয়, তখন? আমি কি পালাতে পারব? কোথা থেকে পালাব? কোথায় পালাব? এখান থেকে? কতদূর? এই পৃথিবী থেকে? না, না, কিন্তু কিন্তু যদি এই দূরের দরজাটাও বন্ধ হয়ে আসে আস্তে আস্তে ? তখন, কী তখন কী? হ্যাঁ, কী কী?" পর্দা নামতে থাকে ধীরে ধীরে।]

[সবাই স্টেজ থেকে বেরিয়ে যায়। টনিদা টলতে টলতে ঢোকে। পেছনে dialogue চলতে থাকে। 'আমার শরীরে এখনো রক্ত আছে...]

ভ্রমণকাহিনি

সবুজ পাহাড় ডাকে

অর্ণব সাধুখাঁ
সহকারী অধ্যাপক, বাংলা বিভাগ, রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির

তারিখটা ২রা জানুয়ারি, ২০১৩। আমরা, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের শিক্ষা-বিভাগের ছাত্র-ছাত্রী-শিক্ষক-শিক্ষিকা-শিক্ষাকর্মিরা ছুটে চলেছি কাঞ্চনকন্যা এক্সপ্রেসে করে ডুয়ার্সের পথে।

পরদিন পৌঁছালাম হাসিমারা স্টেশনে। দুপুরের খাওয়া সারা। সন্ধ্যা হয় হয়। আমরা চললাম বল্লালগুড়ি গ্রাম পঞ্চায়েতের টোটোপাড়ায়। উদ্দেশ্য টো-টো করে ঘুরে বেড়ানো নয়; 'টোটো'-দের সম্পর্কে জানা। টোটোরা ভারতবর্ষের সংখ্যালঘু আদিবাসী সম্প্রদায়; সবমিলিয়ে প্রায় শ'তিনেক মানুষ। কথা হল অশোক টোটো-র সঙ্গে। তাঁর কাছ থেকে আমরা পেলাম নানান তথ্য—আদিবাসী সংস্কৃতির নানান মূল্যবান উপাদান। 'আয়ু' (মা) 'আপা' (বাবা) নিয়ে তাঁদের যৌথ পরিবার। মণ্ডল, কাইজি, দাংকোবি তাঁদের সমাজের হর্তা-কর্তা-বিধাতা। প্রকৃতির এই মানুষরা প্রকৃতির বন্দনায় উৎসাহী। তাঁরা পুজো করেন পাহাড়-নদী-ঝরনা—এসব। এই পুজোর মধ্যে নিহিত আছে প্রকৃতির সঙ্গে তাঁদের একাত্মতার কথা। ভাদ্র থেকে 'দেমসা'-য় (মন্দির) শুরু হয় অংচুপূজা। বাৎসরিক অংচুপূজা আসলে সমগ্র টোটোজাতির পুনর্মিলন উৎসব। উৎসবে তাঁরা মেতে উঠবেন 'মরুয়া'-র নেশায়। এই উৎসবে প্রত্যেকের যোগদান বাধ্যতামূলক; নতুবা মিলবে শাস্তি; জরিমানা দিতে হবে। সংখ্যালঘু টোটো উপজাতির মধ্যে অনেক উপ সম্প্রদায় আছে—১৩টি গোত্র তাঁদের। 'পাতাং' (বল্লম) তাঁদের রক্ষাস্ত্র।

আধুনিক সভ্যতা থেকে টোটোরা পিছিয়ে নেই। তাঁরা ভারতের মূল জনস্রোতে মিশে যেতে চান। তাই তাঁরাও পৌঁছে গিয়েছেন উচ্চ শিক্ষার অঙ্গনে। ইতোমধ্যে তাঁদের সমাজের ৬ জন পুরুষ এবং ১ জন নারী স্নাতক হয়েছেন।

টোটোদের পারস্পরিক ভাব বিনিময়ের নিজস্ব ভাষা আছে। সে ভাষার নাম 'টোটো ভাষা।' কিন্তু মনে রাখতে হবে তাঁদের নিজস্ব ভাষা থাকলেও নিজস্ব লিপি নেই। তাঁরা কাজ চালান বাংলা লিপির সাহায্যে।

এরপর আমরা ঘুরলাম 'Jaldapara Wild Life Sanctuary' তে। প্রকৃতির বুকে উড়ন্ত ময়ূর, গণ্ডার (একশৃঙ্গ) দেখবার সৌভাগ্য হল। কোচবিহার জেলার এই অভয়ারণ্যটি ২১৬.৫১ বর্গকিলোমিটার জায়গা জুড়ে বিস্তৃত।

আমরা দেখলাম পশুদের 'কয়েদখানা'—South Khairbari Nature Park.'

জলপাইগুড়ি জেলার 'Garumara National Park' দেখা হল 'মেদলা ওয়াচ টাওয়ার' থেকে। এখানে আমরা পেলাম 'আদিবাসী নাচনী আঁখড়া'-র নৃত্যের ছন্দোময় হিল্লোল।

দার্জিলিং জেলার 'বিন্দু'তে দেখা হল 'West Bengal State Electricity Distribution Company Limited'-এর 'Bindu Barage/Jaldhaka Hydel Project.' আমাদের কাছে উন্মোচিত হল জলবিদ্যুতের রহস্য।

লাভায় গিয়ে আমরা পৌঁছলাম কুয়াশা আর সবুজে ঘেরা 'Kagyu Thekchenling Institute' মনেস্ট্রিতে।

ঋষভ যাওয়ার পথে আমরা ঢুঁ মারলাম Wild Life Division II এর অন্তর্গত 'Neora Valley National Park'-এর Nature Interpretation Centre'-এ। এই Valley কে একসময় বলা হতো 'পাখিদের স্বর্গরাজ্য।' কিন্তু এখন কোথায় পাখি? তারা সব এখন ছবির পটে এবং মডেল হিসেবে বিরাজমান।

ঋষভ পৌঁছলাম পাহাড় ট্রেকিং করে। সবুজ আর কুয়াশা। যেন মেঘ রাজ্যে প্রবেশ করেছি। অন্ধকার নেমে এসেছে। নক্ষত্রখচিত পথে হেঁটে চলার অভিজ্ঞতা সত্যিই অসাধারণ।

কালিম্পং যাওয়ার পথে ঘুরলাম 'Deolo Tourism Complex'—উঁচু পাহাড়ের চূড়ায় রং বেরঙের নাম-না-জানা পাহাড়ি ফুলে সাজানো বাগান।

'Pineview Nursery' তে না গেলে আমরা জানতেই পারতাম না প্রকৃতি 'ক্যাকটাস'-কে কত রঙে কত রূপে সাজিয়ে দিয়েছেন। ১৯৭১ সাল থেকে বিভিন্ন প্রজাতির ক্যাকটাস এখানে পরম মমতায় লালিত হচ্ছে।

এরপর আবার আমাদের যাদবপুর বিশ্ববিদ্যালয়ে প্রত্যাবর্তন। এই শিক্ষামূলক ভ্রমণে আমরা শিখেছি নানান প্রতিকূলতা কেমন করে অতিক্রম করে লক্ষ্যের দিকে এগিয়ে যেতে হয়; কেমন করে পথ চলতে হয় হাতে হাত ধরে। আর এভাবেই সমৃদ্ধ হয়ে উঠেছে আমাদের জীবন অভিজ্ঞতার ঝুলি।

"আপনার ভাল কেবল পরের ভালয় হয়, আপনার মুক্তি ও ভক্তি পরের মুক্তি ও ভক্তিতে হয়—তাইতে লেগে যাও, উন্মাদ হয়ে যাও। ঠাকুর যেমন তোমাদের ভালবাসতেন, আমি যেমন তোমাদের ভালবাসি, তোমরা তেমনি জগতকে ভালবাস দেখি।"

—স্বামী বিবেকানন্দ

শ্রীক্ষেত্র ভ্রমণ

নীলাদ্রি শেখর চক্রবর্ত্তী
শিক্ষাকর্মী, রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির

